

এক ঘণ্টা এগিয়ে গেলো ঘড়ির কাটা

মার্চে বাড়ছে সূর্যালোক

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রে ২০২৬ সালের ডেলাইট সেভিং টাইম রবিবার থেকে কার্যকর হয়েছে। প্রতি বছরের ৭-এর পৃষ্ঠায় দেখুন

ডিএইচ সংস্কারে অনড় ডেমোক্র্যাটরা: সতর্কতা রিপাবলিকানদের

বাংলা পত্রিকা ডেস্ক রিপোর্ট: ইরানে যুক্তরাষ্ট্রের হামলার এক সপ্তাহ পরও যুক্তরাষ্ট্রের হোমল্যান্ড সিকিউরিটি বিভাগ- ডিএইচএস পুনরায় চালু করতে সংস্কারের বিষয়ে অনড় অবস্থানে রয়েছে ডেমোক্র্যাটরা। তারা বলছে, অভিবাসন সংক্রান্ত সংস্থাগুলোর ওপর কঠোর নিয়ম ও সংস্কার না আনা পর্যন্ত তারা ডিএইচএস এর জন্য নতুন অর্থ বরাদ্দে রাজি নয়। অন্যদিকে রিপাবলিকানরা সতর্ক করছে, ইরান সংকটের সময় ডিএইচএস বন্ধ থাকলে তা জাতীয় নিরাপত্তার জন্য বড় ঝুঁকি তৈরি করতে পারে। ৬-এর পৃষ্ঠায় দেখুন

পথচলায় ৩০ বছর

The Weekly Bangla Patrika

বাংলা পত্রিকা

■ Vol. 30 ‖ Issue 24 / March 09, 2026, USA. Free in NY, Other State $1

বর্ষ ৩০ ‖ সংখ্যা ২৪ ‖ সোমবার, মার্চ ০৯, ২০২৬, ফাগুন ২৪, ১৪৩২ ‖ রমজান ১৯, ১৪৪৭

মধ্যপ্রাচ্যের আকাশপথে স্থবিরতা ২৩ হাজার ফ্লাইট বাতিল

আন্তর্জাতিক বিমান চলাচলে অচলাবস্থা



- ইরান সংঘাতের জেরে দুবাই-দোহা-আবুধাবিসহ প্রধান ট্রানজিট হাব অচল
- ধীরে ধীরে সীমিত ফ্লাইট চালু করছে গালফের কয়েকটি বড় এয়ারলাইন্স

বাংলা পত্রিকা রিপোর্ট: মধ্যপ্রাচ্যে ইরানকে ঘিরে সামরিক উত্তেজনার জেরে আন্তর্জাতিক বিমান চলাচলে তৈরি হয়েছে বড় ধরনের অচলাবস্থা। ২০২৬ সালের ২৮ ফেব্রুয়ারি থেকে ৮ মার্চ পর্যন্ত মাত্র নয় দিনে বিশ্বজুড়ে ২৩ হাজারের বেশি ফ্লাইট বাতিল হয়েছে বলে বিমান চলাচল সংস্থার তথ্য জানিয়েছে। মধ্যপ্রাচ্যের আকাশপথ ইউরোপ, এশিয়া ও আফ্রিকার মধ্যে অন্যতম গুরুত্বপূর্ণ বিমান করিডর হওয়ায় এই অঞ্চলের আকাশসীমা বন্ধ হয়ে পড়তেই বিশ্বব্যাপী বিমান চলাচলে ব্যাপক প্রভাব পড়ে। এতে লাখ লাখ যাত্রী আটকা পড়েছেন বিভিন্ন আন্তর্জাতিক বিমানবন্দরে, অনেক ফ্লাইটকে বিকল্প পথে ঘুরিয়ে নিতে হয়েছে এবং আন্তর্জাতিক ভ্রমণ ব্যবস্থায় দেখা দিয়েছে স্থবিরতা ও বিশাল অনিশ্চয়তা। রয়টার্স ও এপি নিউজের তথ্যমতে, ইরান ৮-এর পৃষ্ঠায় দেখুন

মধ্যপ্রাচ্য সংঘাত বন্ধে অনিশ্চয়তা

বাড়ছে প্রাণহানী ● মোজতবা খামেনি ইরানের সর্বোচ্চ নেতা

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ সামরিক অভিযানের কারণে ইরান যুদ্ধ ক্রমশ বিস্তৃত আঞ্চলিক সংঘাতে পরিণত হয়েছে। মাত্র এক সপ্তাহের মধ্যে ইরান, লেবানন ও ইসরায়েলসহ পুরো অঞ্চলে ব্যাপক প্রাণহানি এবং ধ্বংসযজ্ঞের খবর পাওয়া গেছে। এই যুদ্ধে মধ্যপ্রাচ্য অস্থির হয়ে উঠেছে। আন্তর্জাতিক গণমাধ্যমের তথ্য অনুযায়ী, ইরানে এপর্যন্ত এক হাজার তিনশো পারের বেশি মানুষ নিহত হয়েছেন। লেবাননে প্রায় চারশো জনের মৃত্যু হয়েছে, ইসরায়েলে অন্তত দশ থেকে বারোজন এবং ইউএস সামরিক বাহিনীর অন্তত ছয় সদস্য নিহত হয়েছেন।

যুদ্ধের বিস্তৃতি উপসাগরীয় দেশগুলোকে নিয়েও ছড়িয়েছে। কুয়েত, বাহরাইন, সৌদি আরব এবং সংযুক্ত আরব আমিরাতে ড্রোন ও ক্ষেপণাস্ত্র ৭-এর পৃষ্ঠায় দেখুন

বাজেট ঘাটতি মেটাতে

নিউইয়র্ক সিটির সর্বত্র মিটার পার্কিং করার পরিকল্পনা

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক সিটির বাজেট ঘাটতি মেটাতে এবার সর্বত্র ফ্রি পার্কিং বন্ধ করে পেইড বা মিটার পার্কিং করার পরিকল্পনা করছে মেয়র মামদানীর প্রশাসন। কিন্তু সিটির ডেপুটি মেয়র বৃহস্পতিবার আয় বৃদ্ধিতে এমন পরিকল্পনা তুলে ধরলে বিষয়টি অনেকটা স্পষ্ট হয়। তবে এখনো এ বিষয়টি নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি।



সিটির প্রায় ৩ মিলিয়ন স্ট্রিট পার্কিং স্পটের মধ্যে অর্ধেকেরও বেশি স্পটে ফ্রি বা বিনামূল্যে পার্কিং করা যায়। যদিও এটি কার্যকর হলে সিটির আয় বাড়বে বলে যুক্তি দিচ্ছেন। তবে সিটির সাধারণ বাসিন্দাদের মধ্যে এ নিয়ে উৎকণ্ঠা ও তীব্র প্রতিক্রিয়া প্রকাশ করছেন। অনেকের মতে এরকম সিদ্ধান্ত কার্যকর হলে যাদের গাড়ি ৯-এর পৃষ্ঠায় দেখুন

ট্রাম্পের ওপরে দায় চাপানোতেই বরখাস্ত হলেন নোয়েম!



বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রে অভিবাসন বিরোধী অভিযানে একাধিক বিতর্কে এমনকি দুই আমেরিকান নাগরিক অভিবাসন কর্মকর্তাদের হাতে নিহত হওয়ার পরও সংকটময় মুহূর্তে দায়িত্বে বহাল তবিয়তে টিকে ছিলেন ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটির (ডিএইচএস) সেক্রেটারী ক্রিস্টি নোয়েম। সমালোচনা আর বিতর্কের মাঝেই প্রেসিডেন্ট ট্রাম্পও তাঁকে রেখেছিলেন ৭-এর পৃষ্ঠায় দেখুন

নিউইয়র্ক সিটি মেয়রের বাসভবন

গ্রেসি ম্যানশনের সামনে বিক্ষোভ থেকে ছুঁড়া হলো বিস্ফোরক ডিভাইস



বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক সিটির মেয়রের সরকারি বাসভবন গ্রেসি ম্যানশনের সামনে ইসলামবিরোধী বিক্ষোভ ঘিরে পাল্টাপাল্টি উত্তেজনার মধ্যে ছুঁড়া ডিভাইসটি ছিলো ইম্প্রোভাইজড এক্সপ্লোসিভ ডিভাইস (আইইডি)। নিউইয়র্ক পুলিশ জানিয়েছে, ডিভাইসটি বিস্ফোরিত হলে ব্যাপক ক্ষয়ক্ষতি সহ প্রাণহানির ঘটনা ঘটতে পারত। এ ঘটনায় অভিযুক্ত দুইজনকে ফেডারেল হেফাজাতে নেয়া হয়েছে। তারা পেনসিলভানিয়ার বাসিন্দা। তদন্তকারীদের কাছে তারা স্বীকার করেছে যে তারা আইএসআইএসের ভিডিও দেখে উৎসাহিত হয়েছিলো। পুলিশ বলছে, পরিস্থিতি দ্রুত নিয়ন্ত্রণে আনার ফলে বড় ধরনের দুর্ঘটনা ৬-এর পৃষ্ঠায় দেখুন

কানাডায় অর্থ আত্মসাতের অভিযোগ ৩ বাংলাদেশির বিরুদ্ধে



বাংলা পত্রিকা ডেস্ক রিপোর্ট: কানাডার টরেন্টোতে একটি ব্যবসায়িক প্রতিষ্ঠানে ভুয়া ইনভয়েসের মাধ্যমে ৩৬০ হাজার কানাডিয়ান ডলার আত্মসাতের অভিযোগ ওঠেছে তিন বাংলাদেশি বংশোদ্ভুতের বিরুদ্ধে । টরেন্টোর ইয়র্ক রিজিওনাল পুলিশ বৃহস্পতিবার এক বিবৃতির মাধ্যমে বিষয়টি নিশ্চিত করে জানায়, ভুয়া ইনভয়েস ও শেল কোম্পানি ব্যবহার করে টরেন্টোর মারকাম এ অবস্থিত একটি ব্যবসা প্রতিষ্ঠান ৭-এর পৃষ্ঠায় দেখুন

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge Offs ▪ Inquiries ▪ Collections
▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
▸ প্রাইভেট অকশনের বাড়ি
▸ পাবলিক অকশনের বাড়ি
▸ ব্যাংক মালিকানা বাড়ি
▸ শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828



MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

মার্কিন-ইসরায়েল ও ইরান যুদ্ধ

তেহরানে 'আগুনের নদী'



বাংলা পত্রিকা ডেস্ক: ইরানের বিরুদ্ধে মার্কিন-ইসরায়েলের হামলা নতুন ধাপে প্রবেশ করেছে। যুদ্ধের শুরু থেকে ইরানের বিভিন্ন সামরিক স্থাপনায় হামলা চালানোর পর প্রথমবারের মতো দেশটির জ্বালানিসম্পদকে লক্ষ্য করে হামলা চালাচ্ছে ইসরায়েল, যার মধ্যে তেহরানের জ্বালানি মজুদ কেন্দ্রও রয়েছে। স্থানীয় সময় গত শনিবার সন্ধ্যায় তেহরানে জ্বালানি স্থাপনায় হামলার প্রায় ১০ ঘণ্টা পর গতকাল রবিবার সকালে শহরটির রাস্তায় পাশে 'আগুনের নদী' বয়ে যেতে দেখা গেছে। জ্বালানি তেলের গুদামে ইসরায়েলি হামলার পর ঘন কালো মেঘে ছেয়ে গেছে রাজধানী তেহরানের আকাশ, ঝরছে অদ্ভুত 'কালো বৃষ্টি'।

পরিবেশ সুরক্ষা সংস্থার তরফ থেকে নাগরিকদের খোলা জায়গায় যাওয়া থেকে বিরত থাকার এবং যতটা সম্ভব বাড়িতে অবস্থান করার অনুরোধ জানানো হয়েছে। ইরানের রেড ক্রিসেন্ট এই আগুনের কারণে এসিড বৃষ্টি হওয়ার আশঙ্কা নিয়ে সতর্ক করেছে।

এদিকে সৌদি আরবে একটি আবাসিক ভবনে ক্ষেপণাস্ত্র হামলায় এক বাংলাদেশিসহ দুজন নিহত হয়েছে। আহত হয়েছে অন্তত ১২ জন।

সৌদি আরবের আল-খার্জ গভর্নরেটের একটি কম্পাউন্ডের ওই ভবনে এ হামলার ঘটনা ঘটে। দেশটির সিভিল ডিফেন্স এজেন্সি সামাজিক যোগাযোগ মাধ্যম এক্সে এক পোস্টে এ তথ্য জানিয়েছে। তবে নিহত ও আহতদের নাম-পরিচয় এখনো প্রকাশ করা হয়নি। গত ২৮ ফেব্রুয়ারি ইরানে মার্কিন-ইসরায়েলি হামলা শুরুর পর ইরান মধ্যপ্রাচ্যে মার্কিন ঘাঁটি থাকা দেশগুলোতে পাল্টা হামলা চালিয়ে যাচ্ছে।

এরই মধ্যে সংযুক্ত আরব আমিরাত ও বাহরাইনে দুই বাংলাদেশি নিহত হয়েছেন।

ইসরায়েলে দুই দফায় ক্ষেপণাস্ত্র হামলা ইরানের: ইসরায়েলে গতকাল দুই দফায় ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে ইরান। ক্ষেপণাস্ত্র আঘাত হানার পর তেল আবিবের একটি স্থানে ধোঁয়া উঠতে দেখা যায়। এর আগে ইসরায়েলি সেনাবাহিনী ইরানের ছোড়া নতুন দফায় ক্ষেপণাস্ত্র হামলার বিষয়ে সতর্ক করেছিল। ইসরায়েলের বিভিন্ন শহরে সাইরেনও বাজানো হচ্ছিল।

এর মধ্যেই তেল আবিবে বিস্ফোরণের শব্দ শোনা যায়। এর আগে ইরানের বিপ্লবী গার্ড (আইআরজিসি) ঘোষণা দিয়েছিল, তারা বেয়ারশেবা ও তেল আবিব জর্দানের একটি বিমানঘাঁটিতে ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে।

ইসরায়েলের জরুরি চিকিৎসাসেবা সংস্থা পৃথক এক বার্তায় জানিয়েছে, ইসরায়েলের দিকে 'গুলিবর্ষণের' পর ছিটকে আসা ধাতব টুকরার আঘাতে আহত তিনজনকে তারা চিকিৎসা দিচ্ছে। তবে দেশের কোন এলাকায় এই ঘটনা ঘটেছে তা তারা উল্লেখ করেনি। এ ছাড়া ইরানের সঙ্গে সংঘাত শুরুর পর থেকে ইসরায়েলে প্রায় দুই হাজার মানুষ হাসপাতালে ভর্তি হয়েছে বলে জানিয়েছে দেশটির স্বাস্থ্য মন্ত্রণালয়।

যুদ্ধ বিপজ্জনক পর্যায়ে–ইরান: এদিকে ইরানের জ্বালানি স্থাপনাগুলোতে চালানো হামলা চলমান যুদ্ধকে এক 'বিপজ্জনক পর্যায়ে' ঠেলে দিয়েছে বলে সতর্ক করেছে তেহরান। দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই এই হামলার তীব্র নিন্দা জানিয়ে এটিকে সাধারণ নাগরিকদের বিরুদ্ধে পরিকল্পিত 'রাসায়নিক যুদ্ধ' হিসেবে আখ্যা দিয়েছেন।

ইরানের নতুন সর্বোচ্চ নেতা নির্বাচিত: অন্যদিকে ইরানের নতুন সর্বোচ্চ নেতা নির্বাচন করা হয়েছে বলে দেশটির গণমাধ্যম জানিয়েছে। ইরানের

- ইরানের তেলের ডিপোতে হামলা
- যুদ্ধ 'বিপজ্জনক পর্যায়ে' : ইরান
- ইরানের নতুন সর্বোচ্চ নেতা নির্বাচিত
- তেল উত্তোলন কমানোর ঘোষণা কুয়েতের
- সৌদিতে বাংলাদেশি নিহত

অ্যাসেম্বলি অব এক্সপার্টের সদস্য আহমাদ আলামোলহোদা জানিয়েছেন, নির্বাচন সম্পন্ন হয়েছে এবং নতুন সর্বোচ্চ নেতা নির্বাচিত হয়েছেন। তবে তিনি নাম প্রকাশ করেননি। নতুন নেতা প্রায় চার দশক ধরে ক্ষমতায় থাকা আয়াতুল্লাহ আলী খামেনির স্থলাভিষিক্ত হবেন। চলমান যুদ্ধের প্রথম দিনেই খামেনি নিহত হন। তবে এ খবর সামনে আসার পর পরই ইসরায়েল গতকাল আবার খামেনির প্রত্যেক উত্তরসূরিকে লক্ষ্যবস্তু করার অঙ্গীকার পুর্নব্যক্ত করেছে।

চমক অপেক্ষা করছে– নেতানিয়াহু: ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু গতকাল এক ভিডিও বার্তায় বলেছেন, "ইসরায়েল ও যুক্তরাষ্ট্র ইরানের আকাশসীমার 'প্রায় পূর্ণ নিয়ন্ত্রণ' নিয়েছে এবং আরো অনেক লক্ষ্যবস্তু আমাদের নজরে আছে। নতুন চমক অপেক্ষা করছে।"

উপসাগরীয় দেশগুলোতে হামলা অব্যাহত: কুয়েত, সৌদি আরব, বাহরাইন, সংযুক্ত আরব আমিরাত ও কাতার গতকাল নতুন হামলার কথা জানিয়েছে। এ অঞ্চলে অবস্থিত মার্কিন ঘাঁটিগুলোতে হামলার জন্য ইরানের প্রেসিডেন্ট মাসউদ পেজেশকিয়ান প্রতিবেশী দেশগুলোর কাছে ক্ষমা চাওয়া সত্ত্বেও সেখানে হামলা চলছে। আক্রান্ত না হলে ইরান তার প্রতিবেশীদের ওপর আর কোনো হামলা চালাবে না বলে আশ্বাস দিয়েছিলেন পেজেশকিয়ান। হামলা চালানোর জন্য এসব দেশের কাছে ক্ষমাও চেয়েছিলেন তিনি।

লেবাননে দুই ইসরায়েলি সেনা নিহত : ১২-এর পৃষ্ঠায় দেখুন

কঠোর হামলার হুমকি, অনড় ইরান

আল-জাজিরা : ইরানে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলা গতকাল শনিবার দ্বিতীয় সপ্তাহে গড়িয়েছে। এদিন দেশটির ওপর আরও কঠোর ও বিস্তৃত পরিসরে হামলা চালানোর হুমকি দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি ইরানের আরও নেতাকে লক্ষ্যবস্তু করা ও দেশটির বিভিন্ন স্থাপনা পুরোপুরি গুঁড়িয়ে দেওয়ার ঘোষণা দিয়েছেন।

তবে ইরান কোনোভাবেই আত্মসমর্পণ করবে না বলে আবারও জানিয়েছেন দেশটির প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। গতকালও ইসরায়েলে বিভিন্ন স্থাপনায় হামলা চালিয়েছে ইরান। তবে মধ্যপ্রাচ্যে প্রতিবেশী বিভিন্ন দেশে হামলার ঘটনায় তিনি দুঃখ প্রকাশ করেছেন। তিনি এ-ও বলেছেন, মধ্যপ্রাচ্যের এসব দেশ থেকে ইরান আক্রান্ত না হলে পাল্টা হামলা চালাবে না তেহরান।

যুদ্ধের অষ্টম দিনে গতকাল ইরানে হামলা আরও তীব্র করেছে যুক্তরাষ্ট্র ও ইসরায়েল। তেহরানের মেহরাবাদ বিমানবন্দর ও ইসলামি রেভোল্যুশনারি গার্ড কোরের (আইআরজিসি) সামরিক বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন স্থাপনা লক্ষ্য করে দিনের শুরুতেই ব্যাপক হামলা চালানোর কথা জানায় ইসরায়েলি বাহিনী।

মার্কিন-ইসরায়েলি হামলার জবাবে ইরানের সামরিক বাহিনীও ইসরায়েল এবং মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে যুক্তরাষ্ট্রের বিভিন্ন স্থাপনা লক্ষ্য করে ক্ষেপণাস্ত্র ও ড্রোন ছুড়েছে। এসব হামলায় হাইপারসনিক (শব্দের গতির চেয়ে পাঁচ গুণ বেশি গতিসম্পন্ন) ক্ষেপণাস্ত্রও ব্যবহার করা হয়েছে। সৌদি আরবের প্রিন্স সুলতান বিমানঘাঁটি, সংযুক্ত আরব আমিরাতের আল-দাফরা বিমানঘাঁটি ও কুয়েতের আলী আল-সালেম বিমানঘাঁটি লক্ষ্য করে হামলা হয়েছে। ড্রোন হামলার ঘটনা ঘটেছে দুবাই বিমানবন্দরে।

ইরানের হামলায় মানামায় একাধিক ভবন ক্ষতিগ্রস্ত হয়েছে বলে বাহরাইনের স্বরাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে। এ ছাড়া হরমুজ প্রণালিতে মাল্টা ও মার্শাল আইল্যান্ডের পতাকাবাহী দুটি তেলের জাহাজে আঘাত হানার দাবি করেছে আইআরজিসি।

চলমান যুদ্ধ মধ্যপ্রাচ্যের ১২টি দেশে ছড়িয়ে পড়েছে। ইরান ছাড়া এসব দেশে ২৯ জন নিহত হয়েছেন। এর মধ্যে গতকাল সংযুক্ত আমিরাতের দুবাইয়ে আল-বারশা এলাকায় ভূপাতিত ক্ষেপণাস্ত্র ও ড্রোনের ধ্বংসাবশেষ পড়ে একজন গাড়িচালক নিহত হন। ইরানে নিহতের সংখ্যার হালনাগাদ তথ্য গতকাল জানানো হয়নি। শুক্রবারের তথ্য অনুযায়ী, দেশটিতে ১ হাজার ৩৩২ জন নিহত হয়েছেন।



যুক্তরাষ্ট্র-ইসরায়েলের হামলায় প্রাণ হারিয়েছে দুই বছরের শিশু জয়নাব সাহেবি। হয়তো পুতুলটি খুব পছন্দের ছিল জয়নাবের। চিরবিদায়ের সময় তার কফিনে রাখা হয়েছে পুতুলটি। গতকাল তেহরানেছবি: রয়টার্স

কঠোর আঘাত হানার হুমকি

প্রেসিডেন্ট ট্রাম্প গতকাল ট্রুথ সোশ্যালে বিবৃতিতে ইরানকে 'খুবই কঠোরভাবে আঘাত' হানার হুমকি দেন। তিনি বলেন, ইরানের নেতিবাচক আচরণের কারণে কিছু স্থাপনা সম্পূর্ণ ধ্বংস ও নেতৃস্থানীয়ও আরও কিছু ব্যক্তিকে হত্যা করা হতে পারে। এসব স্থাপনা ও ব্যক্তিকে আগে নিশানা করার সিদ্ধান্ত ছিল না। এ সময় ট্রাম্প দাবি করেন, ইরান মধ্যপ্রাচ্যে তার প্রতিবেশী দেশগুলোর কাছে ক্ষমা চেয়েছে ও 'নতি স্বীকার' করেছে। পাশাপাশি দেশটি তাদের ওপর আর হামলা না চালানোর প্রতিশ্রুতি দিয়েছে। তাঁর ভাষ্য, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের বিরামহীন হামলার কারণেই এমন প্রতিশ্রুতি এসেছে। এর আগে গত শুক্রবার ট্রাম্প বলেছিলেন, 'নিঃশর্ত আত্মসমর্পণ ছাড়া' ইরানের সঙ্গে কোনো আলোচনা নয়।

তবে কারও কাছে আত্মসমর্পণের সম্ভাবনা নাকচ করে দিয়েছেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। গতকাল রাষ্ট্রীয় সংবাদমাধ্যমে প্রচারিত এক ভিডিও বক্তব্যে তিনি বলেন, ইরান বর্তমানে যুক্তরাষ্ট্র ও জায়নবাদী শাসকগোষ্ঠীর উসকানিমূলক ও আগ্রাসী যুদ্ধের মুখোমুখি। নিঃশর্ত আত্মসমর্পণের যেকোনো ধারণা দিবাস্বপ্ন মাত্র। এমন স্বপ্ন ইরানের শত্রুদের মাথা থেকে ঝেড়ে ফেলা উচিত।

বক্তব্যে মধ্যপ্রাচ্যের দেশগুলো থেকে ইরানে হামলা না হলে পাল্টা হামলা না চালানোর কথা জানিয়েছেন পেজেশকিয়ান। অন্তর্বর্তী নেতৃত্ব পর্যদের সাম্প্রতিক এক বৈঠকে নেওয়া সিদ্ধান্তের কথা উল্লেখ করে তিনি বলেন, প্রতিবেশী দেশগুলো থেকে শত্রুরা ইরানে হামলা না চালালে এসব দেশে হামলা বা ক্ষেপণাস্ত্র নিক্ষেপ না করতে ইরানের সশস্ত্র বাহিনীকে নির্দেশ দেওয়া হয়েছে। এ সময় ইরানের হামলার শিকার প্রতিবেশী দেশগুলোর কাছে দুঃখ প্রকাশ করেন পেজেশকিয়ান।

প্রেসিডেন্টের বক্তব্যের পর আইআরজিসির খতম আল-আম্বিয়া সদর দপ্তরের এক বিবৃতিতে বলা হয়, প্রতিবেশী দেশগুলোর স্বার্থ ও সার্বভৌমত্বকে সম্মান জানায় তাদের বাহিনী। এসব দেশে ওপর হামলার কোনো ইচ্ছা নেই। তবে অতীতের মতো এসব দেশ থেকে শত্রুতাপূর্ণ কর্মকাণ্ড অব্যাহত থাকলে এ ১২-এর পৃষ্ঠায় দেখুন

ভারতে যেভাবে গ্রেপ্তার হলেন হাদি হত্যার প্রধান আসামি ফয়সাল

বাংলা পত্রিকা ডেস্ক: রোববার (৮ মার্চ) পশ্চিমবঙ্গ পুলিশের স্পেশাল টাস্ক ফোর্স (এসটিএফ) এক সংবাদ বিবৃতিতে এ তথ্য জানিয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, শনিবার রাতে পশ্চিমবঙ্গের উত্তর চব্বিশ পরগনা জেলার বনগাঁ থেকে তাদের গ্রেপ্তার করা হয়।

এতে বলা হয়েছে, গোপন সূত্রে এসটিএফ খবর পায়- বাংলাদেশে চাঁদাবাজি ও খুনসহ একাধিক গুরুতর অপরাধ সংঘটনের পর দুইজন বাংলাদেশি নাগরিক দেশ থেকে পালিয়ে অবৈধভাবে ভারতে প্রবেশ করেছে। বর্তমানে বনগাঁ সীমান্ত এলাকায় আশ্রয় নেওয়ার চেষ্টা করছে। তারা সুযোগ পেলে পুনরায় বাংলাদেশে ফিরে যেতে পারে বলেও তথ্য পায় পুলিশ।

এ তথ্যের ভিত্তিতে অভিযান চালিয়ে ৭ মার্চ রাত ও ৮ মার্চ ভোরের মধ্যবর্তী সময়ে বনগাঁ এলাকা থেকে তাদের আটক করা হয়। তারা হলেন- রাহুল ওরফে ফয়সাল করিম মাসুদ (৩৭), যিনি বাংলাদেশের পটুয়াখালীর বাসিন্দা এবং ঢাকার বাসিন্দা আলমগীর হোসেন (৩৪)।

প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা গেছে, ফয়সাল করিম মাসুদ এবং আলমগীর হোসেন বাংলাদেশে রাজনৈতিক কর্মী ওসমান হাদি হত্যাকাণ্ডে জড়িত ছিলেন। হত্যাকাণ্ডের পর তারা পালিয়ে যান এবং মেঘালয় সীমান্ত দিয়ে অবৈধভাবে ভারতে প্রবেশ করেন।

পরে ভারতের বিভিন্ন স্থান ঘুরে পশ্চিমবঙ্গের বনগাঁ এলাকায় আসেন এবং সেখান থেকে আবার বাংলাদেশে ফিরে যাওয়ার পরিকল্পনা করছিলেন।

এ ঘটনায় মামলা করা হয়েছে। আটক দুজনকে সংশ্লিষ্ট আদালতে হাজির করার পর পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে। আদালত আটক দুই আসামির ১৪ দিনের রিমান্ড মঞ্জুর করেছেন বলে জানা গেছে।

এর আগে জানা যায়, ইনকিলাব মঞ্চের আহ্বায়ক শরিফ ওসমান বিন হাদিকে চলন্ত রিকশায় গুলি করে পালিয়ে যাওয়া দু'জন ময়মনসিংহ সীমান্ত দিয়ে ভারতে পালিয়ে গেছেন।



অবশেষে গ্রেপ্তার হয়েছেন ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান বিন হাদি হত্যার মূল আসামি শুটার ফয়সাল করিম মাসুদ। এ সময় তার সহযোগী আলমগীর হোসেনকেও গ্রেপ্তার করা হয়েছে। ভারতের পশ্চিমবঙ্গে তারা গ্রেপ্তার হয়েছে

বাংলাদেশে জ্বালানি তেলে রেশনিং

গাড়িতে তেল বিক্রির সীমা বেঁধে দিল সরকার

বাংলা পত্রিকা ডেস্ক: দেশের জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে জ্বালানি তেলে বড় ধরনের রেশনিংয়ের সিদ্ধান্ত নিয়েছে সরকার। এখন থেকে মোটরসাইকেল থেকে শুরু করে ট্রাক পর্যন্ত সব ধরনের যানবাহনকে সীমিত পরিমাণে জ্বালানি তেল দেওয়া হবে। শুক্রবার দুপুরে সরকার এ সিদ্ধান্ত কার্যকর করেছে। সেই সিদ্ধান্ত অনুযায়ী, দেশের সব পেট্রোল পাম্পকে গত বছরের (২০২৫) তেল বিক্রির হিসাব থেকে ২০ শতাংশ কম তেল দেবে বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন-বিপিসি। তবে সরকার আপাতত তেলের দাম বাড়াবে না বলে এক প্রেস বিজ্ঞপ্তিতে জানিয়েছে। সরকারের সিদ্ধান্ত অনুযায়ী, প্রতিটি মোটরসাইকেল একদিনে সর্বোচ্চ ২ লিটার অকটেন বা পেট্রোল, কার ১০ লিটার পেট্রোল বা অকটেন, এসইউভি, জিপ মাইক্রোবাস প্রতিদিন ২০ থেকে ২৫ লিটার পেট্রোল বা অকটেন, পিকআপ ও লোকাল বাস ৭০ থেকে ৮০ লিটার ডিজেল, দূরপাল্লার বাস, ট্রাক, কাভার্ডভ্যান, কনটেইনার লরি ২০০ থেকে ২২০ লিটার ডিজেল নিতে পারবে।



এদিকে জ্বালানি তেলের জন্য রাজধানী ঢাকাসহ প্রায় সব পাম্পে গাড়ির দীর্ঘলাইন দেখা গেছে। সবার মধ্যে একটাই আতঙ্ক তেল পাওয়া যাবে তো! তবে জ্বালানিমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ ও প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত রাজধানীর বিভিন্ন পাম্প পরিদর্শন করে ভোক্তাদের অভয় দিয়ে বলেছেন, সবাই অল্প অল্প করে তেল নিন। তাতে করে তেলের কোনো সমস্যা হবে না। সবাই গাড়ির ট্যাঙ্কি ভর্তি করে তেল নিলে তেলের সমস্যা হতে পারে। কারণ মধ্যপ্রাচ্য যুদ্ধের কারণে আন্তর্জাতিক বাজারে আগের মতো তেল পাওয়া যাচ্ছে না। জানা গেছে, তেলের জন্য পাম্পগুলোতে ভিড়ের কারণে অনেক পাম্প তেল বিক্রি বন্ধ করে দিতে বাধ্য হয়েছে। রাজধানীর বাইরে চট্টগ্রাম, রাজশাহী, বরিশাল, ফরিদপুর, যশোরসহ বিভিন্ন স্থানে তেলের জন্য গাড়ির লাইন দেখা গেছে। চাহিদামতো তেল কিনতে না পেরে ক্ষোভ প্রকাশ করেছেন চালকরা।

গত শনিবার ইরানে যুক্তরাষ্ট্র ও ইসরাইলের হামলার পর থেকে বাংলাদেশে তেল নিয়ে আতঙ্ক শুরু হয়েছে। গত ২ থেকে ৪ মার্চ পেট্রোল পাম্পগুলো তেল বিতরণে সরকারি কোম্পানি পদ্মা, মেঘনা ও যমুনার ডিপোগুলো থেকে দ্বিগুণের বেশি তেল ক্রয় করেছে। একপর্যায়ে ডিজেলের মজুত ৯ দিনের নিচে নেমে গেছে।


সর্বশেষ হিসাব অনুযায়ী, এখন দেশে ডিজেল আছে ১ লাখ ৩০ হাজার ৯৪০ টনের মতো। এ অবস্থায় শুক্র ও শনিবার ডিপোগুলো থেকে তেল বিক্রি বন্ধ রয়েছে। এর মধ্যে শুক্রবার সারা দেশের পাম্পগুলোতেও তেল কিনতে গাড়ির চালকদের অস্বাভাবিক ভিড় সরকারকে চিন্তিত করেছে। এরপর জ্বালানি তেল বিক্রিতে বড় ধরনের রেশনিং করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। তেল কেনার সময় অবশ্যই ক্রয় রসিদ পাম্প থেকে সংগ্রহ করতে হবে। কারণ ওই রসিদ দেখিয়ে পরে আবার তেল কিনতে হবে ভোক্তাদের। ডিলাররা সরকারি নির্দেশনা অনুযায়ী তেল বিক্রি করবে। এছাড়া প্রতিটি ডিলার বা পাম্পের ২০২৫ সালের মার্চ, এপ্রিল ও মে মাসের তেল বিক্রির গড় হিসাব করবে বিপিসি। সেই গড় হিসাবের ২০ শতাংশ কম তেল দেওয়া হবে ডিলার বা পাম্পগুলোকে। শুক্রবার বিকাল থেকে এ সিদ্ধান্ত কার্যকর হয়েছে।

এদিকে বিপিসির এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, জ্বালানি তেলের ৯৫ শতাংশ বিদেশ থেকে আমদানি করে সরবরাহ করা হয়। বৈশ্বিক পরিস্থিতির কারণে তেল আমদানি মাঝেমধ্যে বাধাগ্রস্ত বা বিলম্বিত হয়। চলমান বৈশ্বিক পরিস্থিতিতে জ্বালানি তেলের মজুত নিয়ে নেতিবাচক সংবাদ প্রকাশ হওয়ায় ভোক্তাদের অতিরিক্ত তেল নেওয়ার প্রবণতা দেখা দিয়েছে। অনেক ডিলার বা পাম্প মালিক চাহিদার চেয়ে অতিরিক্ত তেল সংগ্রহের চেষ্টা করছেন। তাছাড়া কিছু কিছু ডিলার ও পাম্পে প্রয়োজনের তুলনায় অতিরিক্ত জ্বালানি সংগ্রহ করে অননুমোদিতভাবে মজুত করার অভিযোগ পাওয়া যাচ্ছে। সরকার তেল সরবরাহ স্বাভাবিক রাখতে তেলের পার্সেল নিয়মিতভাবে আনা হচ্ছে। পাশাপাশি ডিলার বা পাম্পগুলোতে তেল দিতে সব উদ্যোগ নেওয়া হয়েছে। আশা করা যাচ্ছে সরকার শিগগির তেলের বাফার স্টক বা পর্যাপ্ত মজুত গড়ে তুলবে। প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, মাসের প্রথমে সরকার তেলের দাম নির্ধারণ করেছে। এখন আর নতুন করে তেলের দাম বাড়ানোর কোনো সিদ্ধান্ত নেই। সরকার এ ব্যাপারে সবার সহযোগিতা কামনা করেছে।

এদিকে সকাল থেকে সব পাম্পে সব ধরনের গাড়ির দীর্ঘ লাইন দেখা গেছে। অনেকে কয়েক লিটার তেলের জন্য ঘণ্টার পর ঘণ্টা বসে ছিলেন। অনেক এলাকায় বাগবিতণ্ডা ও হইচই হয়েছে। পরিস্থিতি সামাল দিতে না পেরে ৮-এর পৃষ্ঠায় দেখুন

ইরানের শাহেদ বনাম যুক্তরাষ্ট্রের লুকাস

যুদ্ধে কোনটির প্রভাব বেশি



বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্র-ইসরায়েল জোটের সঙ্গে ইরানের সংঘাত আধুনিক যুদ্ধের নতুন একটি দিক সামনে নিয়ে এসেছে। তা হচ্ছে, কোটি কোটি ডলারের যুদ্ধবিমানের চেয়ে সস্তায় বানানো ড্রোন যুদ্ধের মাঠে হয়তো বেশি কার্যকর।

এক সপ্তাহ আগে শুরু হওয়া এই যুদ্ধে এখন প্রায় একই ধরনের দুটি অস্ত্র আলোচনার কেন্দ্রবিন্দুতে। সেগুলো হলো ইরানের ড্রোন শাহেদ-১৩৬ এবং যুক্তরাষ্ট্রের লুকাস (লো কস্ট আনক্রুড কমব্যাট অ্যাটাক সিস্টেম)। ইউএস সমরাস্ত্রের ভান্ডারে নতুন সংযোজন এই লুকাস।

ফোর্বস সাময়িকীর প্রতিবেদন অনুযায়ী, লুকাস সরাসরি ইরানের ড্রোনের নকশার অনুকরণ করে বানানো হয়েছে। ইরানের মতো এখন যুক্তরাষ্ট্রও এই ড্রোন বিপুল সংখ্যায় তৈরি করছে। তেহরানের জন্য হতাশার বিষয় হলো, তাদের উদ্ভাবন করা একটি অস্ত্র এখন তাদেরই বিরুদ্ধে ব্যবহার করা হচ্ছে।

আসল খেলা সংখ্যায়

এমন নয় যে অত্যাধুনিক প্রযুক্তিতে তৈরি বলে শাহেদ-১৩৬ ড্রোন যুদ্ধের হিসাব বদলে দিচ্ছে; বরং এটি খুবই সস্তায় এবং কম সময়ে বিপুল সংখ্যায় তৈরি করা যায়।

একটি শাহেদ ১৩৬ ড্রোন তৈরি করতে ইরানের খরচ হয় ১০ থেকে ৫০ হাজার ইউএস ডলার।

খবর অনুযায়ী, রাশিয়াও প্রতিবছর তাদের নিজস্ব সংস্করণের লাখো ড্রোন তৈরির পরিকল্পনা করছে।

ত্রিভুজাকৃতির নকশার কারণে এর কাঠামোর আকার অপেক্ষাকৃত ছোট, এতে এর সংযোজনের প্রক্রিয়া সহজ ও সস্তা হয়ে গেছে।

প্রায় ১০ লাখ ডলার মূল্যের একেকটি ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করার পরিবর্তে ইরান এখন একযোগে শত শত ড্রোন উৎক্ষেপণ করতে পারে, যা প্রতিপক্ষের প্রতিরক্ষাব্যবস্থাকে দারুণভাবে ক্ষতিগ্রস্ত করতে সক্ষম।

প্রথম ছয় দিনে শাহেদ যা দেখাল

গত ২৮ ফেব্রুয়ারি যুদ্ধ শুরুর পর থেকেই ইরান উপসাগরীয় দেশগুলোয় হামলা চালাতে শত শত ড্রোন উড়িয়েছে।

শাহেদ-১৩৬ ড্রোনের মূল শক্তি হলো একসঙ্গে অনেকগুলো উৎক্ষেপণ করা যায়, ২ হাজার কিলোমিটার পর্যন্ত উড়ে গিয়ে আঘাত হানতে পারে, কম উচ্চতা দিয়ে উড়ে যায় বলে রাডার এড়াতে পারে, সর্বোপরি সস্তা।

তবে শাহেদ-১৩৬ ড্রোনের কিছু দুর্বলতাও রয়েছে। যেমন এটার গতি কম, ঘণ্টায় ১৮৫ কিলোমিটার। ইঞ্জিনে শব্দ হওয়ার কারণে সেগুলো সহজে শনাক্ত হয়ে যায়, প্রতিপক্ষের আকাশ প্রতিরক্ষাব্যবস্থায় ধ্বংস হওয়ার হার অনেক বেশি।

লুকাসে জবাব যুক্তরাষ্ট্রের

যুক্তরাষ্ট্রের সংবাদমাধ্যমের খবর অনুযায়ী, একটি লুকাস তৈরি করতে যুক্তরাষ্ট্রের প্রায় ৩৫ হাজার ডলার খরচ হয়। এর নকশা এমনভাবে করা হয়েছে যে এগুলো বড় আকারে একযোগে আক্রমণ করতে পারে।

নেটওয়ার্কের মাধ্যমে পরস্পরের সঙ্গে সংযুক্ত ড্রোনগুলো ওড়ার সময় একে অন্যের সঙ্গে ৮-এর পৃষ্ঠায় দেখুন


তথ্য গোপন করে তদন্ত প্রতিবেদন

বাংলা পত্রিকা ডেস্ক: দীর্ঘ ১৭ বছর প্রবাস জীবন শেষ করে মাতৃভূমিতে ফিরেছেন বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। ২০২৫ সালের ২৫ ডিসেম্বর বিমান বাংলাদেশ এয়ারলাইনসের একটি ফ্লাইটে (বিজি-২০২, বোয়িং ৭৮৭-৯) তিনি লন্ডন থেকে সিলেট হয়ে ঢাকায় অবতরণ করেন। এই ফ্লাইটের উড়োজাহাজটি লন্ডনে উড্ডয়নের প্রস্তুতির আগ মুহূর্তে জটিল যান্ত্রিক ত্রুটি ধরা পড়ে। বিমানের প্রকৌশলীরা নিশ্চিত হয়েছেন, ইঞ্জিন চালু হওয়ার পরপরই বাম পাশের জেনারেটর বিকল হয়ে পড়ে। নানা চেষ্টা করেও তা চালু করা যায়নি। পরে মেরামত শেষে উড়োজাহাজটি উড্ডয়ন করে।বাংলাদেশ সংবাদ

এ ঘটনায় বিমান কর্তৃপক্ষ তদন্ত কমিটি গঠন করে। কিন্তু তদন্ত প্রতিবেদনে তারেক রহমানের নাম বা ফ্লাইটের উদ্দেশ্য উল্লেখ না করে শুধু 'ভিভিআইপি ফ্লাইট' বলা হয়েছে। বিমানের একাধিক সূত্র জানিয়েছে, প্রতিবেদনে আরও কিছু গুরুত্বপূর্ণ তথ্য গোপন করা হয়েছে।

বিমান সংশ্লিষ্ট সূত্রগুলো জানিয়েছে, তদন্ত কমিটি দীর্ঘ অনুসন্ধান শেষে চলতি বছরের ২৫ ফেব্রুয়ারি বিমানের ব্যবস্থাপনা পরিচালকের কাছে ১৭ পৃষ্ঠার প্রতিবেদন জমা দেয়। এতে গুরুতর পদ্ধতিগত ত্রুটি, দায়িত্বে অবহেলা এবং প্রায় ২৬ কোটি টাকার আর্থিক ক্ষতির কথা উল্লেখ করা হয়েছে। দুই প্রকৌশলীর দায়িত্ব অবহেলার অভিযোগ উঠলেও উচ্চপদস্থ কয়েকজন কর্মকর্তার ভূমিকা চেপে যাওয়া হয়েছে। এমনকি অভিযুক্তদের রক্ষা করতে একটি প্রভাবশালী মহল তৎপর হয়েছে বলে অভিযোগ।

বিমানের একজন ঊর্ধ্বতন কর্মকর্তা বলেন, 'ত্রুটিপূর্ণ



অবস্থায় ফ্লাইটটি তারেক রহমানকে বহন করতে গেলে বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারত। উড়োজাহাজটি আকাশে থাকা অবস্থায় বিস্ফোরণ বা অন্যান্য মারাত্মক ঝুঁকি তৈরি হতে পারত। আল্লাহর রহমতে আগেই ত্রুটি ধরা পড়ায় বিপদ এড়ানো গেছে। এ ঘটনার পেছনে শুধু প্রকৌশলীদের দায়িত্ব অবহেলা নয়, বিমানের আরও কয়েকজন কর্মকর্তার ব্যর্থতা রয়েছে কিন্তু তাদের নাম প্রতিবেদনে আসেনি। বিষয়টি আরও গভীর তদন্তের দাবি রাখে।'

তিনি আরও বলেন, 'গত ৯ ও ১৭ ডিসেম্বর উড়োজাহাজের রক্ষণাবেক্ষণে একাধিক অনিয়ম হয়েছে। নথি অনুযায়ী, ১০ ডিসেম্বরের রক্ষণাবেক্ষণ কাজ মাত্র দুই থেকে আড়াই ঘণ্টায় শেষ করা হয়েছেযা বোয়িং ৭৮৭-৯ বিমানের জন্য অস্বাভাবিকভাবে কম সময়। ত্রুটি নির্ণয়, কার্যকারিতা পরীক্ষা এবং জনবলের বিস্তারিত লগ ও রেকর্ড উপস্থাপন করতে না পারা গুরুতর প্রশাসনিক ও কারিগরি অনিয়ম।'

প্রতিবেদনে তারেক রহমানের ফ্লাইটের কথা উল্লেখ না করে শুধু 'ভিভিআইপি ফ্লাইট' বলা হয়েছে। অভিযুক্তদের নাম বাদ দিয়ে প্রতিবেদন জমা দেওয়ার জন্য চাপ প্রয়োগ করা হয়েছে এবং এ চেষ্টা এখনো অব্যাহত রয়েছে।

তদন্তে দেখা গেছে, ১৫ দিনের ব্যবধানে একই যান্ত্রিক ত্রুটি তিনবার দেখা দিলেও তা 'পুনরাবৃত্তিমূলক ত্রুটি' হিসেবে চিহ্নিত করা হয়নি। বিমানের সিস্টেমে শেষ ২৭টি ফ্লাইটের তথ্য সংরক্ষণের কথা থাকলেও তদন্তকালে পর্যাপ্ত ডেটা পাওয়া যায়নি যা গুরুত্বপূর্ণ তথ্য গায়েব বা সংরক্ষণে অবহেলার ইঙ্গিত দেয়।

গত ২১ ডিসেম্বর লন্ডন থেকে সিলেটগামী বিজি-২০২ ফ্লাইটে আকাশে থাকা অবস্থায় আবার ভিএফএসজি (ভেরিয়েবল ফ্রিকোয়েন্সি স্টার্টার জেনারেটর) বিকল হয়। তদন্তে উঠে এসেছে, ধারাবাহিক ত্রুটির পর প্রকৌশল বিভাগ তিন দফায় তিনটি ভিএফএসজি প্রতিস্থাপন করে যাতে ২৩ কোটি টাকা ব্যয় হয়। কিন্তু পরে দেখা যায়, সমস্যার মূল কারণ জেনারেটর নয়; বরং জ্বালানি তেলের কুলার (ফুয়েল কুলার) ত্রুটিযুক্ত হওয়ায় এ সমস্যা সৃষ্টি হয়েছে। মূল কারণ নির্ণয় না করেই বারবার জেনারেটর বদলানো হয়েছে।

তদন্ত কমিটির মতে, এ ধরনের ত্রুটির কারণে উড্ডয়নকালে অগ্নিকাণ্ড বা গিয়ারবক্সের অপূরণীয় ক্ষতির আশঙ্কা ছিল। প্রকৌশল বিভাগের ভুল সিদ্ধান্তের কারণে ঝুঁকিপূর্ণ বিমানকে ভিভিআইপি ফ্লাইটে ব্যবহার করা হয়েছে যা দেশের সর্বোচ্চ পর্যায়ের ব্যক্তিদের নিরাপত্তাকে চরম ঝুঁকির মুখে ফেলেছে।

প্রতিবেদনে বলা হয়, ওই বছরের ডিসেম্বরে উড়োজাহাজের বাম ইঞ্জিনের জেনারেটর যন্ত্র পরপর তিনবার সংযোগ বিচ্ছিন্ন ও প্রতিস্থাপন করা হয়। নিয়ম অনুযায়ী এত অল্প সময়ে একই যন্ত্রে একাধিক ত্রুটি দেখা দিলে 'পুনরাবৃত্তিমূলক ত্রুটি' ঘোষণা করে বিশেষ পর্যবেক্ষণ ও বিশ্লেষণের আওতায় আনার বাধ্যবাধকতা থাকলেও সংশ্লিষ্ট দপ্তর তা করেনি। পুরো ঘটনায় প্রায় ২৬ কোটি টাকার আর্থিক ক্ষতি হয়েছে। গত বছরের ১৪ ডিসেম্বর উড়োজাহাজটি উড্ডয়নের সময় একই ত্রুটি ধরা পড়ে। অবতরণের পর জেনারেটর বিচ্ছিন্ন রাখা হয়। ১৭ ডিসেম্বর দ্বিতীয়বার নতুন জেনারেটর বসানো হয়। কিন্তু প্রতিস্থাপনের পর 'লো অয়েল প্রেসার' সতর্কবার্তা দেখা দিলেও কোনো কার্যকর ব্যবস্থা নেওয়া হয়নি। এ সতর্কবার্তা উপেক্ষা করে বিমানকে যাত্রী পরিবহনের ছাড়পত্র দেওয়া প্রযুক্তিগতভাবে ঝুঁকিপূর্ণ সিদ্ধান্ত।

২১ ডিসেম্বর আরেক ফ্লাইটে একই সমস্যা দেখা দেয়। পরে বিস্তারিত পরীক্ষায় জ্বালানি ও তেল তাপবিনিময় যন্ত্রে ত্রুটি শনাক্ত হয়। সেটি প্রতিস্থাপনের পাশাপাশি জেনারেটর তৃতীয়বার বদলানো হয়। এত ৯-এর পৃষ্ঠায় দেখুন

The Weekly Bangla Patrika
Editor: **Abu Taher**
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

ইরান যুদ্ধে ক্ষেপণাস্ত্রের দামামায় বিপন্ন মানুষের প্রাণ

বিশ্বজুড়ে অশান্তি নিরসনে সমঝোতার প্রচেষ্টার বিকল্প নেই

মধ্যপ্রাচ্যে আবারও যুদ্ধের অশনি সংকেত। সামরিক শক্তির প্রদর্শন, ক্ষেপণাস্ত্র নিক্ষেপ এবং পাল্টাপাল্টি হামলার মধ্যে দিয়ে ইরানকে ঘিরে যে সংঘাত ক্রমশ বিস্তৃত হচ্ছে, তা শুধু একটি অঞ্চলের সংকট নয়–এটি ধীরে ধীরে বৈশ্বিক উদ্বেগে রূপ নিচ্ছে। আধুনিক মরণাস্ত্রের ভয়ংকর ক্ষমতা আর সামরিক প্রতিযোগিতার মধ্যে সবচেয়ে বড় মূল্য দিচ্ছে সাধারণ মানুষ।

সাম্প্রতিক হামলা ও পাল্টা হামলার ঘটনায় বহু মানুষের প্রাণহানি ঘটেছে। কয়েকশ মানুষের মৃত্যু ও বিপুলসংখ্যক মানুষের আহত হওয়ার খবর আন্তর্জাতিক গণমাধ্যমে উঠে এসেছে। ধ্বংস হয়েছে ঘরবাড়ি, অবকাঠামো এবং মানুষের স্বাভাবিক জীবনযাত্রা। যুদ্ধের অভিঘাতে শিশু, নারী ও বৃদ্ধরাই সবচেয়ে বেশি বিপন্ন হয়ে পড়ছেন। নিরাপত্তাহীনতা, খাদ্য সংকট এবং চিকিৎসা সেবার ঘাটতি পরিস্থিতিকে আরও জটিল করে তুলছে।

ইরানকে কেন্দ্র করে যে সামরিক উত্তেজনা তৈরি হয়েছে, তার প্রভাব মধ্যপ্রাচ্যের সীমানা পেরিয়ে বিশ্ব রাজনীতি ও অর্থনীতিতেও ছড়িয়ে পড়ছে। আন্তর্জাতিক জ্বালানি বাজারে অস্থিরতা দেখা দিয়েছে। তেলের দাম বৃদ্ধি এবং বাণিজ্যিক অনিশ্চয়তা বিশ্ব অর্থনীতিতে নতুন চাপ সৃষ্টি করছে। একই সঙ্গে আকাশপথে বিমান চলাচল ব্যাহত হচ্ছে, বহু আন্তর্জাতিক ফ্লাইট বাতিল বা বিকল্প পথে পরিচালিত হচ্ছে। এর ফলে বিশ্বব্যাপী ভ্রমণ ও বাণিজ্যেও নেতিবাচক প্রভাব পড়ছে।

বিশ্লেষকদের মতে, এই সংঘাত দীর্ঘায়িত হলে তা বৃহত্তর আঞ্চলিক যুদ্ধে রূপ নেওয়ার ঝুঁকি রয়েছে। মধ্যপ্রাচ্যের বিভিন্ন শক্তি এবং বৈশ্বিক প্রভাবশালী দেশগুলো যদি সরাসরি এই সংঘাতে জড়িয়ে পড়ে, তাহলে পরিস্থিতি আরও ভয়াবহ হয়ে উঠতে পারে। তখন এর মানবিক ও অর্থনৈতিক মূল্য বহুগুণে বৃদ্ধি পাবে।

ইতিহাস বারবার দেখিয়েছে, যুদ্ধ কখনোই স্থায়ী সমাধান এনে দেয় না। বরং ধ্বংস, অনিশ্চয়তা ও মানবিক বিপর্যয়ই এর চূড়ান্ত পরিণতি। তাই বর্তমান সংকট মোকাবিলায় কূটনৈতিক সংলাপ, আন্তর্জাতিক মধ্যস্থতা এবং পারস্পরিক সমঝোতার পথই হতে পারে একমাত্র কার্যকর উপায়।

বিশ্ব সম্প্রদায়ের দায়িত্ব এখন আরও বড়। জাতিসংঘসহ আন্তর্জাতিক সংস্থাগুলোর সক্রিয় ভূমিকা প্রয়োজন, যাতে সংঘাত দ্রুত নিয়ন্ত্রণে আনা যায় এবং আলোচনার টেবিলে সমাধানের পথ খুঁজে পাওয়া যায়। একই সঙ্গে সংশ্লিষ্ট সব পক্ষকে সংযম প্রদর্শন করতে হবে এবং মানবিক দৃষ্টিকোণকে অগ্রাধিকার দিতে হবে।

মানবসভ্যতার এই যুগে যখন উন্নয়ন, প্রযুক্তি ও সহযোগিতার নতুন সম্ভাবনা তৈরি হয়েছে, তখন যুদ্ধের আগুনে পৃথিবীকে ঠেলে দেওয়া কোনোভাবেই গ্রহণযোগ্য হতে পারে না। মরণাস্ত্রের গর্জনের বদলে শান্তির বার্তা ছড়িয়ে পড়ুক–এই প্রত্যাশাই আজ বিশ্ববাসীর। কারণ শেষ পর্যন্ত যুদ্ধের নয়, শান্তির জয়ই মানবতার প্রকৃত বিজয়।



মধ্যপ্রাচ্য যুদ্ধে দেশে বড় সংকটের শঙ্কা

অরুণ কর্মকার



এই সংকটকালে দেশের প্রতিটি নাগরিকের বিদ্যুৎ ও জ্বালানি ব্যবহারে সাশ্রয়ী ও মিতব্যয়ী হওয়া অবশ্যকর্তব্য। ছবি: এএফপি

ইরানে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ হামলার আজ অষ্টম দিনে গড়িয়েছে। থেমে নেই ইরানও। আক্রান্ত হওয়ার পরপরই তারও ইসরায়েলসহ মধ্যপ্রাচ্যের প্রায় ১৫টি দেশে থাকা মার্কিন সামরিক ঘাঁটিতে পাল্টা আক্রমণ চালাচ্ছে। ফলে গোটা মধ্যপ্রাচ্যে যে যুদ্ধ পরিস্থিতির সৃষ্টি হয়েছে, ইতিমধ্যে সারা পৃথিবী তার বিরূপ প্রভাব অনুভব করছে। কিন্তু এই সংঘাত আপাতত অবসানের কোনো লক্ষণ দেখা যাচ্ছে না। বরং তার তীব্রতা ও ব্যাপ্তি ক্রমেই বৃদ্ধি পাচ্ছে।

মধ্যপ্রাচ্যের এই যুদ্ধ পরিস্থিতি সবচেয়ে বড় বিরূপ প্রভাব ফেলছে জ্বালানি খাতে। পৃথিবীর সবচেয়ে বড় ও সমৃদ্ধ এই জীবাশ্ম জ্বালানি সরবরাহ বিঘ্নিত হলে তা সারা পৃথিবীর অর্থনীতিকে সমূহ সংকটে ফেলে দিতে পারে। ইতিমধ্যে বিশ্ববাজারে জ্বালানির দামে উল্লেখযোগ্য ঊর্ধ্বগতি শুরু হয়েছে। ইউরোপে গ্যাসের দাম বেড়েছে প্রায় ৫০ শতাংশ। যুদ্ধ পরিস্থিতি অব্যাহত থাকলে দাম বেশি দিয়েও যে জ্বালানির স্বাভাবিক সরবরাহ পাওয়া যাবে সেই নিশ্চয়তা নেই। কারণ, ইরান বৈশ্বিক জ্বালানি সরবরাহের অন্যতম গুরুত্বপূর্ণ নৌপথ হরমুজ প্রণালিতে একমাত্র চীনা জাহাজ ছাড়া সব জাহাজ চলাচল নিষিদ্ধ করে দিয়েছে। প্রণালিটির পূর্ণ নিয়ন্ত্রণও এখন ইরানের হাতে। তাই এই যুদ্ধ যে সারা পৃথিবীতে, বিশেষ করে জ্বালানি সংকটকে বিপর্যস্ত করতে পারে, তা নিয়ে সন্দিহান থাকার সুযোগ নেই।

তবে বাংলাদেশের সংকট শুধু জ্বালানি নিয়ে নয়। বাংলাদেশের জন্য একই মাত্রার আরও একটি সংকট হলো জনশক্তি। বাংলাদেশের অভিবাসী শ্রমবাজারের অন্তত ৮০ শতাংশই মধ্যপ্রাচ্যকেন্দ্রিক। এর মধ্যে মোট অভিবাসীর ৬৭ শতাংশই যায় সৌদি আরবে। তারপর রয়েছে কুয়েত, কাতার, সংযুক্ত আরব আমিরাত, জর্ডানসহ মধ্যপ্রাচ্যের অন্যান্য দেশে। এসব দেশে কর্মরত প্রায় ৬০ লাখ বাংলাদেশির কষ্টার্জিত অর্থ আমাদের বৈদেশিক মুদ্রার প্রধান উৎস। এই বৈদেশিক মুদ্রাই আমাদের দেশের আমদানি বাণিজ্য ও অর্থনৈতিক স্থিতিশীলতার ভিত্তি রচনা করে দেয়।

কিন্তু এবার মধ্যপ্রাচ্যের প্রায় প্রতিটি দেশেই যুদ্ধ পরিস্থিতি বিরাজমান থাকায় বড় ধরনের ঝুঁকির আশঙ্কা রয়েছে। মধ্যপ্রাচ্যের দেশগুলোতে অবস্থানরত প্রায় ৬০ লাখ বাংলাদেশি প্রবাসী চরম অনিশ্চয়তা ও আতঙ্কের মধ্যে দিন কাটাচ্ছে। ইতিমধ্যে আরব আমিরাতে একজন ও বাহরাইনে একজন প্রবাসী বাংলাদেশি নিহত হয়েছেন। কুয়েতে চারজন ও বাইরাইনে তিনজন আহত হয়েছেন। মধ্যপ্রাচ্যের আকাশসীমা বন্ধ বা সীমিত থাকায় অনেকেই জরুরি প্রয়োজনে দেশে ফিরতে পারছেন না। আবার অনেকে ছুটি শেষে যথাসময়ে কর্মস্থলে ফিরতে পারছেন না। কারও কারও ভিসার মেয়াদ প্রায় শেষ হয়ে যাওয়ায় নতুন জটিলতা সৃষ্টি হয়েছে।

মধ্যপ্রাচ্যে যুদ্ধের কারণে একদিকে জ্বালানি তেল ও গ্যাসের দাম বাড়ছে, অন্যদিকে সরবরাহ নিয়েও তৈরি হয়েছে অনিশ্চয়তা। ফলে দুশ্চিন্তায় পড়েছে বাংলাদেশ। বিশ্ববাজারে জ্বালানির মূল্যবৃদ্ধি স্থায়ী কিংবা দীর্ঘমেয়াদি হলে এবং সরবরাহে সংকট সৃষ্টি হলে বাংলাদেশে জ্বালানি ঘাটতি এবং মূল্যবৃদ্ধি অনিবার্য হয়ে পড়বে।

তবে প্রবল আশঙ্কা থাকলেও যে বাংলাদেশ এখনই বড় সংকটে পড়ে গেছে, তা কিন্তু নয়। এ যুদ্ধ চলমান থাকলে বাংলাদেশের সমস্যা বাড়ার আশঙ্কা রয়েছে দুই ক্ষেত্রে। সে জন্য এখনই প্রস্তুতি গ্রহণ হবে বুদ্ধিমানের কাজ। বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের (বিপিসি) তথ্যমতে, দেশে বর্তমানে ১ লাখ ৩৬ হাজার টন জ্বালানি তেলের মজুত রয়েছে। যুদ্ধ পরিস্থিতি বিবেচনায় রেখে তেলের বিকল্প বাজার খোঁজার বিষয়টি ভাবা হচ্ছে। এই অবস্থায় এখনই জ্বালানি তেলের দাম বাড়ারও কোনো শঙ্কা নেই। নিরবচ্ছিন্ন সরবরাহ বজায় রাখতে সাতটি জাহাজের এলসি সম্পন্ন হয়েছে বলে বিপিসির চেয়ারম্যান মো. রেজানুর রহমান জানিয়েছেন। তাঁর মতে, বর্তমানে দেশে ডিজেল ১৪ দিন, অকটেন ২৮ দিন, পেট্রল ১৫ দিন, ফার্নেস অয়েল ৯৩ দিন এবং জেট ফুয়েল ৫৫ দিনের মজুত রয়েছে।

তারপরও দুশ্চিন্তার কারণ হলো, যুদ্ধ শুরু হওয়ার পর কাতার এনার্জির অন্যতম প্রধান একটি জ্বালানি স্থাপনা ইরানের হামলায় ক্ষতিগ্রস্ত হওয়ায় দেশটি তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) উৎপাদন ও রপ্তানি বন্ধ করে দিয়েছে। একইভাবে ইরানের ড্রোন হামলার পর সৌদি আরবের রাষ্ট্রীয় তেল কোম্পানি সৌদি আরামকো তাদের সবচেয়ে বড় শোধনাগার রাস তানুরা সতর্কতার অংশ হিসেবে বন্ধ করে দিয়েছে। অথচ আমাদের অপরিশোধিত জ্বালানির পুরোটা আসে সৌদি আরব ও আরব আমিরাত থেকে। পরিশোধিত জ্বালানি আসে মধ্যপ্রাচ্যের অন্যান্য দেশ থেকে। আর দীর্ঘমেয়াদি চুক্তির অধীনে এলএনজি আসে কাতার থেকে। হরমুজ প্রণালি হয়ে এলএনজি পরিবহন এক মাস বন্ধ থাকলে এশিয়ার স্পট মার্কেটে এলএনজির দাম ১৩০ শতাংশ পর্যন্ত বেড়ে যেতে পারে বলে বাজারসংশ্লিষ্টদের অভিমত। মধ্যপ্রাচ্যে চলমান সংঘাতের কারণে আগামী দু-তিন সপ্তাহ কাতারের এলএনজি উৎপাদন ও রপ্তানি কার্যক্রম বন্ধ থাকলে বিকল্প হিসেবে স্পট মার্কেট থেকে এলএনজি সংগ্রহ করতে বড় ধরনের আর্থিক চ্যালেঞ্জের মুখে পড়তে হবে সরকারকে।

সম্ভাব্য এই সংকটজনক পরিস্থিতি বিবেচনায় সরকার ইতিমধ্যে জাতীয় গ্রিডে গ্যাস সরবরাহ স্বাভাবিক রাখা এবং জ্বালানিনিরাপত্তা নিশ্চিত করার ক্ষেত্রে যুক্তরাষ্ট্রের সহায়তা চেয়েছে। অন্তর্বর্তী সরকারের বিদায়বেলায় স্বাক্ষরিত বাণিজ্য চুক্তির আওতায় বাংলাদেশকে যুক্তরাষ্ট্র থেকে এলএনজি আমদানির কথা বলা হয়েছে। এখন কথা হলো, তাতে যে দাম এবং সময় বেশি লাগবে, সেই ক্ষতি বাংলাদেশ পোষাবে কী দিয়ে? এ ক্ষেত্রে কি যুক্তরাষ্ট্র কোনো সহায়তা করবে বাংলাদেশকে?

ঢাকা সফররত দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক মার্কিন সহকারী পররাষ্ট্রমন্ত্রী পল কাপুর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকুর সঙ্গে বৈঠক করে দুই দেশের মধ্যে জ্বালানি সহযোগিতা এবং দেশের সর্বত্র জনগণ ও ব্যবসায়িক প্রতিষ্ঠানে নির্ভরযোগ্য জ্বালানি সরবরাহে যুক্তরাষ্ট্রের কোম্পানিগুলোর সুযোগ নিয়ে আলোচনা করেছেন। এটা তো ছিল তাঁদের ব্যবসায়িক আলোচনা। এতে তো আমাদের আশু সমস্যার কোনো সমাধান হবে না।

বিদ্যুৎমন্ত্রী অবশ্য দেশবাসীর কাছে একটি সময়োপযোগী আহ্বান জানিয়ে স্পষ্ট করে বলেছেন, মধ্যপ্রাচ্যের বর্তমান যুদ্ধ পরিস্থিতি আমাদেরকে বিপদে ফেলেছে। এই বিপদের সময় আমাদের সবচেয়ে বেশি প্রয়োজন বিদ্যুৎ ও জ্বালানি ব্যবহারে সাশ্রয়ী ও মিতব্যয়ী হওয়া। তাই এই সংকটকালে দেশের প্রতিটি নাগরিকের মিতব্যয়ী হওয়া অবশ্যকর্তব্য। পাশাপাশি আমরা এও জানি যে সরকার সংকট নিরসনে তার চেষ্টা অব্যাহত রাখবে। সেটা করাও সরকারের অবশ্যকর্তব্য।

তবে বর্তমান সংকটজনক পরিস্থিতি থেকে পরিত্রাণের জন্য 'যুদ্ধ বন্ধ করে দেওয়া'ই হতে পারে একমাত্র সমাধান। পৃথিবীর প্রতিটি শুভবুদ্ধিসম্পন্ন মানুষ চায় অবিলম্বে এই যুদ্ধ বন্ধ হোক। ইরাকের ওপর যেমন উদ্দেশ্যপ্রণোদিতভাবে কল্পনাপ্রসূত অভিযোগ এনে আক্রমণ করা হয়েছিল, একইভাবে ইরানের ওপরও তাই করা হয়েছে। এই বর্বরতা বন্ধ হওয়া দরকার। কিন্তু সারা পৃথিবীতে যে তাদেরই রমরমা দাপট। এরা মানুষ ও সভ্যতাকে কোন পাঁকে নিয়ে ফেলবে, তা কেবল ভবিষ্যৎই বলতে পারে।

লেখক : জ্যেষ্ঠ সাংবাদিক

অ্যাসাল ওজনপার্ক চ্যাপ্টারের অভিষেক ও ইফতার মাহফিল





নিউইয়র্ক: পবিত্র রমজান মাসের তাৎপর্যকে সামনে রেখে ভ্রাতৃত্ব, সৌহার্দ্য ও কমিউনিটির বন্ধন দৃঢ় করার বার্তা নিয়ে এলায়েন্স অব সাউথ এশিয়ান আমেরিকান লেবার (অ্যাসাল)-এর ওজন পার্ক চ্যাপ্টারের উদ্যোগে নতুন কমিটির অভিষেক এবং ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। ৬ মার্চ শুক্রবার ব্রুকলিনের লিবার্টি অ্যাভিনিউ বৈঠকখানা রেস্টুরেন্টে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।





অনুষ্ঠানে নবনির্বাচিত কমিটির নেতৃবৃন্দকে শপথ বাক্য পাঠ করান অ্যাসালের প্রতিষ্ঠাতা সভাপতি এমেরিটাস এমএএফ মিসবাহ উদ্দিন। এ সময় দিকনির্দেশনামূলক বক্তব্য রাখেন সংগঠনের জাতীয় সভাপতি মো. করিম চৌধুরী। অ্যাসাল ওজন পার্ক চ্যাপ্টারের বিদায়ী সভাপতি এএসএম মাঈন উদ্দিন পিন্টু নবনির্বাচিত সভাপতি মাসুদ রানা তপন এবং নবনির্বাচিত সাধারণ সম্পাদক সান্তনু বড়ুয়ার কাছে দায়িত্ব হস্তান্তর করেন।

সংগঠনের নেতৃবৃন্দ জানান, বর্তমানে এসাল যুক্তরাষ্ট্রের ১০টি অঙ্গরাজ্যে ২২টি চ্যাপ্টারের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করছে। পলিটিক্যাল ফিউচার এবং সাংগঠনিক কাঠামো আরও শক্তিশালী করার লক্ষ্যে এসাল এখন টেক্সাস থেকে পশ্চিমাঞ্চলের অন্যান্য অঙ্গরাজ্যেও সম্প্রসারণের পরিকল্পনা হাতে নিয়েছে। তারা আরও জানান, ২০২৬ সালের গ্রীষ্মের মধ্যে আরও চারটি অঙ্গরাজ্যে নতুন চ্যাপ্টার গঠনের উদ্যোগ নেওয়া হবে।







বাংলাদেশ সোসাইটি অব ব্রঙ্কসের ইফতার মাহফিল

নিউইয়র্ক: নিউইয়র্কে বাংলাদেশ সোসাইটি অব ব্রঙ্কস ইনকের পবিত্র মাহে রমজান উপলক্ষ্যে বার্ষিক কেরাত প্রতিযোগিতা ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গত ৩রা মার্চ মঙ্গলবার ব্রঙ্কসের স্ট্রালিন বাংলাবাজারের গোল্ডেন প্যালেস মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি শামীম আহমেদ। সহ-সভাপতি কাজী রবিউজ্জামানের সঞ্চালনায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংগঠনের উপদেষ্টা মোঃ আব্দুস শহীদ, উপদেষ্টা মাহবুবুল আলম, উপদেষ্টা সিরাজ উদ্দিন আহমেদ সোহাগ, উপদেষ্টা কামাল উদ্দিন, উপদেষ্টা খবির উদ্দিন ভূঁইয়া, উপদেষ্টা সামাদ মিয়া জাকেরিন, বাংলাদেশ সোসাইটি ইনকের সমাজ কল্যাণ সম্পাদক জামিল আনসারি, ফেঞ্চুগঞ্জ উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান নুরুল ইসলাম, জালালাবাদ এসোসিয়েশনের সহ-সভাপতি লোকমান হোসেন লুকু, ভারপ্রাপ্ত সম্পাদক রোকন হাকিম, সিপিএ জাকির হোসেন চৌধুরী, হাসান আলী।

ইফতার মাহফিলে দোয়া মুনাজাত পরিচালনা করেন মাওলানা ওবায়দুল হক।



দুর্যোগপূর্ণ আবহাওয়া উপেক্ষা করে পবিত্র ইফতার মাহফিলে বিপুলসংখ্যক প্রবাসী বাংলাদেশি মহিলা পুরুষ অংশগ্রহণ করেন। অনুষ্ঠানের আয়োজন কমিটির আহবায়ক ছিলেন মহিবুল হক,প্রধান সমন্বয়কারী নাজমুল ইসলাম রাসেল, সদস্য সচিব কাজীরুল ইসলাম শিপনের নেতৃত্বে সফল ভাবে অনুষ্ঠান উদযাপনের আয়োজন করেন।

এছাড়াও বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দের উপস্থিতিতে কেরাত প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার ও সম্মাননা বিতরণ করা হয়। বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক শেখ অলি আহাদ,প্রচার সম্পাদক শেখ শফিকুর রহমান, সহ-সভাপতি মোস্তাকুর রহমান লিটন, কোষাধ্যক্ষ হুমায়ন কবীর সোহেল প্রমুখ।

উপস্থিত ছিলেন সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান জামাল হোসেন, বীরমুক্তিযোদ্ধা তোফায়েল আহমেদ চৌধুরী, নুরুল ইসলাম মিলন, সাদিকুর রহমান,জহুরুল হক।

কেরাত প্রতিযোগিতায় বিজয়ীরা হলেন মেয়েদের গ্রুপে প্রথম আসফিয়া আয়েশা, দ্বিতীয় অর্শি রেজিয়া, তৃতীয় সামিয়া হাকিম।

বালকদের ৬-৯ গ্রুপে প্রথম তাহমিদ হাসান রেজা, দ্বিতীয় তালহা মোহাম্মদ সাদেক, তৃতীয় মোহাম্মদ আয়ান।

বালকদের ১০-১৪ গ্রুপের প্রথম আরিব মোহাম্মদ চৌধুরী, দ্বিতীয় আব্দুর রহমান সালেহ, তৃতীয় ওমর ভূঁইয়া। বিজয়ী প্রত্যেককে উপহার হিসেবে মেডেল, সম্মাননা প্রদান করা হয়।

অতিথির বক্তব্যে সাবেক সভাপতি মাহবুব আলম বলেন বাংলাদেশ সোসাইটি অব ব্রঙ্কস তার জন্ম লগ্ন থেকে প্রবাসী বাংলাদেশীদের জন্য বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে তার মধ্যে অন্যতম হলো স্ট্রালিন এভিনিউ এর নাম পরিবর্তন করে বাংলাবাজার নামকরণ এবং আলবানিতে নিউইয়র্ক স্টেট এসেম্বলিতে বাংলাদেশ ডে উদযাপন করা যা বাংলাদেশের ভাবমূর্তিকে উজ্জ্বল করেছে।

সভাপতির বক্তব্যে শামীম আহমেদ দুর্যোগপূর্ণ আবহাওয়াকে উপেক্ষা করে ইফতার মাহফিলে অংশগ্রহণ করে ইফতার মাহফিলকে সফল করার জন্য উপস্থিত সবাইকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন।







ডিএইচ সংস্কারে অনড় ডেমোক্র্যাটরা: সতর্কতা রিপাবলিকানদের

প্রথম পৃষ্ঠার পর

ডেমোক্র্যাট নেতারা যুক্তরাষ্ট্রের ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইস) এবং কাস্টমস অ্যান্ড বর্ডার প্রোটেকশন (সিবিপি) কর্মকর্তাদের জন্য নতুন নিয়ম ও কঠোর জবাবদিহির দাবি তুলেছেন।

ইলিনয়ের কংগ্রেসম্যান ব্র্যাড শ্নাইডার বলেন, "ডিএইচএস সংস্থার কর্মকর্তারা সংবিধান এবং নাগরিকদের অধিকারকে অবহেলা করছে। নাগরিকদের অধিকার লঙ্ঘনের জন্য দায়ীদের জবাবদিহি নিশ্চিত না হওয়া পর্যন্ত আইস ও সিবিপিকে আর অর্থ দেওয়া উচিত নয়।"

ডেমোক্র্যাটদের এই অবস্থান রাজনৈতিক ও জাতীয় নিরাপত্তাতে ঝুঁকি তৈরি করতে পারে বলে মনে করছে রিপাবলিকানরা। তারা বলছে, ইরান নিয়ে যুক্তরাষ্ট্রের সামরিক অভিযান চলাকালে দীর্ঘদিন বন্ধ থাকলে দেশের নিরাপত্তা দুর্বল হয়ে পড়বে।

হাউস স্পিকার মাইক জনসন ডেমোক্র্যাটদের তীব্র সমালোচনা করে বলেন, "আমেরিকানদের নিরাপত্তা রক্ষার দায়িত্বে থাকা সংস্থাটিকেই ডেমোক্র্যাটরা বন্ধ করে রেখেছে।"

তবে ডেমোক্র্যাট নেতারা এই অভিযোগ প্রত্যাখ্যান করেছেন। হাউস মাইনরিটি লিডার হাকিম জেফ্রিস বলেন, রিপাবলিকানরা চাপ সৃষ্টি করার চেষ্টা করলেও তারা ভয় পাচ্ছেন না।

ডেমোক্র্যাট কংগ্রেসম্যান জিম ম্যাকগভার্ন আরও কঠোর ভাষায় বলেন, ইরানে হামলার সিদ্ধান্তই যুক্তরাষ্ট্রের নিরাপত্তা ঝুঁকি বাড়িয়েছে। তার মতে, "ডোনাল্ড ট্রাম্পের অগোছালো নীতির কারণে যুক্তরাষ্ট্র এখন আগের চেয়ে বেশি অনিরাপদ।"

এই রাজনৈতিক দ্বন্দ্বের সূত্রপাত জানুয়ারিতে মিনিয়াপোলিসে দুই আমেরিকান নাগরিক ফেডারেল অভিবাসন কর্মকর্তাদের গুলিতে নিহত হওয়ার ঘটনায়। সেই ঘটনার পর ডেমোক্র্যাটরা দাবি তোলে যে ডিএইচএস এর আইন প্রয়োগকারী কর্মকর্তাদের ওপর নতুন নিয়ন্ত্রণ আরোপ করতে হবে।

ডেমোক্র্যাটদের প্রস্তাবের মধ্যে রয়েছে অভিযানের সময় মুখোশ ব্যবহার নিষিদ্ধ করা, বাধ্যতামূলক বডি ক্যামেরা ব্যবহার এবং কাউকে গ্রেপ্তার করার আগে ওয়ারেন্টের নতুন নিয়ম চালু করা।

হোয়াইট হাউস ও সিনেটের ডেমোক্র্যাটদের মধ্যে এ বিষয়ে সমঝোতার চেষ্টা হলেও এখনও কোনো চুক্তি হয়নি। যদিও সব ডেমোক্র্যাট একই অবস্থানে নেই। মেইনের কংগ্রেসম্যান জ্যারেড গোল্ডেন প্রশ্ন তুলেছেন, উঐঝ-এর অর্থায়ন বন্ধ রেখে আসলে কার ওপর চাপ তৈরি করা হচ্ছে।

তার মতে, এতে ট্রান্সপোর্টেশন সিকিউরিটি অ্যাডমিনিস্ট্রেশন (টিএসএ) এবং ফেডারেল ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি এর কর্মীরাই বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছেন, অথচ বিতর্কের কেন্দ্রে থাকা আইস ও বর্ডার প্যাট্রোল অন্য আইনের অধীনে অর্থ পাচ্ছে।

তবে কংগ্রেসে এই মতের সমর্থক খুবই কম। সাম্প্রতিক ভোটে দেখা গেছে, অধিকাংশ ডেমোক্র্যাট এখনও ডিএইচএস অর্থায়ন বিলের বিরোধিতা করছে।

এদিকে সাম্প্রতিক একটি বড় পরিবর্তন হলো ডিএইচএস সেক্রেটারি ক্রিস্টি নোয়েমকে বরখাস্ত করে তার স্থলে ওকলাহোমার সিনেটর মার্কওয়েন মুলিনকে মনোনয়ন দেওয়া। কিছু ডেমোক্র্যাট মনে করছেন এতে নীতিতে পরিবর্তন আসতে পারে, যদিও অনেকেই সন্দেহ প্রকাশ করেছেন যে মুলিন ট্রাম্পের নীতিই অনুসরণ করবেন।

গ্রেসি ম্যানশনের সামনে বিক্ষোভ থেকে ছুঁড়া হলো বিস্ফোরক ডিভাইস

প্রথম পৃষ্ঠার পর

এড়ানো সম্ভব হয়েছে এবং পুরো ঘটনাটি এখন ফেডারেল পর্যায়ে তদন্ত করা হচ্ছে।

পুলিশ কমিশনার জেসিকা টিশ জানান, প্রাথমিক বিশ্লেষণে নিশ্চিত হয়েছে যে এটি কোনো ভুয়া ডিভাইস বা ধোঁয়া তৈরির যন্ত্র নয়; বরং এটি একটি আইইডি, যা বিস্ফোরিত হলে গুরুতর আহত বা প্রাণহানির ঘটনা ঘটতে পারত।

এই ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে মোট ছয়জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। এর মধ্যে দুজন বিস্ফোরক ডিভাইস ব্যবহারের অভিযোগে, একজন পেপার স্প্রে ব্যবহারের জন্য এবং বাকি তিনজনকে বিশৃঙ্খল আচরণ ও সড়ক অবরোধের অভিযোগে আটক করা হয়েছে।

শনিবার ম্যানহাটনের আপার ইস্ট সাইড এলাকায় মেয়র জোহরান মামদানীর সরকারি বাসভবন গ্রেসি ম্যানশনের সামনে ইসলামবিরোধী একটি বিক্ষোভ চলছিলো। বিক্ষোভটির আয়োজন করেন ডানপন্থী কর্মী জ্যাক ল্যাং। সেখানে পাল্টা বিক্ষোভকারী জড়ো হন এবং পরিস্থিতি দ্রুত উত্তপ্ত হয়ে ওঠে।

তদন্ত সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, পেনসিলভানিয়ার দুই বাসিন্দা এমির বালাত ও ইব্রাহিম কাইয়্যুমি ওই পাল্টা বিক্ষোভে অংশ নেন। সেখানে বিস্ফোরক সাদৃশ্য ডিভাইস নিক্ষেপের অভিযোগে তাদের আটক করা হয়েছে। তদন্তকারীদের কাছে তারা দাবি করেছেন যে তারা আইএসআইএসের ভিডিও দেখেছিলেন এবং বিক্ষোভস্থলে গিয়ে জেক ল্যাংয়ের মুখোমুখি হন।

প্রথমদিকে ডিভাইসগুলোকে ধোঁয়া বোমা বলে ধারণা করা হলেও পরে এনওয়াইপিডির বোমা নিষ্ক্রিয়কারী ইউনিট পরীক্ষা করে দেখে যে এগুলো সম্ভাব্য বিস্ফোরক ডিভাইস।

পুলিশের ভাষ্য অনুযায়ী, ১৮ বছর বয়সী এক পাল্টা বিক্ষোভকারী একটি ডিভাইসে আগুন লাগিয়ে সেটি বিক্ষোভকারীদের দিকে ছুড়ে দেন। প্রত্যক্ষদর্শীরা জানান, ডিভাইসটি উড়ে যাওয়ার সময় আগুন ও ধোঁয়া দেখা যায় এবং পরে একটি ব্যারিকেডে আঘাত করে পুলিশের কয়েক ফুট দূরে গিয়ে নিভে যায়। পরে ওই ব্যক্তি আরেকটি ডিভাইস ১৯ বছর বয়সী আরেক সন্দেহভাজনের কাছ থেকে নিয়ে সেটিতেও আগুন ধরান, কিন্তু শেষ পর্যন্ত সেটি ফেলে দেন। ঘটনাস্থলে থাকা পুলিশ সদস্যরা দ্রুত অভিযান চালিয়ে দুজনকেই আটক করেন।

তদন্তকারীরা জানান, ডিভাইসগুলো দেখতে ছিল কাচের জারের মতো, যা কালো টেপ দিয়ে মোড়ানো ছিল। এর ভেতরে নাট, বোল্ট ও স্ক্রুর মতো ধাতব বস্তু রাখা ছিল এবং একটি ফিউজ লাগানো ছিল, যা আগুন দিয়ে জ্বালানো সম্ভব। উদ্ধার করা ডিভাইসগুলো আরও বিস্তারিত পরীক্ষার জন্য ফেডারেল ব্যুরো অব ইনভেস্টিগেশন এর ভার্জিনিয়ার কোয়ান্টিকো ল্যাবরেটরিতে পাঠানো হয়েছে।

ঘটনার পর মেয়র জোহরান মামদানি এক বিবৃতিতে বলেন, ঘৃণা ও বর্ণবাদের ভিত্তিতে আয়োজিত এই বিক্ষোভ নিউইয়র্ক সিটির মূল্যবোধের পরিপন্থী। তিনি বলেন, কোনো প্রতিবাদে সহিংসতা গ্রহণযোগ্য নয় এবং বিস্ফোরক ব্যবহার করে মানুষকে আঘাত করার চেষ্টা গুরুতর অপরাধ। একই সঙ্গে তিনি দ্রুত পদক্ষেপ নেওয়ার জন্য পুলিশ সদস্যদের ধন্যবাদ জানান।

মেয়রের কার্যালয়ের মুখপাত্র জানান, ঘটনার সময় মেয়র এবং তার স্ত্রী রামা দোয়াজি নিরাপদ ছিলেন। তবে তারা তখন বাসভবনের ভেতরে ছিলেন কি না, তা স্পষ্ট করা হয়নি।

পুলিশ জানিয়েছে, পুরো ঘটনার তদন্ত এখনো চলমান এবং সম্ভাব্য উগ্রবাদী প্রভাবসহ সব দিকই খতিয়ে দেখা হচ্ছে। যদিও ঘটনায় কেউ আহত হয়নি, তবুও বিস্ফোরক ব্যবহারের চেষ্টা হওয়ায় বিষয়টি অত্যন্ত গুরুত্বের সঙ্গে তদন্ত করা হচ্ছে।

ওজনপার্ক ও ব্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইনে পপুলার ডাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে কৃতিত্বের এডিনবরা অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.



Operate by JH office)
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
২টি লেসন একত্রে
(Operate by JH office)
OPEN 7 DAYS
Please

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

Scan & Visit us!

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন:
৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই

Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.

Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl,
Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453

Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Drew St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায়
সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

এক ঘণ্টা এগিয়ে গেলো ঘড়ির কাটা

প্রথম পৃষ্ঠার পর

মতো এবারো ডেলাইট সেভিং টাইম হিসেবে মার্চের দ্বিতীয় রবিবারে ঘড়ি কাটা এক ঘণ্টা এগিয়ে নেয়া হলো। নেওয়ার এই প্রথা "স্প্রিং ফওয়ার্ড" নামে পরিচিত।

এদিকে মার্চ মাসে যুক্তরাষ্ট্রজুড়ে দিনের আলো দ্রুত বাড়তে শুরু করেছে। অনেকেই মনে করেন এর কারণ ডেলাইট সেভিং টাইম, কিন্তু বিজ্ঞানীরা বলছেন প্রকৃত কারণ হলো পৃথিবীর অক্ষের ঝুঁকে থাকা অবস্থান, যার ফলে উত্তর গোলার্ধ ধীরে ধীরে সূরের দিকে ঝুঁকে পড়ছে। এর ফলে মার্চ মাসে দিনের আলো অন্য যেকোনো সময়ের তুলনায় দ্রুত বাড়ে।

ডেলাইট সেভিং টাইম মূলত সকাল থেকে সন্ধ্যায় আরও এক ঘণ্টার আলো সরানোর জন্য ঘড়ি এগিয়ে নেওয়া হয় ২০২৬ সালে ডেলাইট সেভিং টাইম শুরু হয়েছে ৮ই মার্চ মধ্যরাত ২টা স্থানীয় সময়ে। ২০০৭ সালের পর থেকে শুরু হওয়া এই সময় পরিবর্তনের দিনটি প্রতি বছর দ্বিতীয় রবিবারে অনুষ্ঠিত হয়। এর আগে ২০০৭ সালের দুই দশক ধরে এটি এপ্রিলের প্রথম রবিবারে শুরু হতো।

এই সময় পরিবর্তনের ফলে যুক্তরাষ্ট্রের অধিকাংশ মানুষ এক ঘণ্টা কম ঘুমিয়েছে। ঘড়ি এগিয়ে নেওয়া হয় বসন্ত ঋতুর শুরু হওয়ার আগেই, যা ২০ মার্চ সূর্য প্রবেশপঞ্জিকার সাথে শুরু হয়। ডেলাইট সেভিং টাইম ২০২৬ সালে নভেম্বরের প্রথম রবিবার, অর্থাৎ ১লা নভেম্বর, শেষ হবে।

এই প্রথা প্রথম যুক্তরাষ্ট্রে ১৯১৮ সালে বিশ্বযুদ্ধের সময় জ্বালানি সংরক্ষণের উদ্দেশ্যে গ্রহণ করা হয়। যদিও পরবর্তী গবেষণায় দেখা গেছে যে, ডেলাইট সেভিং টাইমের প্রভাব শক্তি সাশ্রয়ে খুবই সীমিত। হাওয়াই ও অ্যারিজোনা ছাড়া যুক্তরাষ্ট্রের অন্যান্য রাজ্য এই সময় পরিবর্তন মেনে চলে। এছাড়াও, ফোন ও অন্যান্য স্মার্ট ডিভাইস স্বয়ংক্রিয়ভাবে সময় পরিবর্তনের জন্য সাজানো থাকলে আপডেট হয়ে যায়।

এদিকে মার্চ মাসে সূর্যোদয় ও সূর্যাস্তের সময় দ্রুত পরিবর্তিত হয়, যার ফলে দিনের আলো দ্রুত বাড়তে থাকে। যুক্তরাষ্ট্রের অনেক এলাকায় এই মাসের শেষে দেড় ঘণ্টারও বেশি অতিরিক্ত সূর্যালোক যোগ হতে পারে। ফ্লোরিডার মতো দক্ষিণের রাজ্যগুলোতেও মার্চের মধ্যে প্রায় ৪০ থেকে ৫০ মিনিট বেশি দিনের আলো পাওয়া যায়।

আবহাওয়াবিদদের মতে, এর প্রধান কারণ পৃথিবীর অক্ষ প্রায় ২৩.৫ ডিগ্রি কোণে হেলে রয়েছে। বছরের এই সময়ে উত্তর গোলার্ধ ধীরে ধীরে সূরের দিকে ঝুঁকে পড়ে, ফলে সূর্য আকাশে বেশি সময় অবস্থান করে এবং দিন বড় হতে থাকে।

মার্চের ৮ তারিখে শুরু হওয়া ডেলাইট সেভিং টাইম আসলে দিনের আলোর পরিমাণ বাড়ায় না। এটি শুধু ঘড়ির সময় এক ঘণ্টা এগিয়ে দেয়, যার ফলে সূর্যাস্ত ঘড়ির হিসাবে একটু দেরিতে ঘটে।

বিজ্ঞানীরা বলছেন, ২০২৫ সালের ২১ ডিসেম্বর শীতকালীন অয়নান্তের পর থেকেই দিনের আলো বাড়তে শুরু করেছে। শুরুতে এই পরিবর্তন প্রতিদিন কয়েক সেকেন্ড করে বাড়ছিল, তবে মার্চ মাসে এসে প্রতিদিন গড়ে প্রায় তিন মিনিট করে দিনের আলো বাড়তে পারে।

মার্চের ২০ তারিখে বসন্ত বিষুব বা স্প্রিং ইকুইনক্স ঘটবে। এই দিনে দিন ও রাত প্রায় সমান হয়। এরপর থেকে উত্তর গোলার্ধে রাতের তুলনায় দিনের সময় বেশি হবে।

যুক্তরাষ্ট্রের বিভিন্ন শহরে মার্চের মধ্যে দিনের আলো বৃদ্ধির পরিমাণও ভিন্ন ভিন্ন। উদাহরণস্বরূপ, নিউইয়র্ক সিটিতে প্রায় ১ ঘণ্টা ২১ মিনিট, শিকাগোতে ১ ঘণ্টা ২৪ মিনিট, সিয়াটলে প্রায় ১ ঘণ্টা ৪৩ মিনিট পর্যন্ত দিনের আলো বাড়তে পারে। অন্যদিকে দক্ষিণের শহর মিয়ামি ও ব্রাউনসভিলে প্রায় ৪৫ মিনিটের মতো বাড়তে পারে।

বিশেষজ্ঞরা বলছেন, মার্চে দিনের আলো বাড়ার এই পরিবর্তনই ধীরে ধীরে তাপমাত্রা বাড়ার ইঙ্গিত দেয় এবং বসন্তের আগমনকে স্পষ্ট করে তোলে। দিনের দৈর্ঘ্য বাড়তে থাকবে জুন মাসের গ্রীষ্মকালীন অয়নান্ত পর্যন্ত, এরপর আবার ধীরে ধীরে কমতে শুরু করবে।

কানাডায় অর্থ আত্মসাতের অভিযোগ ৩ বাংলাদেশির বিরুদ্ধে

প্রথম পৃষ্ঠার পর

থেকে ৩৬০ হাজার ডলারের বেশি অর্থ আত্মসাতের অভিযোগে জেনিফার হোসেন (৩৬), ফয়সল আহমেদ (৪২) ও ফরিদা আক্তার (৬৪) নামে তিনজনের বিরুদ্ধে মামলা করা হয়েছে।

জানা গেছে তারা তিনজনই বাংলাদেশি বংশোদ্ভূত এবং বর্তমানে টরেন্টোতে বসবাস করে আসছেন। সেই সুবাদে মারকাম এলাকায় একটি প্রতিষ্ঠানে জেনিফার হোসেন সিনিয়র ম্যানেজার পদে দায়িত্ব পালন করতেন। বাকি দুজনও আলাদা প্রতিষ্ঠানের। এই তিনজন মিলে ভুয়া ইনভসে করে কোম্পানির নামে অর্থ আত্মসাত করেন।

পুলিশ জানায়, ওই ব্যবসা প্রতিষ্ঠানের সিনিয়র ম্যানেজারকে চাকরি থেকে বরখাস্ত করার পর প্রতিষ্ঠানটি সন্দেহজনক বিলিং খুঁজে পায়। এরপর বিষয়টি তদন্তে গেলে বড় ধরনের প্রতারণার বিষয়টি সামনে আসে।

তদন্তে জানা যায়, ২০২৫ সালের ৯ জানুয়ারি থেকে ১২ সেপ্টেম্বর পর্যন্ত ওই ম্যানেজার এমন কিছু ইনভয়েস জমা দেন, যেগুলোর বিপরীতে কোনো সেবা প্রদান করা হয়নি। পরে সেই অর্থ দুইটি কোম্পানির মাধ্যমে অন্য দুই সহযোগীর কাছে পাঠানো হয় বলে অভিযোগ করেছে পুলিশ।

পুলিশের দাবি, নিজের সিনিয়র ম্যানেজারের পদ ব্যবহার করে প্রধান অভিযুক্ত জেনিফার ভুয়া কাজের ইনভয়েস অনুমোদন ও প্রক্রিয়াজাত করতেন। এরপর সেই টাকা তার সহযোগী ফয়সল ও ফরিদার সঙ্গে যুক্ত ব্যবসা প্রতিষ্ঠানে পাঠানো হতো, যার মাধ্যমে তিনজনই এই প্রতারণা থেকে লাভবান হন।

পুলিশ মনে করছে, প্রধান অভিযুক্ত জেনিফার হোসেন আরও কিছু অপ্রকাশিত প্রতারণার ঘটনার সঙ্গে জড়িত থাকতে পারেন। এ কারণে তার ছবি প্রকাশ করা হয়েছে এবং যেসব প্রতিষ্ঠান আগে তাকে চাকরি দিয়েছিল বা তার সঙ্গে ব্যবসায়িক লেনদেন করেছে, তাদেরকে সামনে এসে তথ্য দেওয়ার আহ্বান জানানো হয়েছে।

পুলিশ জানিয়েছে, তদন্ত এখনো চলছে।

ট্রাম্পের ওপরে দায় চাপানোতেই বরখাস্ত হলেন নোয়েম!

প্রথম পৃষ্ঠার পর

দায়িত্বে। কিন্তু শেষ পর্যন্ত একটি বিজ্ঞাপন নির্মাণে ২০০ মিলিয়ন ডলার ব্যয়ের কারণে কংগ্রেসে খোদ রিপাবলিকানদের প্রশ্নের মুখোমুখি হোন এবং সেখানে এই বিজ্ঞাপন নির্মাণে প্রেসিডেন্ট ট্রাম্পের সম্মতি ছিলো এমন মন্তব্য'র পর তাঁর পদচ্যুতি ঘটে। এমনটি প্রতিবেদনে জানিয়েছে দ্য নিউইয়র্ক টাইমস। প্রেসিডেন্টকে সরাসরি রাজনৈতিকভাবে জড়িয়ে ফেলার মন্তব্যই তার পদচ্যুতির কারণ হয়ে দাঁড়ায় বলে বিশ্লেষকদের ধারণা।

দ্য নিউইয়র্ক টাইমস তাদের প্রকাশিত প্রতিবেদনে জানায়, গ মিনিয়াপোলিস শহরে ফেডারেল এজেন্টদের গুলিতে দুই আমেরিকান নাগরিক নিহত হওয়ার ঘটনাতেও নোয়েমকে বরখাস্ত করা হয়নি। এমনকি এক প্রধান বিচারক অভিযোগ করেছিলেন, তার নেতৃত্বাধীন অভিবাসন সংস্থা আদালতের আদেশ ভঙ্গ করেছে বহুবারভূতবুও তখন কোনো পদক্ষেপ নেওয়া হয়নি।

আরও বিতর্ক তৈরি হয় যখন তিনি দাবি করেন, তার এজেন্টদের গুলিতে নিহত এক ভেটেরান্স অ্যাফেয়ার্স নার্স নাকি "ডোমেস্টিক টেররিস্ট" ছিলেন। পরে জানা যায়, ওই ব্যক্তি কোনো অস্ত্র প্রদর্শন করেননিভূযদিও নোয়েম প্রথমে তা দাবি করেছিলেন।

তবে শেষ পর্যন্ত পরিস্থিতি বদলে যায় যখন কংগ্রেসের শুনানিতে একটি বড় বিজ্ঞাপন প্রচারণা নিয়ে তাকে প্রশ্ন করা হয়। সেখানে নোয়েম বলেন, দেশজুড়ে প্রচার চালানোর দায়িত্ব তাকে দিয়েছিলেন প্রেসিডেন্ট ট্রাম্প।

প্রশ্ন করা হয়, ২০০ মিলিয়ন ডলারের বেশি ব্যয়ের ওই সরকারি বিজ্ঞাপন প্রচারণা কি ট্রাম্প অনুমোদন করেছিলেন। জবাবে নোয়েম বলেন, তিনি দায়িত্ব নেওয়ার আগেই এ নিয়ে তাদের আলোচনা হয়েছিল এবং পরে আরও আলোচনা হয়েছে।

এই বক্তব্যে বোঝা যায়, ব্যয়বহুল ওই প্রচারণার অনুমোদনে ট্রাম্প সরাসরি জড়িত ছিলেন। বিজ্ঞাপনগুলোর একটি দৃশ্যে নোয়েমকে মাউন্ট রাশমোর এর সামনে ঘোড়ায় চড়ে দেখা যায়, যা অনেক কর্মকর্তার কাছেই অস্বস্তিকর বলে মনে হয়েছিল।

নোয়েমের মন্তব্যের পরপরই ট্রাম্প বলেন, তিনি ওই চুক্তি সম্পর্কে কিছু জানতেন না। এরপর অল্প সময়ের মধ্যেই তাকে পদ থেকে সরিয়ে দেওয়া হয়।

রাজনৈতিক বিশ্লেষকদের মতে, এই ঘটনায় আবারও স্পষ্ট হয়েছে যে ট্রাম্প প্রশাসনে কেবল নীতিগত সিদ্ধান্তই নয়, বরং প্রেসিডেন্টের প্রতি আনুগত্য ও রাজনৈতিক ইমেজও মন্ত্রিসভার সদস্যদের টিকে থাকার বড় শর্ত।

মধ্যপ্রাচ্য সংঘাত বন্ধে অনিশ্চয়তা

- **২৮ ফেব্রুয়ারি: ইরানের সামরিক ও পারমাণবিক স্থাপনায় হামলা। আয়াতুল্লাহ আলী খামেনি নিহত।**
- **১ মার্চ: ইরান ইসরায়েল ও উপসাগরীয় অঞ্চলে আমেরিকান সামরিক ঘাঁটিতে হামলা।**
- **২-৪ মার্চ: লেবানন ফ্রন্টে সংঘাত; হিজবুল্লাহ হামলা।**
- **৫-৭ মার্চ: উপসাগরীয় দেশগুলোতে ড্রোন হামলা ছড়িয়ে পড়ে।**
- **৮ মার্চ: নবম দিনে ইরানের তেল স্থাপনা ও সামরিক ঘাঁটিতে হামলা; সংঘাত বিস্তার।**

প্রথম পৃষ্ঠার পর

হামলার ফলে নিহতের পাশাপাশি ব্যাপক ভাঙচুর হয়েছে। অপরদিকে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ঘোষণা দিয়েছেন ইরানকে নিঃশর্তভাবে আত্মসমর্পণ করতে হবে। যদি নিঃশর্ত আত্মসমর্পণ না করে, তবে আরও কঠোর ও ব্যাপক সামরিক অভিযান চালানো হবে। এই পরিস্থিতিতে কূটনৈতিক সমাধান এবং যুদ্ধবিরতির সম্ভাবনা এখনো অত্যন্ত অনিশ্চিত।

এদিকে ইরানের স্থানীয় সময় সোমবার মোজতবা খামেনিকে ইরানের সর্বোচ্চ নেতা হিসেবে ঘোষণা করা হয়েছে। দেশটির অ্যাসেম্বলি অব এক্সপার্টস তাঁকে এ পদে নির্বাচন করেছে।

ইরানের রেভোল্যুশনারি গার্ডস কোর (আইআরজিসি) মোজতবা খামেনিকে অভিনন্দন জানিয়েছে। বাহিনীটি তাঁকে ইরানের নতুন সর্বোচ্চ নেতা হিসেবে স্বীকৃতি দিয়েছে।

গত ২৮ ফেব্রুয়ারি যুক্তরাষ্ট্র ও ইসরায়েল প্রথম বৃহৎ বিমান ও ক্ষেপণাস্ত্র হামলা চালায়। লক্ষ্যবস্তু ছিল ইরানের সামরিক ঘাঁটি, পারমাণবিক স্থাপনা এবং তেল সংরক্ষণাগার। প্রথম ১২ ঘণ্টায় প্রায় ৯০০টির মতো লক্ষ্যবস্তুতে হামলা চালানো হয়। এই হামলায় ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনি নিহত হন। হামলার উদ্দেশ্য ছিল ইরানের পারমাণবিক কর্মসূচি, ক্ষেপণাস্ত্র সক্ষমতা এবং সামরিক স্থাপনা ধ্বংস করা। তবে হামলার সঙ্গে সঙ্গে ইরান পাল্টা হামলা শুরু করে, ফলে পরিস্থিতি দ্রুত উত্তপ্ত হয়ে ওঠে।

মধ্যপ্রাচ্যের এমন অগ্নিপর্যায়ে নতুন মাত্রা যোগ হয়েছে। ইরানের প্রাক্তন সুপ্রিম লিডার আয়াতুল্লাহ আলী খামেনির মৃত্যু এবং তার উত্তরসূরি হিসেবে ছেলে মোজতবা খামেনির ঘোষণার মধ্য দিয়ে যুদ্ধের প্রেক্ষাপট আরও জটিল হয়ে উঠেছে।

ইরানের রাষ্ট্রীয় টেলিভিশন ঘোষণা করেছে যে, মোজতবা খামেনিকে তার পিতার উত্তরসূরি হিসেবে নির্বাচিত করা হয়েছে। ৫৬ বছর বয়সী মোজতবা খামেনি এই মুহূর্তে দেশটির তত্ত্বাবধায়ক ও সামরিক বাহিনীর সর্বোচ্চ ক্ষমতা হাতে নিয়েছেন। তিনি ইসলামিক রেভল্যুশনারি গার্ডের কমান্ডার-ইন-চিফ এবং পারমাণবিক অস্ত্রের উচ্চ সমৃদ্ধ ইউরেনিয়াম নিয়ন্ত্রণের দায়িত্বও পেয়েছেন। তার নিয়োগ ঘোষণার সময় তেহরানের বিভিন্ন স্থানে মানুষ আনন্দে উদযাপন করতে দেখা গেছে।

মোজতবা খামেনি, যিনি আগে কখনও সরকারি পদে নিযুক্ত হননি, যুদ্ধের শুরুতেই রাজনৈতিক প্রেক্ষাপটে একটি শক্তিশালী পদক্ষেপ হিসেবে ধরা হচ্ছে। আঞ্চলিক বিশ্লেষকরা বলছেন, তার নিয়োগ যুদ্ধের গতি ও কূটনৈতিক আলোচনা উভয়কেই প্রভাবিত করবে। মোজতবার নিয়োগ ঘোষণার আগে ইরানের রাষ্ট্রীয় প্রেসিডেন্ট মাসউদ পেজেশকিয়ান কিছু সময়ের জন্য উপসাগরীয় দেশগুলোর প্রতি শান্তিপ্রিয় মনোভাব দেখিয়েছিলেন। তবে এই মন্তব্যগুলোকে ইরানের হাড্ডাহাড্ডি কর্মকর্তারা বাতিল করে দিয়েছিলেন এবং নতুন নেতৃত্বে তার অবস্থান দৃঢ় করতে মোজতবার নাম ঘোষণা করা হলো।

শনিবার রাতের আক্রমণে তেহরানের চারটি তেল সঞ্চয়াগার ও একটি পেট্রোলিয়াম স্থানান্তর টার্মিনাল ক্ষতিগ্রস্ত হয়েছে। এতে অন্তত চারজন নিহত হয়েছেন। তেহরানসহ দেশের বিভিন্ন অঞ্চলে কালো ধোঁয়ার চাদর নেমেছে। স্থানীয়রা জানাচ্ছেন, তেলের ডিপোতে আগুনের ধোঁয়া এমনভাবে ছড়িয়েছে যে সূর্যকে অন্ধকারে ঢেকে দিয়েছে। ইসরায়েলি সামরিক বাহিনী জানিয়েছে, এই স্থাপনাগুলো ইরানের সামরিক অভিযান ও ক্ষেপণাস্ত্র চালনার জন্য ব্যবহৃত হতো। ইরানের প্রধান শহর ও শিল্পাঞ্চলে ব্যাপক ধ্বংসযজ্ঞ চলছে। বিশেষত দক্ষিণ ইরানের মিনাব শহরে একটি স্কুলে হামলায় প্রায় একশত পঁচাত্তর শিক্ষার্থী ও কর্মচারী নিহত হয়েছেন। তেলের রপ্তানি, বিদ্যুৎ ও যোগাযোগ ব্যবস্থা ক্ষতিগ্রস্ত। দেশের অভ্যন্তরীণ নিরাপত্তা ব্যবস্থা সংকটাপন্ন হয়ে উঠেছে।

লেবাননে ইসরায়েলের বিমান হামলায় প্রায় চারশো জন নিহত হয়েছেন। হিজবুল্লাহ ও ইসরায়েলের মধ্যে উত্তেজনা বৃদ্ধি পাওয়ায় হাজার হাজার মানুষ গৃহহীন হয়েছেন। দক্ষিণ লেবানন এবং বৈরুতের বিভিন্ন এলাকায় স্কুল, হাসপাতাল ও আবাসিক ভবন ধ্বংস হয়েছে। বহু মানুষ নিরাপদ আশ্রয় খুঁজছে।

ইসরায়েলও হামলার আওতায় এসেছে। ইরানের ক্ষেপণাস্ত্র হামলায় অন্তত ১১ জন নিহত হয়েছেন, শতাধিক আহত হয়েছেন। সামরিক ঘাঁটিতে আক্রমণ এবং নাগরিক এলাকায় ক্ষেপণাস্ত্রের বিস্ফোরণ শহরের জীবনযাত্রা প্রভাবিত করছে।

যুক্তরাষ্ট্রে সামরিক বাহিনীও হামলার শিকার হয়েছে। ইরানের পাল্টা আক্রমণে অন্তত ছয় জন আমেরিকান সেনা নিহত হয়েছেন। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এই অভিযানকে চলমান রাখার কথা ঘোষণা করেছেন এবং ইরানকে নিঃশর্ত আত্মসমর্পণের জন্য চাপ দিচ্ছেন।

উপসাগরীয় দেশগুলোও নিরাপদ নয়। সংযুক্ত আরব আমিরাত, কুয়েত, বাহরাইন এবং সৌদি আরবের আকাশসীমায় ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলা চলে। ইউএই-এর প্রতিরক্ষা ব্যবস্থা কিছু হামলা প্রতিহত করতে সক্ষম হয়েছে। কুয়েত ও সৌদি আরবে সীমান্তে নিরাপত্তা কর্মকর্তা ও বেসামরিক নাগরিকদের মধ্যে প্রাণহানি ঘটেছে।

সংযুক্ত আরব আমিরাতের প্রতিরক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, তারা আকাশসীমায় আসা বেলিস্ত্র ও ক্রুজ ক্ষেপণাস্ত্র এবং ড্রোনগুলোকে সফলভাবে প্রতিহত করেছে। তবে দেশটির কয়েকটি স্থাপনা আংশিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। কুয়েতের আন্তর্জাতিক বিমানবন্দরও ক্ষেপণাস্ত্র হামলায় ক্ষতিগ্রস্ত হয়ে সীমিতভাবে কার্যক্রম শুরু করেছে।

ইরানের পক্ষ থেকে ঘোষণা এসেছে, উপসাগরীয় দেশগুলোতে হামলা চালানো হবে না যদি তাদের ভূখণ্ড ব্যবহার করে ইরানের বিরুদ্ধে হামলা না করা হয়। কিন্তু বাস্তবে পরিস্থিতি ভিন্ন। কুয়েত, বাহরাইন ও সংযুক্ত আরব আমিরাতে ড্রোন হামলা চালানো হচ্ছে। মার্কিন ও ইসরায়েলি ঘাঁটিতে রকেট হামলার ফলে সেখানে নিহত ও আহতের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে।

লেবাননের দক্ষিণাঞ্চল ও বৈরুতের দক্ষিণাঞ্চলীয় আশেপাশে নিরাপত্তা ব্যবস্থা জোরদার হয়েছে। স্কুল, মসজিদ ও হাসপাতাল শরণার্থী শিবিরে রূপান্তরিত হচ্ছে। হাজার হাজার মানুষ নিরাপদ আশ্রয়ের জন্য শহর ছেড়ে যাচ্ছে।

এদিকে তেলের আন্তর্জাতিক বাজারে প্রভাব পড়েছে। যুদ্ধের ফলে ব্রেন্ট ক্রুডের দাম কয়েকদিনের মধ্যে ২৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ১০০ ডলারের কাছাকাছি পৌঁছেছে। উপসাগরীয় দেশগুলোতে তেলের সরবরাহ ব্যাহত হওয়ায় বিশ্ব অর্থনীতি চাপে পড়েছে।

যুক্তরাষ্ট্রের সামরিক কমান্ড জানিয়েছে, ইরানের সব সামরিক ঘাঁটিতে আক্রমণ অব্যাহত থাকবে। যুক্তরাষ্ট্র এবং ইসরায়েল যৌথভাবে পরিকল্পিত হামলা চালাচ্ছে, যার ফলে ইরানকে নিঃশর্ত আত্মসমর্পণ করতে বাধ্য করা হবে। মার্কিন প্রতিরক্ষা সচিব পেট হেগসেথ জানিয়েছেন, ইরানের যদি কোনো হামলা চালানো হয়, তারা প্রতিহত করবে এবং প্রয়োজন হলে পাল্টা হামলা চালাবে।

ইরানের নতুন নেতৃত্ব নির্বাচনের প্রক্রিয়া শুরু হয়েছে। আঞ্চলিক কূটনীতিকরা বলছেন, উপসাগরীয় দেশগুলো এবং আন্তর্জাতিক সম্প্রদায় যুদ্ধবিরতির চেষ্টা করছে। তবে বর্তমান অবস্থায় কোনো স্থায়ী সমাধানের সম্ভাবনা নেই। ইরান-লেবানন-ইসরায়েল সংঘাত ক্রমশ দীর্ঘমেয়াদি আকার নিচ্ছে।

বিশ্বের গণমাধ্যমে প্রকাশিত রিপোর্ট অনুযায়ী, যুদ্ধের প্রথম নয় দিনে ইরান, লেবানন এবং ইসরায়েলসহ পুরো মধ্যপ্রাচ্যে অন্তত ১৭০০ জনের বেশি প্রাণহানি ঘটেছে। এছাড়া মার্কিন সামরিক বাহিনীর অন্তত ছয় সদস্য নিহত হয়েছেন। উপসাগরীয় দেশগুলোতে ক্ষেপণাস্ত্র হামলায় অন্তত ১০ জন নিহত হয়েছেন। আন্তর্জাতিক গণমাধ্যম বলছে, ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা অব্যাহত থাকায় এই সংখ্যা আরও বাড়ার আশঙ্কা রয়েছে।

মধ্যপ্রাচ্যের আকাশপথে স্থবিরতা : ২৩ হাজার ফ্লাইট বাতিল

প্রথম পৃষ্ঠার পর যুদ্ধকে কেন্দ্র করে মধ্যপ্রাচ্যজুড়ে সংঘাত ছড়িয়ে পড়েছে। এর প্রভাব পড়েছে মধ্যপ্রাচ্যের আকাশ পথেও। গত ২৮ ফেব্রুয়ারি যুক্তরাষ্ট্র ও ইসরায়েল যৌথ সামরিক হামলা করে ইরানে। এর পরপরই মধ্যপ্রাচ্যের একাধিক দেশ নিরাপত্তা ঝুঁকির কারণে তাদের আকাশসীমা সাময়িকভাবে বন্ধ বা সীমিত করে দেয়। ইরান, ইসরায়েল, ইরাক, কুয়েত, কাতার, বাহরাইন এবং সংযুক্ত আরব আমিরাতের আকাশপথে বিমান চলাচল ব্যাপকভাবে বিঘ্নিত হয়। এর ফলে আন্তর্জাতিক রুটের হাজার হাজার ফ্লাইট বাতিল হয় বা বিকল্প পথে পরিচালিত করতে হয়।

বিশেষ করে বিশ্বের অন্যতম ব্যস্ত আন্তর্জাতিক ট্রানজিট কেন্দ্র হিসেবে পরিচিত কয়েকটি বিমানবন্দর এই সংকটে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে। দুবাই আন্তর্জাতিক বিমানবন্দর, দোহা হামাদ আন্তর্জাতিক বিমানবন্দর এবং আবুধাবি আন্তর্জাতিক বিমানবন্দর কয়েক দিন ধরে আংশিক বা সম্পূর্ণভাবে ফ্লাইট বন্ধ রাখতে বাধ্য হয়।

এই তিনটি বিমানবন্দর ইউরোপ-এশিয়া ও এশিয়া-আফ্রিকা রুটের গুরুত্বপূর্ণ সংযোগ কেন্দ্র হিসেবে পরিচিত। ফলে এগুলোতে ফ্লাইট বন্ধ হয়ে যাওয়ার প্রভাব দ্রুত ছড়িয়ে পড়ে বিশ্বের বিভিন্ন অঞ্চলে। অনেক আন্তর্জাতিক ফ্লাইট বাতিল হয়, আবার অনেক ফ্লাইটকে দীর্ঘ পথ ঘুরে বিকল্প আকাশপথ ব্যবহার করতে হয়।

ফ্লাইট ট্র্যাকিং প্ল্যাটফর্মগুলোর তথ্য অনুযায়ী, মার্চের প্রথম সপ্তাহেই প্রতিদিন হাজার হাজার ফ্লাইট বাতিল হয়েছে। কেবল একটি দিনেই তিন হাজারের বেশি ফ্লাইট বাতিল হওয়ার ঘটনা ঘটেছে। এর ফলে আন্তর্জাতিক বিমানবন্দরে যাত্রীদের ভোগান্তি চরমে পৌঁছায়।

২৮ ফেব্রুয়ারি-৮ মার্চ ২০২৬

মোট বাতিল হওয়া ফ্লাইট: ২৩,০০০+

সবচেয়ে ক্ষতিগ্রস্ত বিমানবন্দর:

দুবাই আন্তর্জাতিক বিমানবন্দর
হামাদ আন্তর্জাতিক বিমানবন্দর (দোহা)
আবুধাবি আন্তর্জাতিক বিমানবন্দর
বেন গুরিয়ন বিমানবন্দর (তেল আবিব)

যেসব এয়ারলাইন্স সীমিতভাবে ফ্লাইট চালু করেছে:

এমিরেটস, ইতিহাদ এয়ারওয়েজ, কাতার এয়ারওয়েজ, ফ্লাইদুবাই

আকাশপথ বন্ধ ছিল:

ইরান, ওমান, ইসরায়েল, ইরাক, কুয়েত, কাতার
বাহরাইন, সংযুক্ত আরব আমিরাত

ইউরোপ, দক্ষিণ এশিয়া এবং দক্ষিণ-পূর্ব এশিয়ার বহু বিমানবন্দরে যাত্রীদের দীর্ঘ সময় অপেক্ষা করতে দেখা গেছে। দিল্লি, মুম্বাই, ফ্রাঙ্কফুর্ট, ইস্তাম্বুল, বালি এবং সিঙ্গাপুরসহ বিভিন্ন আন্তর্জাতিক বিমানবন্দরে ফ্লাইট বাতিলের প্রভাব পড়েছে। অনেক যাত্রীকে নতুন টিকিট বা বিকল্প ফ্লাইটের জন্য একাধিক দিন অপেক্ষা করতে হয়েছে।

বিশেষজ্ঞরা বলছেন, মধ্যপ্রাচ্য দীর্ঘদিন ধরেই আন্তর্জাতিক বিমান চলাচলের অন্যতম প্রধান ট্রানজিট করিডর হিসেবে ব্যবহৃত হচ্ছে। ইউরোপ থেকে এশিয়া বা এশিয়া থেকে আফ্রিকার দিকে যাওয়া অসংখ্য ফ্লাইট এই অঞ্চল ব্যবহার করে। ফলে এই অঞ্চলে আকাশপথ বন্ধ হয়ে গেলে তাৎক্ষণিকভাবে বিশ্বব্যাপী বিমান চলাচল ব্যাহত হয়।

এ পরিস্থিতিতে বিশ্বের অনেক বড় বিমান সংস্থা তাদের মধ্যপ্রাচ্যগামী রুট সাময়িকভাবে স্থগিত করেছে। লুফথানসা, এয়ার ফ্রান্স, সিঙ্গাপুর এয়ারলাইন্স, জাপান এয়ারলাইন্স, মালয়েশিয়া এয়ারলাইন্সসহ বেশ কয়েকটি আন্তর্জাতিক এয়ারলাইন্স নিরাপত্তার কারণে তাদের ফ্লাইট বাতিল বা পুনর্নির্ধারণ করেছে।

তবে পরিস্থিতি কিছুটা স্থিতিশীল হওয়ার পর ধীরে ধীরে সীমিত আকারে ফ্লাইট পুনরায় চালু করার উদ্যোগ নেওয়া হয়েছে। সংযুক্ত আরব আমিরাতের বিমান চলাচল কর্তৃপক্ষ বিশেষ অনুমতিতে কিছু ফ্লাইট পরিচালনার অনুমতি দেয়, যাতে আটকে পড়া যাত্রীরা গন্তব্যে ফিরতে পারেন।

গালফ অঞ্চলের বড় এয়ারলাইন্সগুলোর মধ্যে এমিরেটস, ইতিহাদ এয়ারওয়েজ এবং কাতার এয়ারওয়েজ ধীরে ধীরে তাদের কিছু রুটে ফ্লাইট চালু করার ঘোষণা দিয়েছে। এসব সংস্থা প্রথমে সীমিত সংখ্যক ফ্লাইট পরিচালনা শুরু করেছে এবং পরিস্থিতি পর্যবেক্ষণ করে ধাপে ধাপে স্বাভাবিক কার্যক্রমে ফেরার পরিকল্পনা করছে।

রবিবার থেকে এমিরেটস আবার দুবাই আন্তর্জাতিক বিমানবন্দর থেকে ফ্লাইট পরিচালনা শুরু করেছে। সামাজিক যোগাযোগ মাধ্যম এক্সে প্রকাশিত এক আপডেটে এয়ারলাইন্সের পক্ষ থেকে জানানো হয়েছে, নিশ্চিত হওয়া যাত্রাপত্রধারীরা বিমানবন্দরে যাওয়া শুরু করতে পারবেন। যারা দুবাই হয়ে সংযোগ ফ্লাইটে যাচ্ছেন, তাদের ক্ষেত্রেও একই নিয়ম প্রযোজ্য, যদি তাদের সংযোগ ফ্লাইট পরিচালিত হয়।

এর আগে এমিরেটস দুবাই থেকে সব ফ্লাইট স্থগিত করে যাত্রীদের বিমানবন্দরে না যাওয়ার পরামর্শ দিয়েছিল। ফেব্রুয়ারি ২৮ থেকে মার্চ ৩১ পর্যন্ত যাত্রাপথে থাকা যাত্রীদের পুনঃবুকিং করার সুযোগ ৩০ এপ্রিল পর্যন্ত দেওয়া হয়েছে অথবা তারা চাইলে ফেরতও নিতে পারবেন। দুবাই শহরের চেক-ইন সুবিধাগুলোও সাময়িকভাবে বন্ধ ছিল। এয়ারলাইনটি পরিস্থিতি পর্যবেক্ষণ করে ফ্লাইট সময়সূচি প্রয়োজন অনুযায়ী সমন্বয় করতে চলেছে।

বিশ্লেষকদের মতে, যুদ্ধ পরিস্থিতি দীর্ঘায়িত হলে আন্তর্জাতিক বিমান শিল্পের ওপর এর প্রভাব আরও বাড়তে পারে। বিমান সংস্থাগুলোর খরচ বেড়ে যাওয়া, বিকল্প রুট ব্যবহার করার কারণে জ্বালানি ব্যয় বৃদ্ধি এবং যাত্রীদের ভ্রমণ পরিকল্পনায় অনিশ্চয়তাসব মিলিয়ে বিমান খাত বড় অর্থনৈতিক চাপের মুখে পড়তে পারে।

এছাড়া মধ্যপ্রাচ্য বিশ্ব বাণিজ্যের জন্য গুরুত্বপূর্ণ কার্গো রুট হিসেবেও ব্যবহৃত হয়। ফলে এই অঞ্চলে আকাশপথে বিঘ্ন ঘটলে আন্তর্জাতিক পণ্য পরিবহনেও প্রভাব পড়ে। বিশেষ করে ইউরোপ ও এশিয়ার মধ্যে দ্রুত পণ্য পরিবহনের ক্ষেত্রে বিমান কার্গো ব্যবস্থায় চাপ বাড়তে পারে বলে মনে করছেন বিশ্লেষকরা।

কোভিড-১৯ মহামারির পর আন্তর্জাতিক বিমান চলাচল ধীরে ধীরে স্বাভাবিক হয়ে উঠছিল। কিন্তু নতুন এই যুদ্ধ পরিস্থিতি আবারও সেই খাতে বড় ধাক্কা দিয়েছে বলে মনে করা হচ্ছে।

পরিস্থিতি কখন পুরোপুরি স্বাভাবিক হবে তা এখনো স্পষ্ট নয়। তবে বিমান সংস্থা ও বিমানবন্দর কর্তৃপক্ষ বলছে, নিরাপত্তা পরিস্থিতির উন্নতি হলে ধাপে ধাপে ফ্লাইট চালু করা হবে এবং যাত্রীদের ভোগান্তি কমানোর চেষ্টা করা হবে।

যুদ্ধে কোনটির প্রভাব বেশি

৩-এর পৃষ্ঠার পর অনেক পাম্প তেল বিক্রি বন্ধ করে দিয়েছে। পরিবাগের মেঘনা পাম্পে তেলের জন্য অপেক্ষমাণ এক মোটরসাইকেল চালক বলেন, ৪০ মিনিট ধরে এখানে অকটেনের জন্য দাঁড়িয়ে আছি। কিন্তু কোনোভাবে তেল পাচ্ছি না। কারের চালক হাবিবুর রহমান বলেন, আগামী সপ্তাহে তেল পাওয়া যায় কিনা জানি না। তাই তেল নিতে ৩০ মিনিট ধরে অপেক্ষা করছি। মধ্য বাড্ডা এলাকায় গিয়ে দেখা গেছে, সেখানেও একই অবস্থা। তেলের লাইনের ভিড় প্রধান সড়ক পর্যন্ত চলে এসেছে। রমনা পেট্রোল পাম্পের মালিক নাজমুল হক যুগান্তরকে বলেন, সকাল থেকে যতটুকু পারি আমরা তেল দিয়েছি। সবাই গাড়িতে সর্বোচ্চ লোড করে তেল কিনতে চান। আমরা চালকদের বলেছি, এভাবে নিলে তো সমস্যা হবে। কম-কম নেন। কিন্তু চালকরা তা শুনছে না। তিনি বলেন, সকাল থেকে তেল দেওয়া হয়েছে। জুমার নামাজের জন্য বন্ধ। সরকারের নতুন নির্দেশনার পর তেল দেওয়া হচ্ছে। এদিকে পরিস্থিতি দেখতে জ্বালানি প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত বিভিন্ন ফিলিং স্টেশনে ঘুরেছেন গতকাল। তিনি সাংবাদিকদের বলেছেন, তেলের মজুত আছে। তিনি এই পরিস্থিতিতে সবার সহযোগিতা কামনা করেছেন। জ্বালানিমন্ত্রীও দুপুরে রাজধানীর এক পাম্পে গিয়ে ওই মন্তব্য করে বলেন, সবাই অল্প অল্প তেল নেন। কোনো সমস্যা হবে না।

সেনাবাহিনীর প্রতিষ্ঠান ট্রাস্ট এনার্জি ডিভিশনের পরিচালক ব্রিগেডিয়ার মো. জামাল হোসাইন যুগান্তরকে বলেন, বর্তমান পরিস্থিতিতে সবার সহনশীল হওয়া দরকার। তবে সরকার ২০১৯ সাল থেকে নতুন পেট্রোল পাম্প অনুমোদন বন্ধ রেখেছে। এখন ফিলিং স্টেশন বা পেট্রোল পাম্প আরও বেশি থাকলে দেশে তেলের মজুতের পরিমাণ আরও বাড়ত। তাছাড়া দূর থেকে তেল আনতে তেলের অপচয় হয়। যা দেশের ক্ষতি। তিনি সরকারিভাবে দ্বিতীয় রিফাইনারি দ্রুত শুরু করার সুপারিশ করে বলেন, এতে করে পরিশোধিত তেলের ওপর নির্ভরতা কমবে।

কবে আসবে ডিজেল : দেশে ডিজেলের মজুত কম। দেড় লাখ টনের কম আছে ডিপোগুলোতে। আগামী ৯ মার্চ পরিশোধিত ডিজেলের দুটি পার্সেল বা জাহাজ দেশে ভিড়বে। এরপর ১১ তারিখ আরও ২টি পার্সেল আসতে পারে। পরবর্তী পার্সেলের ব্যাপারে এখনো চূড়ান্তভাবে জানায়নি সরবরাহকারীরা। তবে কোনো পার্সেল বাতিলও করেনি। জানা গেছে, যুদ্ধের কারণে জাহাজ ভাড়া অনেক বেড়ে গেছে। তেলের দামও হু-হু করে বাড়ছে। তাই সরবরাহকারীরা সময়মতো তেল পাঠাতে চাইছে না। তবে পেট্রোল, অকটেনের কোনো সমস্যা হবে না। কারণ সরকারি একটি প্রতিষ্ঠান ছাড়াও চারটি বেসরকারি ফ্রাকসনেশন কোম্পানি অকটেন ও পেট্রোল তৈরি করে। কিছু অকটেন প্রয়োজনে বিদেশ থেকে আমদানি করা হয়। বিপিসি জানায়, অকটেন-পেট্রোল নিয়ে আপাতত তেমন চিন্তা নেই। তবে সবাই গাড়িতে সর্বোচ্চ তেল নিলে তেলের সংকট সহজে কাটবে না।

চট্টগ্রামে গাড়ির ভিড়, অতিরিক্ত তেল সংগ্রহের চেষ্টা : চট্টগ্রামে পেট্রোল পাম্পগুলোতে জ্বালানি তেল সংগ্রহের জন্য ভিড় জমাচ্ছেন গাড়ির মালিকরা। বৈশ্বিক সংকটময় পরিস্থিতিতে যে কোনো সময় জ্বালানি তেলের সরবরাহ বন্ধ হয়ে যেতে পারে কিংবা মজুত ফুরিয়ে যেতে পারে-এমন আশঙ্কা থেকে পেট্রোল পাম্পগুলোতে ভিড় জমাচ্ছেন তারা। চাহিদার অতিরিক্ত তেল সংগ্রহে তারা পাম্পমালিকদের সঙ্গে বচসায় লিপ্ত হচ্ছেন। এদিকে এই অবস্থায় অকটেন, পেট্রোল ও ডিজেল বিপণনে দৈনিক কোন ধরনের গাড়ি কী পরিমাণ তেল পাবে তা নির্দিষ্ট করে দেওয়া হয়েছে। শুক্রবার বিপিসি সচিব শাহিনা সুলতানা স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে তেল বিক্রির পরিমাণ ও নীতিমালা ঠিক করে দেওয়া হয়েছে।

শুক্রবার ছুটির দিনে সাধারণত রাস্তায় যানবাহন কম থাকে। এ কারণে পাম্পেও ভিড় থাকে কম। কিন্তু গতকাল সন্ধ্যায় চট্টগ্রামের বিভিন্ন স্টেশনে ঘুরে দেখা গেছে ভিন্নচিত্র। নগরীর গণিবেকারি এলাকায় অবস্থিত কিউসি পেট্রোল পাম্প, কাতালগঞ্জ বাদশা মিয়া পেট্রোল পাম্প, লালদীঘি পাড় সিরাজ অ্যান্ড কোং পেট্রোল পাম্পসহ বেশ কয়েকটি পাম্পে দেখা গেছে যানবাহনের প্রচণ্ড ভিড়। কিউসি পেট্রোল পাম্পে দেখা গেছে মোটরসাইকেলের দীর্ঘ লাইন। বাইরে দাঁড়িয়ে আছে কয়েকশ মোটরসাইকেল। এই পাম্পের একজন নজলম্যান জানান, হঠাৎ করেই কয়েকদিন ধরে গাড়ি মালিকরা চাহিদার অতিরিক্ত তেল সংগ্রহের চেষ্টা করছেন। চাহিদামতো তেল না দিলে তারা পাম্পের কর্মচারীদের সঙ্গে বচসায় লিপ্ত হচ্ছেন। তাছাড়া আগে রসিদ ছাড়া নগদ টাকায় জ্বালানি তেল সংগ্রহ করলেও গতকাল থেকে রসিদ ছাড়া তেল দেওয়া হচ্ছে না। এ কারণে ভোগান্তিতে পড়েন গ্রাহকরা। পলোগ্রাউন্ডে অবস্থিত পেট্রোল পাম্পের ম্যানেজার মোহাম্মদ ইদ্রিস জানান, কোন গাড়ি কত লিটার তেল নিচ্ছে তার রসিদ সরবরাহ করা হচ্ছে। তবে বেশির ভাগ মালিক রসিদ ছাড়াই তেল নেওয়ার চেষ্টা করছেন দ্রুততার জন্য। এ নিয়েও সৃষ্টি হচ্ছে বাগবিতণ্ডা।

রাজশাহীতে বাইকারদের দীর্ঘ সারি : রাজশাহী বিভাগের বিভিন্ন ফিলিং স্টেশনে পেট্রোল ও অকটেনের সংকট দেখা দেওয়ায় বাইকারদের দীর্ঘ সারি তৈরি হয়েছে। চাহিদামতো তেল না পাওয়ার অভিযোগ করেছেন চালকরা। কোথাও কোথাও তেল শেষ হয়ে যাওয়ায় কয়েকটি ফিলিং স্টেশন সাময়িকভাবে বন্ধও হয়ে গেছে। যেসব স্টেশনে তেল রয়েছে, সেগুলোতে সীমিত পরিমাণে তেল বিক্রি করা হচ্ছে। বাংলাদেশ পেট্রোলিয়াম ডিলার্স, ডিস্ট্রিবিউটর্স, এজেন্টস অ্যান্ড পেট্রোল পাম্প ওনার্স অ্যাসোসিয়েশনের তথ্য অনুযায়ী, রাজশাহী বিভাগের আট জেলায় মোট ২৭৯টি ফিলিং স্টেশন রয়েছে। তিন দিন ধরে এসব স্টেশনে পেট্রোল ও অকটেন সরবরাহে ঘাটতি দেখা দিয়েছে। কোনো কোনো স্টেশনে সর্বোচ্চ ২০০ টাকা এবং কোথাও ৫০০ টাকার তেল দেওয়া হয়। শুক্রবারও একই চিত্র দেখা গেছে। সকাল থেকেই রাজশাহী নগরীর বিভিন্ন ফিলিং স্টেশনে বাইকারদের দীর্ঘ সারি লক্ষ করা যায়। একই চিত্র বিভিন্ন উপজেলায়ও। দুর্গাপুর উপজেলার বাসিন্দা মোবাররক হোসেন জানান, বৃহস্পতিবার রাতে তিনটি ফিলিং স্টেশন ঘুরে তিনি মাত্র এক হাজার টাকার পেট্রোল নিতে পেরেছেন। এর মধ্যে একটি স্টেশন থেকে ৫০০ টাকার এবং দুটি স্টেশন থেকে ২৫০ টাকা করে তেল নিয়েছেন। কোথাও চাহিদামতো তেল পাননি বলে জানান তিনি।

বরিশালে মিলছে না অকটেন-ডিজেল : বরিশালের পাম্পে মিলছে না অকটেন, ডিজেল। পেট্রোলেও সংকট। বরিশাল জেলা ও নগরীর বিভিন্ন এলাকায় মোটরসাইকেলচালকরা ট্যাংকি পূর্ণ করে তেল নিচ্ছেন। ফলে হঠাৎ করে পেট্রোল-অকটেন-ডিজেলের চাহিদা বেড়ে গেছে। এই পরিস্থিতিকে অজুহাত হিসাবে ব্যবহার করে কিছু পেট্রোল পাম্প আংশিক বা পুরোপুরি বন্ধ রাখছে। শুক্রবার সকালে বিভিন্ন এলাকা ঘুরে ফিলিং স্টেশন (তেল পাম্প) বন্ধ থাকতে দেখা গেছে। ফলে অনেকেই গাড়ির তেল নিতে এসে ফিরে যাচ্ছেন। নগরীর সিএন্ডবি রোডে তেলের পাম্প বন্ধ দেখা গেছে। ফিলিং স্টেশনের স্টাফরা বলেন, সকাল থেকেই চাহিদা বেশি ছিল। যা তেল ছিল সব শেষ হয়ে গেছে। তেলের গাড়ি না এলে আর তেল দিতে পারব না। এখন তেল নেই তাই বন্ধ রাখছি।

৫০০ টাকার বেশি তেল দিচ্ছে না কামিনী ফিলিং স্টেশন। এই পাম্পটিতে মোটরসাইকেল যাত্রীদের দীর্ঘ লাইন রয়েছে। সাধারণত এই পাম্পটি ফাঁকা থাকে। তবে শুক্রবার দুপুর থেকেই পাম্পটিতে তীব্র ভিড় ছিল। এই পাম্পে কোনো মোটরসাইকেলকে ৫শ টাকার বেশি তেল দেওয়া হচ্ছে না।

যশোরে ফুয়েল স্টেশনে হুড়াহুড়ি : তেলের মজুত কমে যেতে পারে-এমন আতঙ্কে যশোরের বিভিন্ন ফুয়েল স্টেশনে হুড়াহুড়ি বেধে গেছে। বৃহস্পতিবার থেকে যশোরের বিভিন্ন ফুয়েল স্টেশনে মোটরসাইকেল, ট্যাক্সিসহ বিভিন্ন বাহন, এমনকি ড্রামে করে পেট্রোল-ডিজেল নেওয়ার হিড়িক পড়ে যায়। শুক্রবার বিকাল নাগাদ ফুয়েল না থাকায় চার থেকে পাঁচটি ফুয়েল স্টেশন বন্ধ হয়ে গেছে বলে জানান বাংলাদেশ জ্বালানি তেল পরিবেশক সমিতি, যশোর জেলার সভাপতি জাহিদ হাসান টুকুন। যশোর শহর ও শহরতলির তেলপাম্পগুলোতে এই দৃশ্য দেখা গেছে দুই দিন ধরে। বাধ্য হয়ে অনেক ক্ষেত্রে কর্তৃপক্ষ একবারে দুইশ টাকার বেশি তেল না নেওয়ার জন্য ক্রেতাদের অনুরোধ করছেন। এদিকে পুলিশের পক্ষ থেকে ফুয়েল স্টেশনগুলোতে যানবাহন ছাড়া অন্য কোনো বাহনে বা পাত্রে তেল সরবরাহ না করতে নির্দেশ দেওয়া হয়েছে। যাতে কেউ অতিরিক্ত তেল মজুত করতে না পারে। শহরতলির পুলেরহাট, চাঁচড়া, মেডিকেল কলেজের সামনের ফুয়েল স্টেশনগুলোতে ক্রেতাদের ভিড় দেখা গেছে। ওইসব স্টেশন থেকে দুইশ টাকার বেশি তেল মোটরসাইকেলে দেওয়া হচ্ছে না।

ফরিদপুরে বাইকে ২০০ টাকার বেশি তেল দিচ্ছে না : ফরিদপুরের ফিলিং স্টেশনগুলোতে যানবাহনচালকরা চাহিদা অনুযায়ী পেট্রোল, ডিজেল ও অকটেন নিতে পারছেন না। এদিকে গ্রাহকদের চাহিদা অনুযায়ী বিক্রি করতে না পারায় আর্থিক ক্ষতির মুখে পড়ছেন পাম্প মালিকরা। পাম্প মালিকদের দাবি, পর্যাপ্ত সরবরাহ না থাকায় চাহিদামতো তেল দেওয়া যাচ্ছে না গ্রাহকদের। শুক্রবার সকাল থেকে শহরের বিভিন্ন ফিলিং স্টেশনগুলো ঘুরে গেলে দেখা যায়, বাস, পিকআপ ও মোটরসাইকেলচালকরা জ্বালানি তেল নিতে স্টেশনে ভিড় করছেন। কিন্তু তাদের অভিযোগ, তারা চাহিদা অনুযায়ী জ্বালানি তেল পাচ্ছেন না। রাজবাড়ী থেকে ফরিদপুরের ভাঙ্গায় প্রাইভেটকার নিয়ে যাচ্ছিলেন চালক মো. সোহাগ মিয়া। তিনি বলেন, পাম্পে জ্বালানির জন্য এসেছি। আমার গাড়ির জন্য প্রয়োজন ২০ লিটার, কিন্তু পাম্প থেকে আমাকে দিচ্ছে মাত্র ৪ লিটার। এখন বাকি পথ কীভাবে যাব সেই চিন্তায় আছি। আমাদের দাবি সরকার যেন দ্রুত জ্বালানি সংকট দূর করতে প্রয়োজনীয় ব্যবস্থা নেন। মোটরসাইকেলচালক কাইয়ুম হোসেন বলেন, বাইকের জন্য তেল নিতে এসে দেখি পাম্প থেকে একজন মোটরসাইকেল আরোহীকে ২০০ টাকার বেশি জ্বালানি তেল দিচ্ছে না। ফরিদপুর সদরের যমুনা ফিলিং স্টেশনের ম্যানেজার বলেন, স্বল্প জ্বালানি থাকায় গ্রাহকদের চাহিদা অনুযায়ী না দিয়ে সীমিত পরিমাণে সরবরাহ করা হচ্ছে।

সৌজন্যে যুগান্তর

গাড়িতে তেল বিক্রির সীমা বেঁধে দিল সরকার

৩-এর পৃষ্ঠার পর সমন্বয় করতে পারে।

এটি এমন একটি অস্ত্র, যেটি সস্তায় এবং বিপুল সংখ্যায় তৈরি করা যায়। ফলে পেন্টাগন তাদের যুদ্ধকৌশলে বড় পরিবর্তন আনতে পারে। কারণ, যুদ্ধ করতে গিয়ে এমন সস্তা অস্ত্র অনেক পরিমাণে ধ্বংস হলেও ক্ষতি কম হয়।

লুকাস নিয়ে যা জানা যায়

লুকাস দিয়ে যুক্তরাষ্ট্র হামলা শুরু করেছে সম্প্রতি। উপসাগরে থাকা মার্কিন রণতরি থেকে সেগুলো উৎক্ষেপণ করা হচ্ছে। এখন পর্যন্ত সেগুলো ইরানের ক্ষেপণাস্ত্র উৎক্ষেপণকেন্দ্রে হামলা এবং রাডার-ব্যবস্থা ধ্বংসে ব্যবহার করা হচ্ছে। লুকাস নেটওয়ার্কের মাধ্যমে সংযুক্ত থেকে সমন্বিতভাবে আক্রমণ করছে।

ইরানের শাহেদ ১৩৬, নাকি যুক্তরাষ্ট্রের লুকাস; অত্যাধুনিক সমরাস্ত্র হিসেবে কোনটি সেরা, আজকের দিনে সেটি বড় প্রশ্ন নয়; বরং উভয় পক্ষই এখন একই ধরনের অস্ত্র ব্যবহারের ধারণার দিকে এগোচ্ছে। দামি ক্ষেপণাস্ত্রের বদলে সস্তা এবং বিপুল সংখ্যায় উৎপাদন সম্ভব আত্মঘাতী ড্রোন যুদ্ধে নতুন আতঙ্কের নাম হয়ে উঠছে।

স্টেট সিনেটর জেসিকা রামোস এর আয়োজনে ইফতার

শেষ পৃষ্ঠায় পর জ্যাকসন হাইটসের আইএস ২৩০ মিলনায়তনে এই পার্টির আয়োজন করা হয়। কমিউনিটিতে অবদান রাখার জন্য অনুষ্ঠানে কয়েকজনকে সাইটেশন প্রদান করা হয়। অনুষ্ঠানে জেসিকা রামোস ও এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটি অব ইউএসএ'র সাধারণ সম্পাদক জাবেদ উদ্দিন বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে উল্লেখযোগ্য ব্যক্তিবর্গের মধ্যে শাহেদ দেলওয়ার চৌধুরী, কৃষিবীদ মিজানুর রহমান, বিশিষ্ট ব্যবসায়ী তুষার ভূইয়া, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট ইঞ্জিনিয়ার রহমান সায়েম, এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটি অব ইউএসএ সভাপতি সোহেল আহমেদ, সহ-সভাপতি কয়েস আহমদ, সাধারণ সম্পাদক জাবেদ উদ্দিন, কোষাধ্যক্ষ এমদাদ রহমান তরফদার, সাংগঠনিক সম্পাদক মইনুল হক চৌধুরী, সদস্য নুরুল হক, আবু সাইদ, জহিরুল হক, রুবেল আহমেদ, উপস্থিত ছিলেন।

কমিউনিটিতে অবদান রাখার জন্য অনুষ্ঠানে যাদের সাইটেশন দেয়া হয় তারা হলেন– সাংবাদিক ইকবাল মাহমুদ, টিভি নিউজ প্রেজেন্টর তামান্না মৌ, জালালাবাদ এসোসিশেন অব আমেরিকার ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রোকন হাকিম, বিশিষ্ট ব্যবসায়ী এমডি আলমগীর হোসেন, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট আল আমীন জিল্লা, জামাল উদ্দিন আহমেদ (লিটন), আতিয়া আহমেদ, উইন্ডি ডমিংগাস, এঞ্জেলা ওরলান্দি ও জাহারা নোহা-কে সাইটেশন প্রদান করা হয়।

অনুষ্ঠানে সিনেটরের অফিসের ডাইরেক্টর পার্লা লোপেজ লিবারেত, স্পেশাল প্রোজেক্ট ম্যানেজার জোয়ান মেনুয়াল বাসকুইজ ও তানিয়া লিনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।







নিউইয়র্ক সিটির সর্বত্র মিটার পার্কিং করার পরিকল্পনা

প্রথম পৃষ্ঠার পর আছে তাদের মাসে ২ থেকে আড়াইশ ডলার পর্যন্ত খরচ বেড়ে যেতে পারে।

ডেপুটি মেয়র ডিন ফুলিহান আরও বলেন, "এটা কোনো 'না' নয়। আমরা সব ধরনের আয় করার উপায় খুঁজছি। সিটির বাজেটের বড় ঘাটতি সমাধানের জন্য সব বিকল্প খোলা।" তিনি উল্লেখ করেছেন যে মিটার বাড়ানো এবং রেসিডেন্সিয়াল পার্কিং পারমিট জারি করা সম্ভব।

ফেব্রুয়ারিতে প্রকাশিত সেন্টার ফর এন আরবান ফিউচার এর রিপোর্টে বলা হয়েছে, সিটি যদি ফ্রি স্ট্রিট পার্কিং-এর ২৫% মিটারযুক্ত করে, তাহলে প্রায় ১ বিলিয়ন ডলার অতিরিক্ত আয় সম্ভব। বর্তমানে, নিউ ইয়র্ক সিটিতে ৩ মিলিয়নেরও বেশি পার্কিং স্পটের মধ্যে প্রায় ৮০,০০০টি মিটারযুক্ত।

ওই রিপোর্টে আরও সুপারিশ করা হয়েছে একটি রেসিডেনশিয়াল পার্কিং পারমিট সিস্টেম চালু করা। এতে ১০% গাড়ি-মালিক বাড়ির জন্য ৮৭৫ পারমিট ফি ধার্য করা হবে, যা বছরে আনুমানিক ৮১৩২ মিলিয়ন আয় করবে।

ম্যানহাটান বরো প্রেসিডেন্ট ব্র্যাড হোয়াইলম্যান-সিগাল বলেছেন, ফ্রি পার্কিং চার্জ করা হলে শহরের বাসিন্দারা সহজে জায়গা খুঁজে পাবেন এবং শহরের রাজস্বও বৃদ্ধি পাবে। তিনি বলেন, "আমরা এক বিলিয়ন ডলারেরও বেশি আয় করতে পারি। এটি শুধু মানুষকে 'নিঃখরচে' পার্কিং দেওয়ার ব্যাপার নয়, বরং বাসিন্দাদের নির্দিষ্ট জায়গায় পার্কিং নিশ্চিত করা।"

এদিকে মেয়র জোহারান মমদানি স্পষ্ট করেছেন, "৫.৪ বিলিয়ন ডলারের বাজেট ঘাটতি শুধু পার্কিং মিটার দিয়ে পূরণ করা যাবে না। আমাদের কাঠামোগত পরিবর্তন দরকার, যা সিটিকে আর্থিকভাবে শক্ত করবে।"

রিচি ক্রুজ নামের এক চালক বলেছেন, "কত খরচ ধার্য করা হবে? বড় আয়ের মানুষ ৮৩০,০০০ পার্কিং স্পট কিনতে পারবে, কিন্তু ন্যূনতম আয়ের মানুষ কী করবে?"

বাংলাদেশি কমিউনিটির মধ্যে এ নিয়ে মিশ্র প্রতিক্রিয়া দেখা দিয়েছে। শামসুল হক নামে জ্যামাইকার এক বাসিন্দা বলেন, রবিবার সিটির অনেক স্থানে মিটার পার্কিং বন্ধ থাকে। এ দিন মানুষের কাজ বন্ধ থাকায় নিজের পরিবারের কাজে বের হোন এবং নির্দিষ্ট ফ্রি পার্কিং লটে গাড়ি রেখে বাজার, লন্ড্রি সহ যাবতীয় কাজ করেন। এরকম সিদ্ধান্ত বাস্তবায়িত হলে মধ্যবিত্ত ও নিম্নবিত্তরা ক্ষতিগ্রস্ত হবেন।

ওজন পার্কের বাসিন্দা এনামুল ইসলাম বলেন, আমি ইয়ংকার্সে একটি প্রতিষ্ঠানে কাজ করি। সিটির বাস বা রেল পরিষেবা ব্যবহার করে সেখানে যাতায়াত করা অনেক সময় স্বাপেক্ষ ও খরচও বেশি। এজন্য গাড়ি নিজের গাড়ি দিয়ে যাতায়াত করি। এছাড়াও সন্তানদের স্কুলের যাতায়াত ও পারিবারিক কাজের জন্য গাড়ি ব্যবহার করি। বাসার পাশে ফ্রি পার্কিংয়ে গাড়ি রাখতে হয়। এখন যদি ফ্রি পার্কিংয়ে মিটার যুক্ত হয় তাহলেতো গাড়ির খরচ আরো বেড়ে যাবে।

স্টেইনওয়ের বাসিন্দা তৌসিফ চৌধুরী বলেন, শুনেছি এরকম চিন্তাভাবনা করছে সিটি প্রশাসন। তবে এমন সিদ্ধান্ত বাস্তবায়িত হলে দুর্ভোগই বাড়বে। দিনে মিটার রুল কার্যকর হওয়া আগে পার্কিং পে এর জন্য গাড়ির পাশে বসে থাকতে হবে।

জ্যাকসন হাইটসে বাজার করতে আসা আরিফ হাসান চৌধুরী জানান, এই জ্যাকসন হাইটসে বেশিরাভাগই বাণিজ্যিক রেটযুক্ত মিটারই বেশি। আমরাতো আসি বাজার করার জন্য। অথচ এখানে সাধারণ মানুষের গাড়ি পার্কিং লট খুবই সীমিত। এর মধ্যে যদি প্রশাসন ফ্রি পার্কিং লটে মিটার যুক্ত করে তাহলেতো আমাদের যাদের গাড়ি আছে তাদের মাসে ৩ থেকে ৪ শ ডলার অতিরিক্ত খরচ বহন করতে হবে।

তিনি আরো বলেন, বাজেট ঘাটতির জন্য সাধারণ মানুষের ওপর এরকম খরচ চাপিয়ে দিলে সিটির মানুষই বেশি ক্ষতিগ্রস্ত হবে।

তথ্য গোপন করে তদন্ত প্রতিবেদন

৩-এর পৃষ্ঠায় পর অল্প সময়ে একই যন্ত্র তিনবার প্রতিস্থাপন গভীর অন্তর্নিহিত সমস্যার ইঙ্গিত দেয় কিন্তু মূল কারণ অনুসন্ধানে যথাযথ উদ্যোগ নেওয়া হয়নি। জেনারেটর ভালো থাকা সত্ত্বেও এর পেছনে ২৩ কোটি টাকার মতো গচ্চা দেওয়া হয়েছে।

নথিপত্র পর্যালোচনায় তদন্ত কমিটি নিশ্চিত হয়, ত্রুটি নথিভুক্তকরণে বিলম্ব হয়েছে এবং নিয়ন্ত্রণ কক্ষ ও নির্ভরযোগ্যতা পর্যবেক্ষণ দলের মধ্যে সমন্বয়ের ঘাটতি ছিল। পর্যবেক্ষণ ব্যবস্থায় সীমিত ফ্লাইটের তথ্য সংরক্ষিত থাকায় পূর্ণাঙ্গ ত্রুটির ইতিহাস বিশ্লেষণ সম্ভব হয়নি।

প্রতিবেদনে বিমানের দুই প্রকৌশলী হীরালাল চক্রবর্তী ও মো. সাইফুজ্জামান খানের ভূমিকা নিয়ে প্রশ্ন তোলা হয়েছে। সংশোধন ও পরিষেবায় ফেরত দেওয়ার সিদ্ধান্তে তারা যথেষ্ট সতর্কতা ও যাচাই-বাছাই করেননি। বিশেষ করে কম তেলচাপের সতর্কবার্তার পরও বিমানকে ফ্লাইটের ছাড়পত্র দেওয়াকে গুরুতর সিদ্ধান্তগত ত্রুটি হিসেবে উল্লেখ করা হয়।

এ ধরনের ঘটনা এড়াতে তদন্ত কমিটি বেশ কয়েকটি সুপারিশ করেছে। সুপারিশগুলো হলো পুনরাবৃত্তিমূলক ত্রুটি শনাক্তে তাৎক্ষণিক সতর্কাবস্থা চালু করা, গুণগত মান নিশ্চিতকরণ প্রক্রিয়া জোরদার করা, প্রতিস্থাপিত যন্ত্রাংশের বিস্তারিত পরীক্ষার প্রতিবেদন বাধ্যতামূলক করা, আধুনিক সমন্বিত রক্ষণাবেক্ষণ তথ্যব্যবস্থা চালু করা এবং মানবিক ফ্যাক্টর পর্যবেক্ষণ কাঠামো শক্তিশালী করা।

We Speak বাংলা, English, हिन्दी العربية
ALAM MEDICAL
লং আইল্যান্ডে ডিয়ার পার্কে
আপনার পরিবারের স্বাস্থ্যসেবা এখন হাতের নাগালে।
Dr. Rehana Alam
DO, DPM
Board certified family medicine physician
আমাদের সেবাসমূহ :
• হেলথ চেকআপ।
• দীর্ঘস্থায়ী (ক্রনিক) রোগ নির্ণয় ও ব্যবস্থাপনা (ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ ও অন্যান্য)।
• রোগ প্রতিষেধক টিকা প্রদান।
• শিশু ও কিশোর-কিশোরীদের স্বাস্থ্যসেবা।
• নারীদের স্বাস্থ্য পরীক্ষা ও সেবা, যার মধ্যে রয়েছে জরায়ুর ক্যান্সার নির্ণয়ের জন্য প্যাপ স্মিয়ার, গর্ভধারণ পরামর্শ ও মেনোপজ ব্যবস্থাপনা সহায়তা।
আমাদের সাথে যোগাযোগ করুন
Contact us 631-778-4048 1755 Deer Park Ave, Deer Park, NY 11729
www.alammedical.com



বাংলাদেশী আমেরিকান সোসাইটির ইফতার ও নতুন কমিটি ঘোষণা







শেষ পৃষ্ঠায় পর কাউন্সিল মেম্বার মিস্টার কোস্টা কনস্ট্যান্টিন, টাইম টিভির সিইও আবু তাহের, পরিচালক সৈয়দ ইলিয়াস খসরু, এডভোকেট মজিবুর রহমান, বিশিষ্ট ব্যবসায়ী নুরুল আজিম, লায়ন্সের সাবেক সভাপতি আহসান হাবীব, রাজনীতিবিদ ফরিদ আলম, নবাবগঞ্জ এসোসিয়েশনের সভাপতি উজ্জ্বল বিপুল, সাধারণ সম্পাদক গনেশ কির্তনীয়া, সাবেক সাধারণ সম্পাদক আব্দুল করিম প্রমুখ। অনুষ্ঠানে বাংলাদেশ সোসাইটির সভাপতি ও বাংলাদেশী আমেরিকান সোসাইটির উপদেষ্টা আতাউর রহমান সেলিম ও বাংলাদেশ সোসাইটির সিনিয়র সহ-সভাপতি মহিউদ্দিন দেওয়ান ২০২৬-২০২৯ এর নতুন কার্যনির্বাহী পরিষদের নাম ঘোষণা করেন। এছাড়াও পুনরায় মনোনীত সভাপতি মোহাম্মদ আলী নতুন উপদেষ্টা কমিটির নাম ঘোষণা করেন।

সভাপতি মোহাম্মদ আলী সংগঠনের পক্ষ থেকে লং আইল্যান্ড ১০০ কবরের ক্রয় করা হয়েছে বলে ঘোষণা দেন এবং উক্ত কবর গুলো সদস্যদের জন্য সংরক্ষিত থাকবে বলেও জানান। এই পর্যন্ত ৫০ কবর সদস্যগন গ্রহণ করেছেন এবং সংগঠনের সদস্য নুসরাত বাজ্জাল একটি কবর ক্রয় করে অসহায় কাউকে দান করার কথা ঘোষণা দেন। কবরের মূল্য নির্ধারণ করা হয়েছে ১৫০০ ডলার।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সাধারণ সম্পাদক, আমিন মেহেদী। সার্বিক তত্ত্বাবধানে ছিলেন সিনিয়র সহসভাপতি সেলিম খান, সহ-সভাপতি আমিন রুবেল, আহ্বায়ক কাজী জামান বিটু, সদস্য সচিব মিয়ান রহমান, প্রধান সমন্বয়ক মোঃ মুত্তাকিন আবিদ, সাংগঠনিক সম্পাদক মিলন মোল্লা, বাংলাদেশ সোসাইটির সাংগঠনিক সম্পাদক ডিউক খান, স্কুল সম্পাদক হাসান জিলানী, কার্যনির্বাহী সদস্য আবুল কাশেম চৌধুরী, হাসান খান, নারায়ণগঞ্জ সমিতি যুগ্ম সাধারণ সম্পাদক খালেদ আক্তার, মোঃ পারভেজ, বিশিষ্ট সঙ্গীতশিল্পী প্রতিক হাসান সহ বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ।





নিউইয়র্কে আইস অভিযান মোকাবেলায়

শেষ পৃষ্ঠায় পর অ্যাডভাইজার, সিনিয়র প্রোগ্রাম অ্যাডভাইজার এবং সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার। এসব পদের বার্ষিক বেতন নির্ধারণ করা হয়েছে প্রায় ১ লাখ ১০ হাজার থেকে ১ লাখ ৮৫ হাজার ডলারের মধ্যে।

মেয়র জোহরান মামদানী গত ৬ ফেব্রুয়ারি একটি নির্বাহী আদেশের মাধ্যমে এই কমিটি গঠনের ঘোষণা দেন। তার মতে, ফেডারেল অভিবাসন সংক্রান্ত পদক্ষেপ বাড়তে থাকায় শহরকে আগে থেকেই প্রস্তুত রাখা জরুরি। এই কমিটি শহরের বিভিন্ন দপ্তরের প্রতিনিধিদের নিয়ে গঠিত হবে এবং এর নেতৃত্বে থাকবেন ফার্স্ট ডেপুটি মেয়র ডিন ফোলেইহান। এছাড়া মেয়রের অভিবাসী বিষয়ক দপ্তরের কমিশনার ফাইজা আলীও এতে যুক্ত থাকবেন।

নির্বাহী আদেশ অনুযায়ী, কোনো ফেডারেল আইন প্রয়োগকারী সংস্থা যদি বিচারিক পরোয়ানা ছাড়া সিটির সম্পত্তি ব্যবহার করতে চায়, তবে তা নিষিদ্ধ থাকবে। পাশাপাশি নিউইয়র্কবাসীর ব্যক্তিগত তথ্য সুরক্ষার বিষয়টিও এই কমিটির দায়িত্বের মধ্যে পড়বে।

শুধু অভিবাসন অভিযান নয়, ফেডারেল সরকারের এমন যেকোনো পদক্ষেপ যা সিটির বাসিন্দাদের নিরাপত্তা বা কল্যাণকে প্রভাবিত করতে পারে, সেগুলো পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় প্রতিক্রিয়া দেওয়াও এই দলের কাজ হবে।

এক স্লিপ

শেষ পৃষ্ঠায় পর হতাহত হয়েছে। এই হামলা নিয়ে বিশ্ববাসী উদ্বিগ্ন। আশঙ্কা তৃতীয় বিশ্ব যুদ্ধের। ইরানে হামলার ঘটনা এখন 'টপ অব দ্যা ওয়ার্ল্ড'-এ পরিণত হয়েছে। বিভিন্ন দেশের মতো নিউইয়র্ক সহ যুক্তরাষ্ট্রের সর্বত্রই এখন আলোচিত হচ্ছে হামলার ঘটনা। চলছে পক্ষে-বিপক্ষে বাদানুবাদ। সোস্যাল মিডিয়াতেও চলছে নানা কথা। 'আমেরিকার মাটিতে বসে 'আমেরিকা-ইরান' যুদ্ধ নিয়ে সোশ্যাল মিডিয়ায় 'আবেগঘন' পোস্ট দেওয়ার ব্যাপারে সতর্কতা অবলম্বন করা শ্রেয়'-এমন মন্তব্য করেছেন কেউ কেউ। কিন্তু কেন? এমন প্রশ্নও অনেকেরও। এসব নানা প্রশ্নের মধ্যে বড় প্রশ্ন হচ্ছে আসলেই কি 'তৃতীয় বিশ্ব যুদ্ধ' আসন্ন?

০১ মার্চ ২০২৬

ব্রুকলিনের চার্চ-ম্যাকডোনাল্ড এবং জ্যামাইকাতে বাংলাদেশী ডাক্তার

INAMULHAQUE M SABOOR,MD

USCIS Designated Civil Surgeon
Board Certified Internal Medicine

সেবাসমূহ

- জেনারেল চেক আপ
- ইকেজি
- ডায়াবেটিস
- বয়স্ক ভেক্সিনেশান
- হাইপারটেনশন
- হজ্ব ভেক্সিনেশান
- হাই কোলেষ্টরল, এজমা
- ব্লাড টেষ্ট
- TLC EYE EXAM

আমাদের অফিসে বিভিন্ন বিশেষজ্ঞ ডাক্তার বসেন



Saboor Waizun Medical PC

আমরা প্রায় সকল প্রকার ইন্সুরেন্স গ্রহন করি

BROOKLYN
486 MCDONALD AVE
BROOKLYN, NY 11218
PH: (718) 247-7226
Sat, Tues and Thursday: 12:00PM- 7:00PM

JAMAICA
87-12 167TH ST
JAMAICA, NY 11432
PH: (718) 558-0280
Mon, Wed & Friday: 11:00AM to 5:00PM

ই'তিকাফ: বরকত লাভের মহাসুযোগ



জাফর আহমাদ

ই'তিকাফ শব্দের অর্থ আঁকড়ে ধরে রাখা। ইসলামী পরিভাষায় আল্লাহ তা'আলার কল্যাণ সন্তুষ্টি ও রহমত অর্জনের জন্য রমযানের শেষ দশকে মসজিদে অবস্থান করাকে ই'তিকাফ বলা হয়। রমযানের এত মর্যাদার পর এই মর্যাদাকে আরো পরিপূর্ণ বরকতময় করার জন্য ই'তিকাফের মত একটি বিশেষ ইবাদাত।

এটি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের একটি প্রসিদ্ধ সুন্নাহ। মৃত্যু অবদি তিনি নিয়মিত ই'তিকাফ করেছেন। নবী সহধর্মিনী উম্মুল মু'মিনিন হযরত আয়েশা রাঃ থেকে বর্ণিত যে, "নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রমযানের শেষ দশক ই'তিকাফ করতেন। তাঁর ওফাত পর্যন্ত এই নিয়মই ছিল। এরপর তাঁর সহধর্মিনীগণও ই'তিকাফ করতেন।"(বুখারী: ২০২৬, ২০৩৩, ২০৩৪, ২৯৪১ ২০৪৫ তাওহিদ পাব:, আ: প্র: ১৮৮৪, ই.ফা: ১৮৯৬. কিতাবুল ই'তিকাফ, বাবুল ই'তিকাফ ফি আশরে আওয়াখির.....)

ই'তিকাফ সম্পর্কে আল্লাহ তা'আলার নির্দেশনা হচ্ছে,"আর যখন তোমরা মসজিদে ই'তিকাফে বসো তখন স্ত্রীদের সাথে সহবাস করো না। এগুলো আল্লাহর নির্ধারিত সীমারেখা, এর ধারে কাছেও যেয়োনা। এভাবে আল্লাহ তাঁর বিধান লোকদের জন্য সুস্পষ্টভাবে বর্ণনা করেন, আশা করা যায় এর ফলে তারা ভুল কর্মনীতি গ্রহণ করা থেকে বিরত থাকবে।"(সুরা বাকারা:১৮৭) ই'তিকাফে বসার মানে হচ্ছে, রমযানের শেষ দশদিন মসজিদে অবস্থান করা এবং এই দিনগুলোকে আল্লাহর যিকিরের জন্য নিষ্টি করা। এই ই'তিকাফে থাকা অবস্থায় নিজের মানবিক ও প্রাকৃতিক প্রয়োজন পূর্ণ করার জন্য মসজিদের বাইরে যাওয়া যায় কিন্তু যৌন স্বাদ আস্বাদন করা থেকে নিজেকে সম্পূর্ণ দূরে রাখা একান্ত অপরিহার্য। আয়াতে শুধুমাত্র সীমারেখা অতিক্রম করার কথা বলা হয়নি বরং বলা হয়েছে, এগুলোর ধারে কাছেও যেয়ো না। এর অর্থ হচ্ছে, যেখান থেকে গোনাহের সীমানা শুরু হচ্ছে ঠিক সেই শেষ প্রান্তে সীমানা লাইন বরাবর ঘোরাফেরা করা বিপদজ্জনক। সীমান্ত থেকে দূরে থাকাই নিরাপদ ব্যবস্থা। কারণ সীমান্ত বরাবর ঘোরাফেরা করলে ভুলেও কখনো সীমান্তের ওপারে পা চলে যেতে পারে। রাসুলুল্লাহ সা:ও সীমানার কাছাকাছি না যাওয়ার হুকুম দিয়েছেন।

ই'তিকাফ কেন করবেন? ই'তিকাফ এর লক্ষ-উদ্দেশ্য হলো, আল্লাহর অবারিত কল্যাণ ও রহমতকে আঁকড়ে ধরা। রমযানের শেষ দশকে মহান আল্লাহ মুসলিম উম্মাহকে এমন একটি মহিমান্বিত রাত্রি দান করেছেন যা হাজার মাসের চাইতেও উত্তম। সেই বরকতময় রাত্রিকে আঁকড়ে ধরার জন্য মুসলিম উম্মাহ রমযানের শেষ দশকে ই'তিকাফে মসজিদে অবস্থান করেন। আল্লাহ তা'আলা বলেন,"আমি এ (কুরআন) নাযিল করেছি কদরের রাতে। তুমি কি জানো, কদরের রাত কি? কদরের রাত হাজার মাসের চাইতেও বেশী ভালো। ফেরেশতারা ও রুহ এই রাতে তাদের রবের অনুমতিক্রমে প্রত্যেকটি হুকুম নিয়ে নাযিল হয়। এ রাতটি পুরোপুরি শান্তিময় ফজরের উদয় পর্যন্ত।" (সুরা কদর)

এখন প্রশ্ন হচ্ছে এই রাত কোনটি। এ ব্যাপারে ব্যাপক মতবিরোধ দেখা যায়। এ সম্পর্কে ৪০টি মতের সন্ধান পাওয়া যায়। তবে আলেম সমাজের অধিকাংশের মতামত হলো, রমযানের শেষ দশ তারিখের কোন একটি বেজোর রাত হচ্ছে এই কদরের রাত আবার তাদের মধ্যে বেশী ভাগের মত হচ্ছে সেটি সাতাশ তারিখের রাত। সবগুলো মতের পক্ষে সহীহ হাদিস বিদ্যমান রয়েছে। তাই সকল হাদীসের আলোকে ওলামায়ে কেরামের মতামতকে সামনে রেখে লাইলাতুল কদরকে পাওয়ার জন্য ই'তিকাফই হলো, উত্তমপন্থা। কাঙ্খিত বস্তুটিকে পাওয়ার জন্য সাঁড়াশি অভিযান চালানো মতো হলো, ই'তিকাফ।

মুফাসসিরগণ সাধারণভাবে এর অর্থ করেছেন, এ রাতের সৎকাজ হাজার মাসের সৎকাজের চেয়ে ভালো। হযরত উবাদাহ ইবনে সামেত রাঃ থেকে বর্ণিত। রাসুলুল্লাহ সা: বলেছেন, "কদরের রাত রয়েছে রমযানের শেষ দশ রাতের মধ্যে। যে ব্যক্তি প্রতিদান লাভের আকাংখা নিয়ে এসব রাতে ইবাদাতের জন্য দাঁড়িয়ে থাকে আল্লাহ তার আগের পিছনের সব গোনাহ মাফ করে দেবেন।(মুসনাদে আহমাদ) বুখারী ও মুসলিমেও কদরের রাতে আমলের এ ধরণের ফযিলতের কথা বলা হয়েছে।

কিন্তু আয়াতে উচ্চারিত শব্দগুলোতে এ কথা বলা হয়নি যে, কদরের রাতের আমল হাজার রাতের আমলের চেয়ে ভালো। বরং বলা হয়েছে যে, "কদরের রাতের আমল হাজার রাতের আমলের চেয়ে ভালো।" আর মাস বলতে একেবারে গুণে গুণে তিরাশি বছর চার মাস নয়। বরং আরববাসীদের কথার ধরণই এ রকম ছিল যে, কোন বিপুল সংখ্যার ধারণা দেবার জন্য তারা "হাজার" শব্দটি ব্যবহার করতো। তাই আয়াতের অর্থ হচ্ছে, এই একটি রাতে এত বড় নেকী ও কল্যাণের কাজ হয়েছে যা মানবতার সুদীর্ঘ ইতিহাসে কোন দীর্ঘতম ইতিহাসে কোন দীর্ঘতম কালেও হয়নি।

এটি এমন এক রাত যে রাতে জিবরীল আমীন আ: তাঁর সাথীদের নিয়ে আল্লাহর অনুমতিক্রমে প্রত্যেক হুকুম নিয়ে নাযিল হন। তাঁরা 'আমরে হাকীম' বিজ্ঞতাপূর্ণ কাজ নিয়ে নাযিল হন। অর্থাৎ আল্লাহ তা'আলার রাজকীয় ব্যবস্থাপনায় এটা এমন এক রাত যে রাতে তিনি ব্যক্তি, জাতি এবং দেশসমূহের ভাগ্যের ফায়সালা অনুসারে কাজ করতে থাকে। এটি এমন এক রাত যা সন্ধা থেকে সকাল পর্যন্ত সারাটা রাত শুধু কল্যাণ আর কল্যাণে পরিপূর্ণ। সেখানে ফিতনা, দুষ্কৃতি ও অনিষ্টকারিতার ছিটেফোটাও নেই। তাফসীরে মার'আরেফুল কুরআনে বলা হয়েছে, ফেরেশতাগণ সারা বছরের অবধারিত ঘটনাবলী নিয়ে পৃথিবীতে অবতরণ করেন। এ রাত্রিটি যাবতীয় অনিষ্ট ও বিপদ-আপদ থেকে শান্তিস্বরূপ। (ইবনে কাসির) কুরতবী বলেছেন, এ রাত্রিটি শান্তি শান্তিই, মঙ্গলই মঙ্গল। এতে অনিষ্টের নামই নেই। মাযহারী বলেছেন, ফেরেশতাগণ শান্তি ও কল্যাণকর বিষয় নিয়ে অবতীর্ণ হন। ফযর পর্যন্ত কল্যাণের এ ধারা অব্যাহত থাকে।

কোন কোন তাফসীরকার কদরকে তকদীর অর্থে গ্রহণ করেছেন। অর্থাৎ এই রাতে আল্লাহ তকদীরের ফায়সালা জারী করার জন্য তাঁর ফেরেশতাদের হাতে তুলে দেন। অন্যদিকে ইমাম যুহরী বলেন, কদর অর্থ হচ্ছে, শ্রেষ্টত্ব ও মর্যাদা। অর্থাৎ এটি অত্যন্ত মর্যাদাশালী রাত। এই অর্থ সমর্থন করে এই সুরার নিম্নোক্ত আয়াতটি"কদরের রাত হাজার মাসের চাইতেও উত্তম।"

এই একটিমাত্র রাত্রি যার মধ্যে সৎকাজ তুলনায় রমাযানের শেষ দশকে অধিক পরিমাণে সচেষ্ট থাকতেন যা অন্য সময়ে থাকতেন না।"(মুসলিম: ২৬৭৮, হাদীস একা:, ই.ফা: ২৬৫৫, ই.সে:২৬৫৪, কিতাবুল ই'তিকাফ, বাবুল ইজতেহাদি ফি আশরি আওয়াখির...)

আল্লাহ তা'আলা তাঁর অন্যান্য নবী-রাসুল ও তাঁদের উম্মতগণকে শত শত কিংবা হাজার বছর পর্যন্ত জীবন দান করেছেন। তাঁরা বছরের পর বছর আল্লাহর ইবাদাত বন্দেগীতে জীবন কাটিয়েছেন। সে হিসাবে আল্লাহ তা'আলা আমাদেরকে স্বল্প আয় বা জীবনকাল দান করেছেন। কিন্তু দয়া করে আমাদেরকে এমন এমন কিছু সময় ও মহুর্ত দান করেছেন সেই সাথে দান করেছেন অফুরন্ত বরকত। তিনি দয়া করে আমাদেরকে দান করেছেন এক মহিমান্বিত রাত্রি যার নাম লাইলাতুল কদর। এ রাত্রিটি যার ভাগ্যে জুটে তিনি হাজার বছরের রাত্রি পেলেন। কিন্তু রাসুলুল্লাহ এ রাত্রিটিকে রমযানের শেষ দশকের কোন রাত্রি তা নির্দিষ্ট করেননি। তবে বেজোড় রাত্রি হিসাবে তিনি উল্লেখ করেছেন। তাই মুসলিম উম্মাহ এই রাত্রটি পাওয়ার জন্য শেষ দশদিন ই'তিকাফে বসে যান।

আবু সাঈদ খুদরী রাঃ থেকে বর্ণিত যে, আল্লাহর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রমযানের মধ্যম দশকে ই'তিকাফ করতেন। এক বছর এরূপ ই'তিকাফ করেন, যখন একুশের রাত এলো, যে রাতের সকালে তিনি তাঁর ই'তকাফ থেকে বের হবেন, তখন তিনি বললেন: যারা আমার সাথে ই'তিকাফ করেছে তারা যেন শেষ দশকে ই'তিকাফ করে। আমাকে স্বপ্নে এই রাত দেখানো হয়েছিল। পরে আমাকে তা ভুলিয়ে দেয়া হয়েছে। অবশ্যি আমি স্বপ্নে দেখতে পেয়েছি যে, ঐ রাতের সকালে আমি কাদা-পানির মধ্যে সেজদা করছি। তোমরা তা শেষ দশকে তালাশ করো এবং প্রত্যেক বেজোর রাতে তালাশ করো। পরে এই রাতে আকাশ থেকে বৃষ্টি বর্ষিত হয়, মসজিদের ছাদ ছিল খেজুর পাতার ছাউনির। ফলে মসজিদে টপ টপ করে বৃষ্টি পড়তে লাগল। একুশের রাতের সকালে আল্লাহর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কপালে কাদা-পানির চিহ্ন আমার এ দু'চোখ দেখতে পায়।" (বুখারী: ২০২৭, তাওহিদ পাব, আ.প্র. ১৮৮৫, ই.ফা:১৮৯৭, কিতাবুল ই'তিকাফ, বাবুল ই'তিকাফ ফি আশরে আওয়াখির.....)

ই'তিকাফে বসার অর্থই হচ্ছে, রমযানের শেষ দশ দিন মসজিদে অবস্থান করা, নিজেকে আল্লাহর জন্য, আল্লাহর ইবাদাতের জন্য সুনির্দিষ্ট করে দেয়া এবং নিজেকে আল্লাহর কাছে সমর্পণ করে দেয়া। পরিণামে মহান আল্লাহ তাকে কল্যাণ ও বরকত দ্বারা সিক্ত করে দিবেন। এ যেন সেই আয়াতের প্রতিধ্বনি যেখানে আল্লাহ তা'আলা বলেছেন, "কাজেই যখনই অবসর পাও ইবাদাতের কঠোর শ্রমে লেগে যাও। এবং নিজের রবেরই প্রতি মনোযোগ দাও।"(আলাম নাশরাহ:৭-৮)

সুতরাং লাইলাতুল কদরের মহাকল্যাণ লাভ করার জন্য রমযানের শেষ দশদিন দুনিয়ার সমস্ত ঝামেলা থেকে মুক্ত হয়ে একান্তভাবে আল্লাহর জন্য কঠোর ইবাদাতে লেগে যাওয়া এবং মহা কল্যাণ তালাশ করা একান্ত প্রয়োজন। আল্লাহ তা'আলা আমাদের প্রত্যেককে এই কল্যাণ ও বরকত লাভ করার জন্য ই'তিকাফে বসার তাওফিক দিন। আমিন।



কঠোর হামলার হুমকি, অনড় ইরান তেহরানে 'আগুনের নদী'

২-এর পৃষ্ঠায় পর

অঞ্চলে জলে, স্থলে ও আকাশে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের স্বার্থকে প্রাথমিক লক্ষ্যবস্তু করা হবে এবং শক্তিশালী ও বিধ্বংসী হামলা চালানো হবে।

ইরানের এ বক্তব্যের পরও কুয়েত, আমিরাত, বাহরাইন, কাতার, সৌদি আরবসহ উপসাগরীয় অঞ্চলের কয়েকটি ক্ষেপণাস্ত্র ও ড্রোন ছোড়ার খবর পাওয়া গেছে। ইন্টারন্যাশনাল ক্রাইসিস গ্রুপের ইরান প্রোগ্রামের প্রধান আলী ভায়েজ বলেন, 'আমার কাছে মনে হচ্ছে, সরকার প্রতিবেশীদের বিরাগভাজন হওয়ার পরিণতি এবং তাদের যুক্তরাষ্ট্রের জোটে ঠেলে দেওয়ার সম্ভাবনা নিয়ে চিন্তিত। অন্যদিকে রেভোল্যুশনারি গার্ড তাদের বর্তমান নীতি চালিয়ে যেতে বদ্ধপরিকর।'

এদিকে দেশটির বিশেষজ্ঞ পর্ষদ (অ্যাসেম্বলি অব এক্সপার্ট) পরবর্তী নেতা নির্বাচন করতে যাচ্ছে। গতকাল এই পর্ষদের সদস্য হোসেন মোজাফারি জানান, পরবর্তী ২৪ ঘণ্টার মধ্যে নতুন নেতা নির্বাচন করা হতে পারে। ইরানে হামলার প্রথম দিনই দেশটির সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনি নিহত হন।

হামলার তীব্রতা বাড়িয়েছে যুক্তরাষ্ট্র-ইসরায়েল : গতকাল দিনের শুরুতে রাজধানী তেহরানসহ দেশটির বিভিন্ন অঞ্চলে হামলা চালায় যুক্তরাষ্ট্র ও ইসরায়েল। ইসরায়েলের সামরিক বাহিনী জানায়, রাতভর ইরানজুড়ে ৮০ যুদ্ধবিমান থেকে ২৩০টির মতো বোমা ও ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করেছে। এসব হামলায় আইআরজিসির ইমাম হোসেন মিলিটারি ইউনিভার্সিটি, ক্ষেপণাস্ত্র ছোড়ার সরঞ্জামের মজুত, ভূগর্ভে ক্ষেপণাস্ত্র তৈরি ও সংরক্ষণাগারকে লক্ষ্যবস্তু করা হয়েছে। হামলার পর তেহরানের মেহরাবাদ বিমানবন্দরে দীর্ঘ সময় ধরে ধোঁয়ার কুণ্ডলী দেখা যায়। এক বিবৃতিতে ইসরায়েলের সামরিক বাহিনী দাবি করেছে, আইআরজিসির কুদস বাহিনী এ বিমানবন্দর ব্যবহার করে। হামলায় কুদস বাহিনীর ১৬টি উড্ডোজাহাজ ও যুদ্ধবিমান ধ্বংস করা হয়।

ফ্লোরিডায় এক অনুষ্ঠানে প্রেসিডেন্ট ট্রাম্প বলেন, যুদ্ধে যুক্তরাষ্ট্র বিস্ময়কর সাফল্য পাচ্ছে। মার্কিন বাহিনী ৪২টি ইরানি যুদ্ধজাহাজ ধ্বংস করে দিয়েছে। এ ছাড়া দেশটির বিমানবাহিনী ও টেলি যোগাযোগব্যবস্থা ধ্বংস করে দেওয়ারও দাবি করেন তিনি।

এদিকে যুক্তরাষ্ট্র হামলা চালিয়ে হরমুজ প্রণালির কাছে ইরানের একটি 'পানি শোধনাগার' ধ্বংস করে দিয়েছে বলে অভিযোগ করেছেন দেশটির পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচি। এ শোধনাগার থেকে ৩০টি গ্রামে পানি সরবরাহ করা হতো। এ হামলার ঘটনাকে 'সুস্পষ্ট অপরাধ' বলে মন্তব্য করেছেন আরাগচি।

ইরানের রেড ক্রিসেন্ট সোসাইটি জানিয়েছে, গত ২৮ ফেব্রুয়ারি ইরানে হামলা শুরুর পর থেকে দেশটির ৬ হাজার ৬৬৮টি বেসামরিক স্থাপনাকে নিশানা করে হামলা চালিয়েছে। এর মধ্যে ৫ হাজার ৫৩৫টি আবাসিক স্থাপনা, ১ হাজার ৪১টি বাণিজ্যিক স্থাপনা, ১৪টি চিকিৎসাকেন্দ্র, ৬৬টি বিদ্যালয় ও রেড ক্রিসেন্ট-সংশ্লিষ্ট ১৩টি স্থাপনাও রয়েছে। ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের হামলায় ইতিমধ্যে নিহতের সংখ্যা ১ হাজার ৩০০ ছাড়িয়ে গেছে। নিহত ব্যক্তিদের বেশির ভাগই বেসামরিক নাগরিক।

চলমান এ যুদ্ধে নিহত দুই বছরের শিশু জয়নাব সাহেবির দাফন ঘিরে গতকাল তেহরানে মর্মস্পর্শী দৃশ্য দেখা যায়। তাঁর কফিনে একটি পুতুল সাজিয়ে রাখা হয়। আর কফিন ধরে আহাজারি করছিলেন স্বজনেরা।

তেহরানের বাসিন্দা ২৬ বছর বয়সী একজন শিক্ষক নাম প্রকাশ না করার শর্তে বার্তা সংস্থা এএফপিকে বলেন, 'আমার মনে হয় না, যাদের যুদ্ধের অভিজ্ঞতা নেই, তারা এটি বুঝতে পারবে। যখন আপনি হামলার শব্দ শুনবেন, আপনি ধারণাই করতে পারবেন না, বোমাটি কোথায় আঘাত হানছে।'

হাইপারসনিক ক্ষেপণাস্ত্র ছুড়েছে ইরান: আইআরজিসি এক বিবৃতিতে জানিয়েছে, যুদ্ধ শুরুর পর ইসরায়েল ও মার্কিন সামরিক বাহিনীর স্থাপনা লক্ষ্য করে গতকাল ২৬তম ধাপে ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা চালানো হয়েছে। গতকালের হামলায় হাইপারসনিক 'ফাতাহ'ও ব্যালিস্টিক 'ইমাদ' ক্ষেপণাস্ত্র ব্যবহার করা হয়েছে। ইরানের ক্ষেপণাস্ত্র ছোড়ার পর মধ্য ইসরায়েল, তেল আবিব ও জেরুজালেমে বড় বিস্ফোরণের শব্দ শোনার কথা জানিয়েছেন সেখানকার সাংবাদিকেরা।

সৌদি আরবের প্রিন্স সুলতান বিমানঘাঁটি, শায়বাহ তেলক্ষেত্র ও রাজধানী রিয়াদকে লক্ষ্য করে ছোড়া কয়েকটি ড্রোন এবং ক্ষেপণাস্ত্র ভূপাতিত করার দাবি করেছে দেশটির প্রতিরক্ষা মন্ত্রণালয়। রাতে প্রিন্স সুলতান বিমানঘাঁটি লক্ষ্য করে ছোড়া একটি ক্ষেপণাস্ত্র জনবসতিহীন এলাকায় গিয়ে পড়ে বলে মন্ত্রণালয় জানায়।

সংযুক্ত আরব আমিরাতকে লক্ষ্য করে গতকাল ১৬টি ক্ষেপণাস্ত্র ও ১২১টি ড্রোন ছোড়া হয় বলে দেশটির কর্তৃপক্ষ জানিয়েছে। এদিকে আহত ব্যক্তিদের হাসপাতালে দেখতে গিয়ে ইরানের হামলার কড়া প্রতিক্রিয়া জানিয়েছেন আমিরাতের প্রেসিডেন্ট মোহাম্মদ বিন জায়েদ। তিনি বলেছেন, 'জাতি এখন যুদ্ধের মধ্যে রয়েছে। আমাদের ধৈর্যের সীমা আছে। আমরা সহজ শিকার নই। অচিরেই আমাদের শক্তিমত্তা দেখা যাবে।'

২-এর পৃষ্ঠায় পর

ইসরায়েলি সেনাবাহিনী জানিয়েছে, গতকাল দক্ষিণ লেবাননে এক যুদ্ধে দুই সেনা সদস্য নিহত এবং এক সেনা কর্মকর্তা আহত হয়েছেন। রবিবার সেনাবাহিনী এক বিবৃতিতে জানায়, প্রথম নিহত ব্যক্তি ৩৮ বছর বয়সী সার্জেন্ট মাহের খাত্তার ৯১তম ডিভিশনে কমব্যাট ইঞ্জিনিয়ারিং কর্পসের সদস্য ছিলেন। তবে নিহত দ্বিতীয় সেনার নাম এই প্রতিবেদন লেখা পর্যন্ত প্রকাশ করা হয়নি।

বৈরুতে হোটেলে ইসরায়েলি হামলায় নিহত ৪ : লেবাননের রাজধানী বৈরুতের একটি হোটেলে ইসরায়েলি হামলায় অন্তত চারজন নিহত হয়েছে। হোটেলটিতে ইরানি কমান্ডাররা অবস্থান করছিলেন বলে দাবি ইসরায়েলের। স্থানীয় সময় রবিবার ভোররাতে বৈরুতের কেন্দ্রস্থলে রামাদা হোটেলের একটি অ্যাপার্টমেন্টে হামলাটি চালানো হয়। গত সপ্তাহে ইসরায়েল ও হিজবুল্লাহর মধ্যে সংঘাত শুরু হওয়ার পর থেকে বৈরুতের কেন্দ্রস্থলে এটি ইসরায়েলি বাহিনীর প্রথম হামলা।

বাহরাইনে পানি শোধনাগারে ড্রোন হামলা : বাহরাইনের স্বরাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, ইরানের একটি ড্রোন তাঁদের একটি পানি শোধনাগার কেন্দ্রে আঘাত হানায় ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। এর মাত্র এক দিন আগেই ইরান দাবি করেছিল যে যুক্তরাষ্ট্র দক্ষিণ ইরানের কেশম দ্বীপের একটি মিষ্টি পানি উৎপাদন কেন্দ্রে বোমা হামলা চালিয়েছে, যা এ ধরনের হামলার একটি বিপজ্জনক নজির তৈরি করেছে।

হামলার জেরে তেল উত্তোলন কমানোর ঘোষণা কুয়েতের : যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলার জেরে ইরানের পাল্টা হামলায় গতকাল তেল উত্তোলন কমানোর ঘোষণা দিয়েছে কুয়েত। কুয়েতের জাতীয় তেল কম্পানি 'সতর্কতামূলক ব্যবস্থা' হিসেবে তাদের অপরিশোধিত তেল উৎপাদন কমানোর ঘোষণা দেয়। কর্তৃপক্ষ জানিয়েছে, দেশটিতে ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলার ঘটনায় দুই সীমান্তরক্ষী নিহত হয়েছেন। এ হামলার জেরে জ্বালানি সরবরাহ নিয়ে নতুন করে উদ্বেগ তৈরি হয়েছে। এর আগে গতকাল কুয়েত সেনাবাহিনী জানায়, কুয়েত বিমানবন্দরের জ্বালানি ট্যাংকগুলোকে ড্রোন হামলার লক্ষ্যবস্তু ক রা হয়েছে।

ইরানে সেনা পাঠাতে পারে যুক্তরাষ্ট্র-ট্রাম্প: ইরানের সঙ্গে সংঘাতের পর দেশটির সমৃদ্ধ ইউরেনিয়াম সুরক্ষায় প্রয়োজনে যুক্তরাষ্ট্র সেনা পাঠাতে পারে বলে ইঙ্গিত দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ট্রাম্প জানিয়েছেন, যুদ্ধ চলতে থাকলে ইরানে 'সম্ভবত' পদাতিক সেনা পাঠানো হতে পারে, তবে সে ক্ষেত্রে অবশ্যই অত্যন্ত 'যুতসই কারণ' থাকতে হবে। একই সঙ্গে ইরানে একটি গার্লস স্কুলে ভয়াবহ হামলার জন্য ইরানকেই দায়ী করেছেন তিনি। যদিও মার্কিন সামরিক তদন্তে এ হামলার জন্য মার্কিন বাহিনীকেই সম্ভাব্য দায়ী হিসেবে উল্লেখ করা হয়েছে।

যুদ্ধে কুর্দি যোদ্ধাদের অংশগ্রহণ নিয়ে আপত্তি ট্রাম্পের : ট্রাম্প জানিয়েছেন, যুক্তরাষ্ট্র চায় না যে ইরানের কুর্দি গোষ্ঠীগুলো এই যুদ্ধে জড়াক। ট্রাম্প বলেন, 'আমরা চাচ্ছি না কুর্দিরা এতে অংশ নিক। আপনারা জানেন কুর্দিদের সঙ্গে আমাদের খুব ভালো সম্পর্ক, কিন্তু আমরা চাই না এই যুদ্ধ বর্তমানের চেয়ে আরো বেশি জটিল হয়ে উঠুক।'

সূত্র : রয়টার্স, বিবিসি, সিএনএন, আলজাজিরা

ফুড স্ট্যাম্প ঝুঁকিতে সিটির ১ লাখ ৮০ হাজার মানুষ

শেষ পৃষ্ঠায় পর

ফুড স্ট্যাম্পের উপর নির্ভরশীল। বিশ্বের সবচেয়ে ব্যয়বহুল শহরগুলোর একটি নিউইয়র্ক সিটিতে প্রায় ১৮ লাখ মানুষ, অর্থাৎ সিটির প্রায় এক-তৃতীয়াংশ পরিবার এই সহায়তা পায়।

নিউইয়র্কের সামাজিক সেবা বিভাগ জানিয়েছে, সিটির স্ন্যাপ বা ফুডস্ট্যাম্প সুবিধাভোগী পরিবারগুলোর প্রায় ১০ শতাংশের সুবিধা কমে যেতে পারে বা পুরোপুরি বন্ধ হয়ে যেতে পারে। এতে যা নিম্ন আয়ের পরিবারগুলোর জন্য বড় ধাক্কা হতে পারে।

শনিবার প্রকাশিত নিউইয়র্ক টাইমস এর প্রতিবেদনে বলা হয়, পুরো নিউইয়র্ক স্টেটের ৩ লাখের বেশি পরিবার এই পরিবর্তনের ফলে ক্ষতিগ্রস্ত হতে পারে। স্টেট কর্মকর্তাদের মতে, গড়ে প্রতি পরিবার মাসে প্রায় ২২০ ডলার কম সুবিধা পাবে। বর্তমানে স্ন্যাপ এর সর্বোচ্চ সুবিধা একক ব্যক্তির জন্য ২৯২ ডলার এবং তিন সদস্যের পরিবারের জন্য ৭৮৫ ডলার।

প্রতিবেদনে আরো বলা হয়, ইউএসডিএ'র নতুন আইন ও নিয়ম অনুযায়ী যারা ফেডারেল খাদ্য সহায়তা কর্মসূচি সাপ্লিমেন্টাল নিউট্রিশন অ্যাসিসট্যান্স প্রোগ্রাম-স্ন্যাপ বা ফুড স্ট্যাম্প সুবিধা গ্রহণ করে থাকে, তাদের অনেককেই এখন কাজ করা, স্বেচ্ছাসেবী কাজ করা বা দক্ষতা প্রশিক্ষণে অংশ নেওয়া বাধ্যতামূলক করা হয়েছে। এই নিয়ম কার্যকর হয়েছে চলতি মাস থেকেই।

এছাড়াও নতুন নিয়ম অনুযায়ী, আগে যেসব মানুষ কাজের শর্ত থেকে অব্যাহতি পেতেন, তাদের অনেককেই এখন জুন মাসের মধ্যে কাজ বা স্বেচ্ছাসেবী কার্যক্রমে যুক্ত হতে হবে। এর মধ্যে রয়েছে গৃহহীন মানুষ, সাবেক সেনাসদস্য, ১৪ বছরের বেশি বয়সী সন্তানের অভিভাবক এবং ৫৫ থেকে ৬৪ বছর বয়সী মানুষ।

নতুন নিয়মের ফলে সারা দেশে প্রায় ২৪ লাখ মানুষ স্ন্যাপ কর্মসূচি থেকে বাদ পড়তে পারেন। সাম্প্রতিক স্টেট অব দ্য ইউনিয়ন ভাষণে ট্রাম্প বলেছেন, এই পরিবর্তনের মাধ্যমে মানুষকে দারিদ্র্য থেকে "উঠে আসতে" সাহায্য করা হবে।

নিউইয়র্ক টাইমস জানায়, ম্যানহাটনের একটি আইন প্রতিষ্ঠানে ২০ বছর কাজ করার পর মহামারির শুরুতে চাকরি হারান ৬২ বছর বয়সী প্যাট চিশলম। এরপর থেকে তিনি অসংখ্য চাকরির জন্য আবেদন করেছেন এবং নিজের সঞ্চয় শেষ করে ফেলেছেন। বর্তমানে তার একমাত্র আয় হলো মাসে ২৯২ ডলারের ফুড স্ট্যাম্প। এখন তিনিও সেই হাজারো মানুষের একজন, যাদের এই সহায়তা বন্ধ হয়ে যেতে পারে।

চিশলম বলেন, "অনেক মানুষ সরকারি সহায়তার উপর বসে থাকতে চান না। কিন্তু সমস্যাটা হলো, চাকরিও তো পাওয়া যাচ্ছে না।"

এই পরিস্থিতিতে শহরের ফুড ব্যাংক ও দাতব্য সংস্থাগুলো বড় চাপের মুখে পড়েছে।

ফুড ব্যাংক ফর নিউইয়র্ক সিটি ইতিমধ্যে জানিয়েছে, নতুন নিয়মের কারণে চলতি বছরে তাদের আরও বেশি খাবার বিতরণ করতে হবে। আরেকটি বড় সংস্থা সিটি হার্ভেস্ট বলছে, তারা ২০২৬ সালে অতিরিক্ত এক মিলিয়ন পাউন্ড খাবার বিতরণের পরিকল্পনা করছে।

প্রতিবেদন মতে, সামাজিক কর্মীরা আশঙ্কা করছেন, অনেক সুবিধাভোগী নতুন নিয়ম বুঝতে পারবেন না বা প্রয়োজনীয় কাগজপত্র পূরণ করতে সমস্যায় পড়বেন, বিশেষ করে যারা ইংরেজি ভাষায় স্বচ্ছন্দ নন। অনেক বয়স্ক মানুষ বা নির্দিষ্ট আয়ের অবসরপ্রাপ্তদের জন্য প্রতি মাসে কমপক্ষে ৮০ ঘণ্টা কাজ বা অনুমোদিত কার্যক্রমে অংশ নেওয়া কঠিন হতে পারে।

নিউইয়র্ক সিটির সামাজিক সেবা সংস্থার প্রশাসক স্কট ফ্রেঞ্চ বলেন, "এটি মূলত একটি শাস্তিমূলক নীতি। এর উদ্দেশ্য মানুষকে সুবিধা হারাতে বাধ্য করা।"

অন্যদিকে ট্রাম্প প্রশাসন এবং রিপাবলিকান নেতারা দীর্ঘদিন ধরে ঝাঁঘআচ কর্মসূচির সমালোচনা করে আসছেন। তাদের মতে, এই কর্মসূচি অনেক ক্ষেত্রে মানুষকে কাজ না করার প্রবণতা তৈরি করে এবং এতে জালিয়াতিও রয়েছে।

তবে বাস্তবে এর প্রভাব নিউইয়র্কের স্থানীয় ব্যবসাগুলোর উপরও পড়তে পারে। দক্ষিণ ব্রঙ্কসের একটি মাংসের দোকানের মালিক লুইস তিরাডো বলেন, তার দোকানের প্রায় ৮০ শতাংশ বিক্রি ফুড স্ট্যাম্পের মাধ্যমে হয়। যদি অনেক গ্রাহক এই সহায়তা হারান, তাহলে তার ব্যবসাও ক্ষতিগ্রস্ত হবে।

তিনি বলেন, "মানুষ কম কিনবে, সেটাই স্বাভাবিক। আর সেটাই আমাকে সবচেয়ে বেশি চিন্তায় ফেলছে।"

বিশেষজ্ঞদের মতে, ফুড স্ট্যাম্প কমে গেলে নিউইয়র্কের দরিদ্র পরিবারগুলোর পাশাপাশি খাদ্য সহায়তা সংস্থা ও ছোট ব্যবসাগুলোর ওপরও বড় চাপ তৈরি হবে। পরিস্থিতি মোকাবিলায় শহরের ফুড ব্যাংক ও সামাজিক সংগঠনগুলো ইতিমধ্যে প্রস্তুতি নিতে শুরু করেছে, কিন্তু তারা বলছেডুভাব মানুষের প্রয়োজন পূরণ করা সম্ভব হবে না।

মালয়েশিয়ায় এফবিআই'র হাতে বাংলাদেশি যুবককে গ্রেপ্তার

শেষ পৃষ্ঠায় পর

ফেডারেল গ্র্যান্ড জুরি আলাস্কাসহ যুক্তরাষ্ট্রের অন্যান্য স্থান ও বিদেশে শত শত শিশুকে নিপীড়নের সঙ্গে সম্পর্কিত অভিযোগে অভিযুক্ত করেন।

এফবিআইয়ের পরিচালক কাশ প্যাটেল বৃহস্পতিবার এক এক্স পোস্টে এই তথ্য জানান। পোস্টে তিনি বলেন, এফবিআইসহ আমেরিকান অংশীদাররা জোবাইদুলকে গ্রেপ্তার করে। তিনি ২০২২ সাল থেকে পলাতক ছিলেন।

এফবিআইয়ের পরিচালক লিখেছেন, জোবাইদুলকে মালয়েশিয়া থেকে যুক্তরাষ্ট্রের আলাস্কায় নিয়ে এসেছে এফবিআই। আলাস্কায় তিনি তাঁর বিরুদ্ধে আনা অভিযোগের মুখোমুখি হবেন। এ বিষয়ে বিস্তারিত তথ্য পরে প্রকাশ করা হবে।

এফবিআইয়ের কুয়ালালামপুর শাখা এবং মালয়েশিয়া সরকারের প্রত্যক্ষ সহায়তায় দেশটিতে আত্মগোপনে থাকা জোবাইদুলকে আটক করা হয়। গতকাল রাতে এফবিআইয়ের অ্যাঙ্করেজ শাখা তাঁকে মালয়েশিয়া থেকে উড্ডোজাহাজে করে যুক্তরাষ্ট্রের আলাস্কায় নিয়ে আসে। শুক্রবার ই তাঁকে স্থানীয় আদালতে হাজির করা হয়েছে।

এফবিআই জানিয়েছে, এই মামলার তদন্তে আরও অনেক চাঞ্চল্যকর তথ্য বেরিয়ে আসার সম্ভাবনা রয়েছে। জোবাইদুলের এই আন্তর্জাতিক চক্রের সঙ্গে আর কারা জড়িত এবং তারা কীভাবে কার্যক্রম পরিচালনা করত, সে সম্পর্কে বিস্তারিত তথ্য পরে প্রকাশ করা হবে।

২৮ বছর বয়সী জোবাইদুল আমিনকে ৪ মার্চ মালয়েশিয়ার কুয়ালালামপুর থেকে যুক্তরাষ্ট্রে স্থানান্তর করা হয়।

ইউএস অ্যাটর্নি অফিস জানিয়েছে, ২০২২ সালের জুলাইয়ে আলাস্কার একটি গ্র্যান্ড জুরি আমিনের বিরুদ্ধে ১৩টি ধারায় অভিযোগপত্র দাখিল করে। অভিযোগ অনুযায়ী, তিনি সামাজিক যোগাযোগমাধ্যম, বিশেষ করে ইনস্টাগ্রাম ও স্ন্যাপচ্যাট ব্যবহার করে শিশুদের শনাক্ত করতেন এবং তাদের ওপর চাপ সৃষ্টি করে যৌন স্পষ্ট ছবি ও ভিডিও তৈরি করতে বাধ্য করতেন।

মামলায় বলা হয়েছে, এই অপরাধ কেবল আলাস্কায় সীমাবদ্ধ ছিল না; যুক্তরাষ্ট্রের অন্যান্য অঙ্গরাজ্য এবং বিদেশেও তাঁর নেটওয়ার্ক বিস্তৃত ছিল।

মামলার নথি অনুযায়ী, আমিনের বিরুদ্ধে শিশু পর্নোগ্রাফি তৈরি ও বিতরণের ষড়যন্ত্র, শিশু শোষণমূলক চক্র পরিচালনা, সাইবারস্টকিং, পরিচয় জালিয়াতি এবং ওয়্যার জালিয়াতিসহ একাধিক ফেডারেল অভিযোগ আনা হয়েছে।

এর আগে তিনি মালয়েশিয়ার একটি মেডিকেল স্কুলে পড়াশোনা করছিলেন। ২০২২ সালে মালয়েশিয়াতেও শিশু পর্নোগ্রাফি-সংক্রান্ত একাধিক অভিযোগে তাঁকে অভিযুক্ত করা হয়। পরে দুই দেশের আইন প্রয়োগকারী সংস্থার সমন্বয়ে তাঁকে যুক্তরাষ্ট্রে পাঠানো হয়।

যুক্তরাষ্ট্রের অ্যাটর্নি এস লেইন টাকার বলেন, 'সোশ্যাল মিডিয়ার মাধ্যমে শিশুদের যৌনভাবে শোষণ করা একটি ভয়ংকর অপরাধ। এতে শিশুদের শৈশব নষ্ট হয়ে যায় এবং তাদের পরিবারসহ জীবন চিরস্থায়ীভাবে প্রভাবিত হয়। আন্তর্জাতিক সহযোগিতার মাধ্যমে কীভাবে বিচার নিশ্চিত করা যায়, এই ঘটনা তারই উদাহরণ।'

এফবিআই অ্যাঙ্করেজ ফিল্ড অফিসের বিশেষ এজেন্ট ইনচার্জ অ্যান্টনি জাং বলেন, 'এই চক্রের মাধ্যমে শত শত শিশুকে লক্ষ্যবস্তু করা হয়েছিল। তাদেরকে ছবি পাঠাতে বাধ্য করা হতো এবং অস্বীকার করলে সেই ছবি ফাঁস করার হুমকি দেওয়া হতো। শিশুদের সুরক্ষায় আমাদের কাজ সীমান্তের বাইরেও বিস্তৃত।'

ফেডারেল কর্তৃপক্ষ জানিয়েছে, অভিযোগ প্রমাণিত হলে জোবাইদুল আমিনের ২০ বছর থেকে যাবজ্জীবন পর্যন্ত কারাদণ্ড হতে পারে। মামলাটি এফবিআইয়ের শিশু শোষণ ও মানব পাচারবিরোধী টাস্কফোর্সের একটি বড় তদন্তের অংশ এবং এতে স্থানীয়, রাজ্য ও আন্তর্জাতিক আইনশৃঙ্খলা সংস্থাগুলোর সহযোগিতা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

সাময়িক বরখাস্ত দুই পুলিশ কর্মকর্তা

শেষ পৃষ্ঠায় পর

জোয়াতলাসেবাদা এবং ২৯ বছর বয়সী ইউলেনি কাম্পোস-সাভেদ্রা।

এ ঘটনার একটি ভিডিও নারী পুলিশ সদস্যের সন্তানের পিতা এনওয়াইপিডির ঊর্ধ্বতন কর্মকতার কাছে প্রকাশ করলে ওই নারী পুলিশ সহ আকেজনকে সাময়িক বরখাস্ত করা হয়।

নিউইয়র্ক পোস্টের খবরে বলা হয়, দায়িত্ব পালনের সময় এরিক জোয়াতলাসেবাদা ও ইউলেনি সাভেদ্রা প্রিসিঙ্কটের লকার রুমে তারা অন্তরঙ্গ যৌন সম্পর্কে জড়িয়ে পড়েন এবং ঘটনাটি মোবাইল ফোনে ধারণ করেন তারা। পরে ওই নারী কর্মকর্তার সন্তানের বাবা ভিডিওটি দেখতে পান। তিনি সেটি থানার ঊর্ধ্বতন কর্মকর্তাদের কাছে নিয়ে গেলে বিষয়টি সামনে আসে। তবে কীভাবে তিনি ভিডিওটি হাতে পান, তা এখনও স্পষ্ট নয়।

পুলিশ বিভাগের নথি অনুযায়ী, গত ২৪ ফেব্রুয়ারি দুই কর্মকর্তাকে বেতন ছাড়া সাময়িক বরখাস্ত করা হয়েছে। আইনশৃঙ্খলা বাহিনীর একাধিক সূত্রের মতে, তদন্ত শেষ হলে তাদের চাকরি স্থায়ীভাবে বাতিল হওয়ার সম্ভাবনাও রয়েছে।

পুলিশ কর্তৃপক্ষ জানিয়েছে, ঘটনাটি বর্তমানে তদন্তাধীন রয়েছে এবং তদন্ত শেষ না হওয়া পর্যন্ত এ বিষয়ে বিস্তারিত মন্তব্য করা হচ্ছে না।



এটর্নি শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইল আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যেকোনো প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

রাজনৈতিক আশ্রয় ও ওয়ার্ক পারমিট পরিবর্তন

যুক্তরাষ্ট্রের রাজনৈতিক আশ্রয় গ্রহণ এবং ওয়ার্ক পারমিটে বড় ধরনের পরিবর্তন আনা হচ্ছে। ডিপার্টমেন্ট অফ হোম ল্যান্ড সিকিউরিটি (ডিএইচএস) যে নতুন বিধি প্রকাশ করেছে তাতে বলা হয়েছে যে রাজনৈতিক আশ্রয় প্রার্থনার আবেদন।

জমা দেওয়ার পরে কমপক্ষে এক বছর অর্থাৎ ৩৬৫ দিন পূর্ণ না হলে আবেদনকারী ওয়ার্ক পারমিটের জন্য আবেদন করতে পারবেন না। বর্তমানে এই ওয়েটিং টাইম ১৫০ দিন থেকে ১৮০ দিন।

নতুন বিধিতে বলা হয়েছে– যুক্তরাষ্ট্রে যারা অনিয়ম করে এসেছেন এবং ৪৮ ঘন্টা সময়ের মধ্যে আশ্রয় প্রার্থনা করার ইচ্ছা জানায় নাই তারা সাধারণ নিয়মে ওয়ার্ড পারমিট পাওয়ার যোগ্য বলে বিবেচিত নাও হতে পারেন।

প্রশাসন স্পষ্ট করে জানিয়ে দিয়েছে যে, ওয়ার্ক পারমিট কার্ড কোন এমনি একটি অধিকার নয়। এটি কর্তৃপক্ষের নির্বাহী আদেশে প্রদত্ত সুবিধা। যে কারণে ওয়ার্ক পারমিট ইস্যু করার না বাতিল করা, উভয় ক্ষেত্রে সরকারের অধিকারই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

সরকারি হিসেবে বলা হয়েছে যে প্রস্তাবিত পরিবর্তনের কারণে সাথে সাথে কমপক্ষে ৯৬ হাজার আশ্রয় আবেদনকারী নতুন বিধির আশঙ্কায় পড়তে পারেন। এদিকে ইউএস আইএস ভেটিং ও ব্যাকগ্রাউন্ড পরীক্ষা আরো কঠোর করেছে। এখন সব ক্ষেত্রে প্রায় পূর্ণাঙ্গ নিরাপত্তা যাচাই বাধ্যতামূলক করা হয়েছে।প্রশাসনের দাবি মতে, আশ্রয় আবেদনের অমূলক আবেদনের ভিড় কমিয়ে আনা, নিরাপত্তা কঠোর করা এবং সিস্টেমের উপর যাতে চাপ না পড়ে - নতুন নীতির লক্ষ্য সেটাই। এদিকে ইমিগ্রেশন অধিকার কর্মীরা আশঙ্কা করছেন যে, এতে বৈধ এসাআইলাম আবেদন কর্মীরা বছরের পর বছর কাজের



সুযোগ হারাবেন। যা তাদের জীবনকে আরও অনিশ্চিত করে তুলতে পারে।

প্রস্তাবটি এখন পর্যন্ত যদিও চূড়ান্ত হয়নি। ৬০ দিনের জনমত গ্রহণ প্রক্রিয়া শেষে চূড়ান্ত বিধি জারি হওয়ার সম্ভাবনা রয়েছে। যুক্তরাষ্ট্রে আশ্রয় লাভ ও কর্মসংস্থাপনের যে আকাঙ্ক্ষা নিয়ে মানুষ আসে– আগামী দিনে মানুষ আরও কঠোর বাস্তবতায় রূপ ধারণ করবে, যা প্রায় নিশ্চিত বলে মনে করা যায়।

পার্মানেন্ট রেসিডেন্স কোন মায়ের ইউএসএ-র বাইরে সন্তান প্রসব হলে ইউএসএ'র পার্মানেন্ট রেসিডেন্স কোন মায়ের ইউএসএ-র বাইরে সন্তান জন্মগ্রহণ করলে সেই সন্তান জন্মের পর মা যদি প্রথমবারের জন্য ইউএসএ'তে ফেরে তবে মা সেই সন্তানকে ভিসা ছাড়াই ইউএসএ পার্মানেন্ট রেসিডেন্স হিসেবে এ দেশে নিয়ে আসতে পারবেন। তবে জন্মের পর ২ বছরের মধ্যে অবশ্যই সেই সন্তানকে এ দেশে প্রবেশ করতে হবে।

কোন বিমান সংস্থা উপযুক্ত ভিসা ছাড়া বিমানে উঠতে দিতে নাও পারে এরকম ঘটনায় মাকে ইউএসএ কনস্যুলেট ১৩১ এ ফরম দাখিল করে সন্তান জন্ম গ্রহণের প্রমাণ ও গ্রিনকার্ডের কপি জমা দিয়ে প্রমাণ করতে হবে।

ইউএসএ সিটিজেনদের সন্তান ইউএসএ'র বাইরে জন্ম নিলে- আই এন এ সেকশন ৩০১ (সি) অনুসারে সেই সন্তান স্বয়ংক্রিয়ভাবে এ দেশের নাগরিকত্ব পেয়ে যাবে যদি সিটিজেন পিতা দৈহিকভাবে এ দেশে অবস্থান করেন।

তবে সেক্ষেত্রে নিকটতম ইউএসএ দূতাবাস বা কনস্যুলেট থেকে যত দ্রুত সম্ভব কনস্যুলার রিপোর্ট অব বার্থ অ্যাব্রড (সি আর বি এ) অফিশিয়াল রেকর্ড ইস্যু করতে পারে– যা প্রমাণ করবে সন্তানটি একজন ইউএস নাগরিকের সন্তান।

অনুগ্রহ করে ইউএস কনস্যুলেটের ওয়েব সাইট ভিজিট করুন। প্রয়োজনীয় তথ্য ও প্রক্রিয়া জানার জন্য।

মার্চ ২০২৬ ভিসা বুলেটিনঃ ইউএস স্টেট ডিপার্টমেন্ট (ডিওএস) মার্চ ২০২৬'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে মার্চ ২০২৬'র পারিবারিক ভিত্তিতে ভিসার প্রাপ্যতা উল্লেখ করা হলো। উল্লেখ্য যে, 'ফাইনাল এ্যাকশন ডেট' বলতে সেই ডেটকে বোঝায় যখন ইউএসসিআইএস/ ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের সিদ্ধান্ত প্রদান করে। আর এতে করে আপনাদের প্রায়োরিটি তারিখ নির্ধারিত হয় এর পূর্বে।

মার্চ ২০২৬'র সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, পরিবার ভিত্তিক ভিসা ক্যাটাগরিতে তেমন কেন অগ্রগতি নেই।

ফ্যামিলি স্পন্সরড প্রেফারেন্সেস : প্রথমঃ (এফ ১): ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র-কন্যা : নভেম্বর ০৮, ২০১৬।

দ্বিতীয়ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউসে (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র-কন্যা।

এ. (এফ ২এ) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী) এবং ২১ নিম্ন বয়সী সন্তান ঃ ফেব্রুয়ারি ০১, ২০২৪।

বি. (এফ ২বি) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্র-কন্যা (২১ বছর বা তদুর্ধ্ব বয়সী) ঃ ডিসেম্বর ০১, ২০১৬।

তৃতীয় ঃ (এফ ৩) ঃ ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র-কন্যা ঃ সেপ্টেম্বর ০৮, ২০১১।

চতুর্থ ঃ (এফ ৪) ঃ প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই-বোন ঃ জানুয়ারি ০৮ ২০০৮।

পারিবারিকভিত্তিক এবং চাকুরিভিত্তিক ভিসার প্রাপ্যতা সম্পর্কে জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেটের ওয়েবসাইট ভিজিট করুন।

আপনাদের অবগতির জন্য সবসময় আমাদের পরামর্শ হচ্ছে, ইমিগ্রেশন বিষয়ে যেকোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এটর্নীর সাথে সাক্ষাতে পরামর্শ গ্রহণ করা ভালো। প্রয়োজনে আমাদের অফিসের সাথেও যোগাযোগ করতে পারেন।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা:
২২৫ ব্রডওয়ে (১৬ তলা),
নিউইয়র্ক ১০০০৭।
ফোন: ২১২-৫১৩-৭৪৭৪
ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০
ই-মেইল:
kazmiandreeves@gmail.com
[Law office of Kazmi & Reeves]
225 Broadway, (16th floor)

এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (১৬ঃয ঋষড়ড়ৎ) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases * Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

সাহিত্য সাময়িকী

হোসেন মিয়া কুবের ও কপিলা
জাহাঙ্গীর ফিরোজ

নগরির ফুসফুস ঘেসে ভেসে যায় উড়াল ট্রেনের সঙ্গীত;
আলোআঁধারিতে গুটিকয় নারী ও পুরুষ
সংরাগে রিরংসায় উদ্বেলিত হ'লে
প্রবল ইচ্ছার তোড়ে খসে পড়ে কস্তুরি যোনি
পদ্মার ঘোলাটে জলের সুস্বাদু ইলিশ
জ্যোৎস্নায় সন্তরণে ডায়মন্ড হারবারে ওঠে
জেটির আঁধারে কুবের ও কপিলার খুনসুটি

হোসেন মিয়ার হাতে ছোট কল্কি
স্টিক ও সিগ্রেট জোনাকির মহিমায় জ্বলে।

মারিজুয়ানার অলৌকিক ঘোরে
রেসকোর্স ময়দানে ব্রেষা
সুন্দরী বাহাদুর চৈতী ও পেগাসাস
পক্ষিরাজ দুলদুল
বুসেফেলাসের প্রীতি
ঢাকাইয়া ইতিহাসে ঘোড়দৌড়;

ইন্দিরা মঞ্চের পাশে শিশুপার্ক
কালীমন্দিরে কারা যাওয়া-আসা করে!
মার্কিন মুলুক থেকে ইসকন কৃষ্ণের রথে চড়ে
রেসকোর্স ময়দানে নেমেছে এখন
খেলা শুরু হবে অপেক্ষা কেবলি।

জোড়া জোড়া সারমেয় নিয়ে পুলিশ এসেছে
বাঁশি বেজে উঠলো বলে।

প্যারাফিন হয়ে জ্বলি
গোলাম কিবরিয়া পিনু

নিশিঝড়ে লণ্ডভণ্ড হওয়ার পরও–
প্যারাফিন হয়ে জ্বলি;
তা শুধু তুমি টের পাও
কী উত্তাপ আমার!
খামার তৈরি হয়ে যায়–
সূর্যমুখী ও আঙুর দু'ভাবে
কী সৌন্দর্য নিয়ে,
তোমার জমিতে দোলাতে পারি!

যারা প্যারালিসিস হওয়ার ভয় দেখায়
তারা জানে না–
আমি পেট্রোলিয়ামের জ্বালানি;
সেই কবে থেকে জ্বলছি
পাহাড় চূড়োর অগ্নিকুণ্ডে!

তুমি আমার অভিকর্ষে আছো বলে
অভিযোজন হয়ে–
যোজন যোজন দূরে থাকতে পারো না,
অভিগমনে অভিভূত হওয়ার চঞ্চলতা বাড়ে!

চল জঙ্গলে
কাউসারী মালেক রোজী

চোখের দরজা খোলা দায়
ঠিকানা হারিয়ে গেছে
পথ খুঁজে হয়রান
একই দশা সব পথিকের,
হাতটা ধর
পথের সঙ্গে পথ
ঘর বাঁধা ঘন জঙ্গলে।
দৈনন্দিন তৈজসপত্র
একধারে সরিয়ে,
সরু বুনো স্রোতের বিপরীতে
একনিষ্ঠ কাঁদায় পা ডুবিয়ে
কেবলামুখী গাছের ঝুড়ি ঝুলে
মুক্তাকীরা যেখানে তসবিহ আঁকড়ে বাঁচে।
অন্ধ মুক বধির, সলতে নিভু নিভু
আমলে বরকত, দোয়ায় সমুদ্র ফেনা
আছড়ে পড়ল উঠোনে,
ক্ষমায়, ভালোবাসায় বাড়ছে গাছেরা
অন্ধকার তিমির ছাড়িয়ে
রোদ উঠে ঘরে
জঙলের ফাঁকে, চালায় দেয়ালে।

কোথায় পালাবে বলো
সিকানদার কবীর

এ প্রশান্ত বিকেলের হিমেল ছোঁয়ায় সিক্ত ত্রস্ত হরিণী
কোথায় পালাবে বলো
আর কতোদূর নিয়ে যাবে- কোন স্বপ্নিল অন্ধকারে
মায়ার ছায়া হয়ে মেঘের মতো ভেসে যাচ্ছ তুমি
অধরা, বৃষ্টি হয়ে নামবে-- কোন পরপারে।

কতো ডোবাবে আর সোনালি মনোভূমি
এ আঙুল দেখো, বড়ো কাঙাল অস্থির
হৃদয়ের কতোটা গভীর ছুঁয়ে যাব আমি- কতোটা দুঃখ
আর কতো অসম সাহসে জ্যোৎস্নার গভীর অতলে
অনন্ত ডুবুরি হতে বলো।

এ স্বপ্ন না যেন প্রতীক্ষার মোহন যন্ত্রণা সে কি
অবহেলার ধুলোবালি
উন্মাতাল হাওয়ায় রঙিন বেলুন হয়ে উড়ে যাবে
উড়ে যায়- এভাবেই কি হারিয়ে যাবে একদিন
নিরুদ্দেশ কোন ঠিকানায়।

গোসল
হাশিম কিয়াম

কুয়াশার ডানা মেলে শীত নেমেছে
ওয়াশরুমের সাবান গলে যাচ্ছে
গোসল এখনো শেষ হয়নি
গিজারের গরম পানি ঠান্ডা হয়ে গেছে
ইলেকট্রিসিটিও নেই, অন্ধকার... উঠোনে
কাপড়-ঘেরা গোসলখানায় যাকে গোসল
করানো হচ্ছে
তার ভেতরে আমি ছিলাম, হয়তো এখনো আছি,
উঠে দাঁড়ানোর চেষ্টা করছি, পারছি না,
সাবান গলে যাচ্ছে, গোসল কি শেষ হয়েছে?
পড়ার টেবিল চেয়ে আছে, চেয়ারটা ছায়া ফেলেছে
মুখের উপর, চোখ বুজে গেলো,
খোলা বইয়ের পৃষ্ঠা হালকা স্বরে ডাকছে, বাতাস আর
আমি ছাড়া কেউ নেই...

ধূলিঝড়
তুহীন বিশ্বাস

শূন্য ক্যানভাস বারবার হোঁচট খায় শূন্যতায়
পরিকল্পিত কষ্টগুলো ক্ষত-বিক্ষত করে হৃদয়,
আমিহীন তুমিটা বড্ড অদ্ভুত উচ্ছ্বাসে অচেনা
আকাশ যে রঙের হোক দোষ খোঁজে বাতাসে।

রক্তক্ষরণ দেখে হেসে লুটিয়ে পড়ছে অভিনয়
অবহেলার আচ্ছাদনে মিশে যায় স্নিগ্ধ শিশির,
কিছু স্বপ্ন অঙ্কুরে বিনষ্ট হয়, কিছু থাকে কোমায়
আমি তাকিয়ে থাকি ধূলিঝড় কুণ্ডলির দিকে।

নিউইয়র্কে গোল্ডেন এইজ হোম কেয়ারের ইফতার মাহফিল





শেষ পৃষ্ঠায় পর পবিত্র মাস উদযাপনের এই মাহফিলে উপস্থিত ছিলেন এনওয়াইফিডি সদস্য ও ইলেক্টেড অফিসিয়ালসহ কমিউনিটির বিভিন্ন শ্রেণীর মানুষ, স্থানীয় নেতা, ব্যবসায়ী এবং পরিবার-পরিজনরা।

শাহ নেওয়াজ গ্রুপ ও গোল্ডেন এইজ হোম কেয়ারের প্রেসিডেন্ট ও সিইও শাহ নেওয়াজ বলেন, রমজান শুধুমাত্র উপবাসের মাস নয়, এটি আমাদের মধ্যে সৌহার্দ্য, সহমর্মিতা এবং কমিউনিটির বন্ধন দৃঢ় করার সময়। আশা করি এই ইফতার মাহফিল সকলের জন্য আনন্দ ও প্রেরণার উৎস হয়েছে। এ সময় প্রতিষ্ঠানটির ডাইরেক্টর রানো নেওয়াজ কমিউনিটির সবার কাছে দোয়া প্রার্থনা করেন।

অনুষ্ঠানে অংশগ্রহণকারীরা ইফতার সময় প্রার্থনা ও সংক্ষিপ্ত ধর্মীয় আলোচনার মাধ্যমে রমজানের গুরুত্ব উপলব্ধি করেন। এ সময় অতিথিরা উষ্ণ আতিথ্য উপভোগ করেন, সুস্বাদু খাবারের পাশাপাশি আন্তরিক আলাপচারিতার মাধ্যমে মাহফিলটি সামাজিক ও ধর্মীয় মিলনের সুন্দর উদাহরণ হয়ে দাঁড়ায়। গোল্ডেন এইজ হোম কেয়ার নিউইয়র্ক ভিত্তিক একটি লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি বয়স্ক ও অসুস্থদের নিজ বাড়িতে পেশাদার নার্সিং ও নন-মেডিকেল কেয়ার সেবা প্রদান করে। দীর্ঘদিনে অভিজ্ঞতাসম্পন্ন এই প্রতিষ্ঠানটি হোম হেলথ এইড, পারসোনাল কেয়ার এইড এবং থেরাপি সেবাসহ বিভিন্ন সেবা দিয়ে আসছে।









নিউইয়র্ক স্টেট সিনেটরের সম্মাননা পেলেন জামাল

শেষ পৃষ্ঠায় পর পেয়েছেন বাংলাদেশি কমিউনিটির পরিচিত মুখ, কুলাউড়ার কৃতী সন্তান ও কমিউনিটি এক্টিভিস্ট জামাল উদ্দিন আহমেদ (লিটন)। নিউইয়র্কের কুইন্স কমিউনিটিতে দীর্ঘদিন ধরে সমাজসেবামূলক কাজ ও মানবিক উদ্যোগের স্বীকৃতিস্বরূপ তাঁকে এই সম্মাননা প্রদান করা হয়।

নিউইয়র্ক স্টেট সিনেটের ১৩তম সিনেট ডিস্ট্রিক্টের সিনেটর জেসিকা রামোস-এর পক্ষ থেকে এ সম্মাননা সনদ প্রদান করা হয়। সনদে উল্লেখ করা হয়েছে, কুইন্স কমিউনিটির জন্য তাঁর নিরলস সেবা, নিষ্ঠা ও সামাজিক সম্পৃক্ততার স্বীকৃতিস্বরূপ তাঁকে এই সম্মাননা জানানো হয়েছে।

গত ৬ মার্চ আনুষ্ঠানিকভাবে এই সম্মাননা সনদ প্রদান করা হয়। নিউইয়র্ক স্টেট সিনেটের সিলমোহর ও সিনেটর জেসিকা রামোসের স্বাক্ষর সংবলিত এই সনদটি জামাল উদ্দিন আহমেদের সমাজসেবামূলক কর্মকাণ্ডের একটি গুরুত্বপূর্ণ স্বীকৃতি হিসেবে বিবেচিত হচ্ছে।

জামাল উদ্দিন আহমেদ দীর্ঘদিন ধরে প্রবাসী বাংলাদেশি কমিউনিটির বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও মানবিক কর্মকাণ্ডের সঙ্গে সম্পৃক্ত। বিশেষ করে চ্যারিটি প্ল্যাটফর্ম 'নিউকো' (নিজ উদ্যোগে করি)-এর সঙ্গে যুক্ত থেকে তিনি নানা সেবামূলক কর্মকাণ্ড পরিচালনা করে আসছেন। কুইন্সে বসবাসরত বিভিন্ন সম্প্রদায়ের মানুষের কল্যাণে তাঁর সক্রিয় ভূমিকা ও মানবিক উদ্যোগ কমিউনিটিতে ইতিবাচক প্রভাব ফেলেছে।

নিউইয়র্ক স্টেট সিনেটের পক্ষ থেকে প্রাপ্ত এই সম্মাননা তাঁর সমাজসেবামূলক কর্মকাণ্ডকে আরও অনুপ্রাণিত ও গতিশীল করবে বলে সংশ্লিষ্টরা মনে করছেন।



বাংলাদেশ সোসাইটির ইফতার ও ক্বেরাত প্রতিযোগিতা





শেষ পৃষ্ঠায় পর দিয়ে সংগঠনটির জন্য এক নতুন অধ্যায়ের সূচনা হয়। দীর্ঘ ৫০ বছরের অপেক্ষার অবসান ঘটিয়ে এটাই সংগঠনটির প্রথম সরকারি অনুদান। গত ১ মার্চ রোববার সোসাইটি আয়োজিত ইফতার মাহফিলে কুইন্স থেকে নির্বাচিত স্টেট অ্যাসেম্বলিমেম্বার জেনিফার রাজকুমার আনুষ্ঠানিকভাবে এই চেক হস্তান্তর করেন। বিপুল করতালির মধ্য দিয়ে চেক হস্তান্তরের সময় নিউইয়র্ক স্টেট পার্লামেন্টে প্রথম দক্ষিণ এশীয় নারী হিসেবে নির্বাচিত জেনিফার রাজকুমার প্রবাসী বাংলাদেশিদের প্রশংসা করে বলেন, বিশ্বের রাজধানীখ্যাত নিউইয়র্ক সিটিতে বাংলাদেশিদের সর্ববৃহৎ সংগঠন হিসেবে বাংলাদেশ সোসাইটি বরাবরই কল্যাণমূলক কাজে সক্রিয় ভূমিকা রাখছে। সেই অনুপ্রেরণা থেকেই তিনি স্টেট অ্যাসেম্বলি থেকে এই উল্লেখযোগ্য অনুদান সংগ্রহ করতে সক্ষম হয়েছেন। ভারতীয় বংশোদ্ভূত এই আমেরিকান আইনপ্রণেতা সংগঠনের সকল কর্মকর্তাকে ধন্যবাদ জানান।

তার বক্তব্যে তিনি বিশেষভাবে সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম ও সাধারণ সম্পাদক মোহাম্মদ আলীর নাম উল্লেখ করেন। এ সময় নিউইয়র্ক স্টেট সিনেটের সদস্য জন ল্যু মঞ্চে এসে প্রবাসী বাংলাদেশিদের মানবকল্যাণমূলক কর্মকাণ্ডের প্রশংসা করেন এবং গভীর কৃতজ্ঞতা প্রকাশ করেন। অনুষ্ঠানে কমিউনিটির পক্ষ থেকে কৃতজ্ঞতা জানান কুইন্স ডেমোক্র্যাটিক পার্টির ডিস্ট্রিক্ট লিডার অ্যাট-লার্জ অ্যাটর্নি মঈন চৌধুরী।

কুইন্সের জয়া পার্টি হলে আয়োজিত এই ইফতার মাহফিলে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি আতাউর রহমান সেলিম এবং সঞ্চালনা করেন সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী। সর্বস্তরের প্রবাসীদের প্রতিনিধিত্বকারী ব্যক্তিবর্গের বিপুল সমাগম ঘটে। চেক হস্তান্তর অনুষ্ঠানে হোস্ট সংগঠনের কর্মকর্তাদের পাশাপাশি উপস্থিত ছিলেন ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান শাহ নেওয়াজ, আবাসন ব্যবসায়ী ও সমাজকর্মী নুরুল আজিম, বিশিষ্ট ব্যবসায়ী তোফায়েল চৌধুরী লিটন, স্টেট অ্যাসেম্বলির আসন্ন নির্বাচনে ডেমোক্র্যাটিক পার্টির মনোনয়নপ্রত্যাশী জে মোল্লা সানী, মো. শামসুল হকসহ আরও অনেকে। এটি ছিল নিউইয়র্ক সিটির বাংলাদেশি অধ্যুষিত এলাকায় বাংলাদেশ সোসাইটির ইফতার আয়োজনের প্রথম দিনের কর্মসূচি।

অনুষ্ঠান উপলক্ষে প্রবাস প্রজন্মের অংশগ্রহণে পবিত্র কোরআন তেলাওয়াত প্রতিযোগিতার আয়োজন করা হয় এবং বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। ক্বেরাত প্রতিযোগিতায় নেতৃত্ব দেন জ্যামাইকা মুসলিম সেন্টারের ইমাম মাওলানা আবু জাফর বেগ। অনুষ্ঠান পরিচালনা করেন মাওলানা শহীদুল্লাহ। বিভিন্ন বয়সী নতুন প্রজন্মের অংশগ্রহণে ক্বেরাত প্রতিযোগিতা ছিল বাংলাদেশ সোসাইটির একটি প্রশংসিত উদ্যোগ।

সমগ্র ইফতার মাহফিল ধর্মীয় ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে সম্পন্ন হয়। আয়োজক কমিটির আহ্বায়ক মো. কামরুজ্জামান কামরুল এবং সদস্য-সচিব অনিক রাজ সকলের প্রতি কৃতজ্ঞতা জানান।

এ সময় কার্যকরী কমিটির সদস্য জাহাঙ্গির শহীদ সোহরাওয়ার্দী সকলকে আগামী ৯ মার্চ জ্যামাইকায় ইকরা পার্টি হলে, ১১ মার্চ ব্রঙ্কসে গোল্ডেন প্যালেসে এবং ১৩ মার্চ ব্রুকলিনে রাধুনি রেস্টুরেন্টে আয়োজিত ইফতার মাহফিলে সপরিবারে অংশগ্রহণের আমন্ত্রণ জানান।

দোয়া ও ইফতার মাহফিল সফলভাবে সম্পন্ন করতে মো. কামরুজ্জামান কামরুলকে আহ্বায়ক, মোহাম্মদ হাসান জিলানীকে যুগ্ম আহ্বায়ক, অনিক রাজকে সদস্য-সচিব, আবুল কাশেম চৌধুরীকে যুগ্ম সদস্য-সচিব, ডিউক খানকে প্রধান সমন্বয়কারী এবং হাসান খানকে সমন্বয়কারী করে একটি উপ-কমিটি গঠন করা হয়।

ইফতার মাহফিলে আরো উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ডের সদস্য আজিমুর রহমান বোরহান, আহসান হাবিব, কাজী আজহারুল হক মিলন, আক্তার হোসেন, ফখরুল ইসলাম দেলোয়ার, ডা. ইনামুল হক, আতোয়ারুল আলম, নাঈম টুটুল, বাংলাদেশ সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক রুহুল আমিন সিদ্দিকী, মাইনুল উদ্দিন মাহবুব, আমিনুল ইসলাম চৌধুরী, সাবেক সভাপতি ডা. ওয়াদুদ ভুইয়া, সাবেক সভাপতি আব্দুর রব মিয়া, আজমল হোসেন কুনু, মাহমুদ চৌধুরী, নজরুল ইসলাম, মনিরুল ইসলাম, ফারুক হোসেন মজুমদার, বাবুল চৌধুরী, মোহাম্মদ জামান তপন, সাইফুল ইসলাম, খন্দকার ফরহাদ, সরওয়ার খান বাবু, সাবেক সাধারণ সম্পাদক মোহাম্মদ হোসেন খান, সাবেক সাধারণ সম্পাদক জয়নাল আবেদীন, সাবেক সাধারণ সম্পাদক আব্দুর রহিম হাওলাদার, সাবেক কোষাধ্যক্ষ নওশাদ হোসেন, বিশিষ্ট ব্যবসায়ী আবুল ফজল দিদারুল ইসলাম, আলী ইমাম শিকদার, কম্যুনিটি এক্টিভিস্ট আব্দুল খালেক, মূলধারার রাজনীতিবিদ এন মজুমদার, একেএম রফিকুল ইসলাম ডালিম, নাঈমা খান, সোহেল গাজী, আমিন খান জাকির, মামুন মিয়াজি, মোবারক হোসেন, ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশনের প্রেসিডেন্ট মোহাম্মদ আলম, গোলাপগঞ্জ সোসাইটির সভাপতি এবাদ চৌধুরী, বিশিষ্ট ব্যবসায়ী নূরুল আজিম, সাবেক কর্মকর্তা সৈয়দ এম কে জামান, বাংলাদেশ সোসাইটির সিনিয়র সহ সভাপতি মহিউদ্দিন দেওয়ান, সহ সভাপতি কামরুজ্জামান কামরুল, সহ সাধারণ সম্পাদক আবুল কালাম ভুইয়া, কোষাধ্যক্ষ মফিজুল ইসলাম ভূইয়া রুমি, প্রচার সম্পাদক রিজু মোহাম্মদ, স্কুল বিষয়ক সম্পাদক হাসান জিলানী, সাংস্কৃতিক সম্পাদক মোস্তফা অনিক রাজ, ধর্ম বিষয়ক সম্পাদক জামিল আনসারি, কার্যকরি সদস্য এ বি সিদ্দিক পাটোয়ারি, সাবেক কর্মকর্তা কাজী তোফায়েল ইসলাম, জাহাঙ্গীর সরওয়ার্দি, সদস্য সাবেক সহ সভাপতি ওয়াসি চৌধুরী, আবুল কাশেম চৌধুরী, প্রধান সমন্বয়কারী ডিউক খান, হাসান খান, মোহাম্মদ আক্তার বাবুল, কম্যুনিটি এক্টিভিস্ট আব্দুস শহীদ, ওয়াহেদ কাজী এলিন, জালালাবাদ এসোসিয়েশনের সভাপতি বদরুল হোসেন খান, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রোকন হাকিম, বৃহত্তর কুমিল্লা সমিতির সভাপতি ইউনুস সরকার, নবাবগঞ্জ এসোসিয়েশনের সভাপতি গোলাম এন হায়দার মুকুট, সৈয়দ এনায়েত আলী, আব্দুর রহমান বাবু, সেলিম ইব্রাহিম, নার্গিস আহমেদ, রায়হান তাজ, প্রমি তাজ, নীরা রাব্বানী, বিশিষ্ট ব্যবসায়ী বিলাল চৌধুরী, বিশিষ্ট ব্যবসায়ী আকিব হোসাইন, মিসবাহ আহমদ, বিশিষ্ট ব্যবসায়ী তোফায়েল চৌধুরী লিটন, মোহাম্মদ আসাদুজ্জামান, সাবেক কর্মকর্তা কাজী শাখাওয়াত হোসেন আজম, নওশাদ হোসেন, শাহ শহীদুল হক, মিলন মোল্লা, হেলাল মিয়া, কাজী আজিজুল হক, রুমানা আহমেদ, সাবেক কর্মকর্তা সালামত উল্যাহ প্রমুখ।











বাংলাদেশ অ্যাসেম্বলি অব ইউএসএ'র ইফতারে মিলনমেলা





শেষ পৃষ্ঠায় পর

জ্যামাইকার একটি রেস্টুরেন্টের পার্টি হলে আয়োজিত এই অনুষ্ঠানে উল্লেখযোগ্য সংখ্যক বাংলাদেশি আমেরিকান অংশ নেন।

ইফতার ও দোয়া মাহফিলে সংগঠনের নেতৃবৃন্দ, কমিউনিটির বিশিষ্টজন এবং ধর্মপ্রাণ মুসল্লিরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও ব্যবসায়িক ব্যক্তিত্ব সংগঠনটির কার্যক্রমের প্রশংসা করেন এবং ভবিষ্যতে আরও বৃহৎ পরিসরে কমিউনিটির সেবায় কাজ করার আহ্বান জানান।

বিশেষ মোনাজাত পরিচালনা করেন সংগঠনের দপ্তর সম্পাদক আতিকুর রহমান রফিক। মোনাজাতে বিশ্ব মুসলিম উম্মাহর শান্তি, বাংলাদেশের অগ্রগতি এবং প্রবাসী বাংলাদেশিদের কল্যাণ কামনা করা হয়। দোয়া শেষে আমন্ত্রিত অতিথিরা একসঙ্গে ইফতার করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি শামীম হাসান। উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে তিনি বলেন, আমরা চাই ঐক্যবদ্ধভাবে, ভ্রাতৃত্ববোধ বজায় রেখে আমাদের কমিউনিটিকে এগিয়ে নিয়ে যেতে চাই। সাধারণ সম্পাদক মুহাম্মদ ইসলাম কলিম বলেন, রমজান আমাকে ধৈর্য ধরতে ও পরিশুদ্ধ হতে শিক্ষা দেয়। আমাদের উদ্দেশ্য হলো প্রবাসীদের বাঙালিদের ঐক্যবদ্ধ রাখা।

এ সময় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া জিলা সমিতি ইউএস ইনকের সভাপতি মো. ফারুক ইকবাল, সাধারণ সম্পাদক সাদেক রহমানসহ আরও অনেকে।

সংগঠনের ধর্ম বিষয়ক সম্পাদক শাহাদাৎ হোসেনের পরিচালনায় এতে আরও উপস্থিত ছিলেন, সংগঠনের যুগ্ম সম্পাদক জয়নাল আবেদীন, আইন বিষয়ক সম্পাদক এ.কে. এম.হক (খোকন), সমাজকল্যাণ সম্পাদক বেলায়েত হোসেন, যুগ্ম সম্পাদক মিয়া ফয়েজ আহমেদ, কোষাধ্যক্ষ নুরুল ইসলাম, তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক মো:আতিক উল্লাহ, প্রচার সম্পাদক জলি আহমেদ, কার্যকরী সদস্য কাজী আশিকুজ্জামান, কবির হোসেন, সোহানুর রহমান সোহান, আব্দুল মান্নান, হযরত আলী, কাউসার আহমেদ, আশরাফ ভূঁইয়া, পারভেজ, শাহ্ মো:কাশেম আলী ও আব্দুল মালেক, হাবিবুর রহমানসহ প্রমুখ।-- প্রেস বিজ্ঞপ্তি









অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ
পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো
Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট
তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

FSR
Multiservices Inc

মাল্টিসার্ভিস অফিস



বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য
আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূর্ণ মুদ্রণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- গ্রীনকার্ড পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- রেটাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বাৎসরিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

Tel (917)-776-1235 646-461-0919

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

GRAND OPENING!
JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911



Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট
অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য



আপনাদের সেবায়

ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)

আমরা বাংলায় কথা বলি

REQUEST A FREE CONSULTATION
718-760-5500

HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (স্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get 25% Discount
sign up by 4th July

Admission going on
K-6 & Common Core Regents Classes

Congratulations to all our Students who made into Specialized High School

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : 347-657-0530, 917-561-1090

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : 718-507-2113, 917-561-1090

Quality Education Is Our Priority!

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএস (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকা যে কোন স্থানে বাংলায় নুতনভাবে বিনিয়োগে যাবার Treaty (E-2) ভিসার অধীনে এদেশে বসবাস করার সুযোগ পেতে পারেন এবং পাশাপাশি গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

মাত্র ১ মিলিয়ন বা নূন্যতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বিদ্যমান এদেশে আপনার বিনিয়োগের অর্থ অত্যন্ত আমানতের সাথে পাচার করতে পারেন।

দেশে কোন প্রোপার্টীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার ৎ ভিসার সুবিধা নিয়ে পড়ান এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এমাইলাসহ সর্বপ্রকার ক্রিমেল এস্টেট ক্লোজিং, পার্টনারশিপ ইনকর্পো, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিপারাশাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klplic@gmail.com, Web: www.k-lplic.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস
(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)



একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।

Authorized e-file PROVIDER

Electronic Filing & Direct Deposit 2021 For Accurate Faster & Secure Refund

প্রফেশনাল করস্পন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজ্যুমি
দক্ষতার সাথে রেজ্যুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিস্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিস্ট্রেশন

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।

অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা। শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা

"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিধিসম্মত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা

যোগাযোগ করুন ঃ **এম এ কাইয়ূম**
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩,৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

Wasi Choudhury & Associates LLC

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

SERVICES
- Represent Taxpayers for I.R.S./ State Audit
- Tax Preparation:
  Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- Accounting:
  Payroll, Sales Tax, etc.
- Business Licenses
- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

IRS e-file IRS AUTHORIZED E-FILE PROVIDER

Wasi Choudhury, EA
